77·1978



প্রেসিডেন্সী কলেজ পত্রিকা ১৯৭৭-৭৮



প্রেসিডেন্সী কলেজ পত্রিকা

কর্মসচিব
পারমিতা বন্দ্যোপাধ্যায়

সম্পাদক
সুগত বসু
গৌতম বসু

পরিদর্শক
অধ্যাপক হীরেন চক্রবর্তী

প্রচ্ছদপট ও নামপত্র

তপতী গুহঠাকুরতা

অধ্যক্ষ, প্রেসিডেন্সি কলেজ, কলকাতা কর্তৃক প্রকাশিত ও শ্রীসুরজিৎচন্দ্র দাস কর্তৃক জেনারেল প্রিন্টার্স এ্যান্ড পাব্লিশার্স প্রাইভেট লিমিটেড, ১১৯, লেনিন সরণি, কলকাতা-৭০০ ০১৩ থেকে মুদ্রিত।

Foreword

The *Presidency College Magazine* (1978) has come out late. For this there are several reasons, The sluggishness of the printers because of strike and load-shedding has been mainly responsible for the delay. Efforts at acceleration were hampered by one of the editors; he did not submit his editorial in time in spite of several reminders and thus withheld publication which was already lagging behind the normal time-schedule. We sincerely apologise for the delay.

The *Presidency College Magazine* has a distinctive character of its own and is not just a routine publication. Throughout its long and distinguished career it has received thought-provoking articles from past and present students. In keeping with that tradition this issue, too, contains a number of writings of a high standard and abiding interest. Some may be of a controversial nature, but these no doubt represent the honestly expressed opinions of the writers, although everyone need not agree with them.

I would like to draw the attention of all concerned to an important point. Because of the abnormal rise in the cost of publication and the limited funds at our disposal, it is, I fear, simply not possible to publish the Magazine every year. The cost for this issue has been met out of the last two years' funds. The Magazine will have to be published in alternate years unless the students' contribution to the fund is raised or government subsidy received.

Thanks are due to Dr. H. N. Chakraborty, Professor-in-charge of the Magazine, for the time and energy he has ungrudgingly devoted to this number. Students who have helped with the publication and contributors to the Magazine also deserve our sincerest thanks.

B. S. BASAK
Principal,
Presidency College,
Calcutta.

Foreword

The Presidency College Magazine (1978) has come out late. For this there are several reasons. The sluggishness of the printers because of strike and load-shedding has been mainly responsible for the delay. Efforts at acceleration were hampered by one of the editors; he did not submit his editorial in time in spite of several reminders and thus withheld publication which was already lagging behind the normal time-schedule. We sincerely apologise for the delay.

The Presidency College Magazine has a distinctive character of its own and is not just a routine publication. Throughout its long and distinguished career it has received thought-provoking articles from past and present students. In keeping with that tradition this issue, too, contains a number of writings of a high standard and abiding interest. Some may be of a controversial nature, but these no doubt represent the honestly expressed opinions of the writers, although everyone need not agree with them.

I would like to draw the attention of all concerned to an important point. Because of the abnormal rise in the cost of publication and the limited funds at our disposal, it is, I fear, simply not possible to publish the Magazine every year. The cost for this issue has been met out of the last two years' funds. The Magazine will have to be published in alternate years unless the students' contribution to the fund is raised or government subsidy received.

Thanks are due to Dr. H. N. Chakraborty, Professor-in-charge of the Magazine, for the time and energy he has unstintingly devoted to this number. Students who have helped with the publication and contributors to the Magazine also deserve our sincerest thanks.

B. S. BASAK
Principal,
Presidency College,
Calcutta.

সূ | চী | প | ত্র

অভিভাষণ	১	রবীন্দ্রনাথ ঠাকুর
অধ্যাপক স্টার্লিং	৭	হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়
প্রসঙ্গঃ বিজ্ঞজনের উৎপীড়ন	১১	দীপেন্দু চক্রবর্তী
কী পাইনি তারি হিসাব মিলাতে	১৬	সুমন চট্টোপাধ্যায়
স্বস্তি নেই	২২	সুনীল চট্টোপাধ্যায়
স্মৃতিঃ চুয়ান্ন-পঞ্চান্ন	২৪	শক্তি চট্টোপাধ্যায়
মৃত বন্ধুর জন্য	২৫	শঙ্খ ঘোষ
যন্ত্রণা নেই	২৬	শৌভিক মজুমদার
আত্মঘাতী বনস্থলীর গান	২৭	সোমেশলাল মুখোপাধ্যায়
কথা ছিল	২৯	মণিকুন্তলা মুখোপাধ্যায়
নবজন্ম	৩০	নন্দিনী বসু
পলাতক	৩৩	ভবানীপ্রসন্ন চক্রবর্তী
'মালিনী'ঃ পুনর্মূল্যায়ন	৩৭	তপোব্রত ঘোষ
টাইপরাইটারে প্রেমপত্র বনাম কমল মাহাতোর গান	৪৭	তথাগত চক্রবর্তী
প্রকাশনা-সচিবের কথা	৫২	পারমিতা বন্দ্যোপাধ্যায়
সম্পাদকীয়	৫৪	গৌতম বসু

CONTENTS

The Story of a Street	1	Tapati Guha Thakurta
Two Poems	4	Asadul Iqbal Latif
Focus on Eurocommunism	5	Sujit Basu
Human Rights and the International Power Game	10	Rahul Choudhuri
A Middle-class Approach to Poverty : Pride and Prejudice	15	Sudipto Dasgupta
Albert Einstein	18	Amal Raychaudhuri
A Ball, a Ship, a Clock, ... and a Star	21	Sumit Ranjan Das
Conrad and Colonialism : *Heart of Darkness*	27	Supriya Choudhuri
Politics and Politicians	33	Faiyaz Ahmed
The Presidencians of Today : A Statistical Profile	35	
News from the Departments	40	
College News	49	Sugata Bose
Editorial	50	Sugata Bose

CONTENTS

The Story of a Street	1	Tapat Guha Thakurta
Two Poems	4	Arabul Iqbal Laiff
Poets on Eurocommunism	5	Sunil Basu
Human Rights and the		
Uncombdonal Power Game	10	Rahul Choudhuri
A Middle-class Upbringing		
Pride and Prejudice	15	Sudeep Dasgupta
Albert Einstein	18	Amal Ravichandran
A Ball, a Ship, a Clock, and a Star	21	Sunil Ranjan Das
Conrad and Economism		
Heart of Darkness	27	Sumita Choudhuri
Politics and Public-ness	33	Fairuz Ahmed
The Presidentiums of Today :		
A Statistical Profile	35	
News from the Department	40	
College News	40	Sabyasachi Basu
Editorial	50	Sugata Bose

রবীন্দ্রনাথের অভিভাষণ
প্রেসিডেন্সি কলেজে

আজ থেকে অর্ধশতাব্দীরও আগে রবীন্দ্রনাথ ঠাকুর ছাত্র-ইউনিয়নের আমন্ত্রণে প্রেসিডেন্সি কলেজ ছাত্রদের উদ্দেশে ভাষণ দিতে এসেছিলেন। সেদিন ছিল বুধবার, ১০ই সেপ্টেম্বর, ১৯২৪ সাল। বিকেল সাড়ে চারটেয় কবির পৌঁছনর কথা। নির্ধারিত সময়ের ঘণ্টাখানেক আগে থেকেই কলেজের ফিজিক্স থিয়েটার লোকে লোকারণ্য। চারটে বেজে চল্লিশ মিনিটে সমবেত দর্শকের করতালিধ্বনির মধ্যে কবি প্রবেশ করলেন। পরনে তাঁর রেশমী জোব্বা, অপূর্ব রাজকীয় চেহারা। প্রথমেই কবিকে ও কলেজ-অধ্যক্ষ মিঃ স্টেপ্লটন্‌কে মাল্যভূষিত করা হল। শ্রীসুশীল দে-র কণ্ঠে 'বন্দে মাতরম' গানের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্বোধন হল। ইউনিয়ন-সম্পাদক শ্রীসুরেশচন্দ্র রায় ছাত্রদের পক্ষ থেকে কবিকে স্বাগত জানালেন। তারপর, অধ্যক্ষ মহাশয় কবিকে ভাষণ দিতে আহ্বান করলেন। বিপুল হর্ষধ্বনির মধ্যে রবীন্দ্রনাথ তাঁর বক্তৃতা শুরু করলেন।

অভিভাষণ

রবীন্দ্রনাথ ঠাকুর

তরুণের অভিনন্দন মনে শক্তি সঞ্চার করে, হৃদয়কে উন্মুক্ত করে দেয়। আজকের এই ছাত্রসভার অধিবেশনে আসা কতকটা সেই জন্যে। পাশ্চাত্যের যে সকল দেশে আমি গেছি, সেই সেই সকল জায়গায় বিশ্ববিদ্যালয়ের যুবক-ছাত্রদের প্রীতিলাভ করবার সৌভাগ্য আমার হয়েছিল। বহুদিন পূর্বে আমেরিকায় স্বাজাত্যাভিমান সম্বন্ধে আমার মত যখন ব্যক্ত করেছিলাম তখন সে সকল কথা সকলের প্রিয় হয় নি, অনেক বাদ প্রতিবাদ অনেক সংশয় সকলকে বিক্ষুব্ধ করে তুলেছিল। কিন্তু উৎসাহ পেয়েছিলাম তরুণের কাছে। বস্টনে আমার

কোন একটা বক্তৃতা পাঠের পরে একটি ছাত্র এসে আমাকে বলেছিল "আপনার কথা আমাদের হৃদয়কে স্পর্শ করেছে, আমাদের কর্তব্য কী বলে দিন।" গতবারে ইউরোপ ভ্রমণ করবার সময়ে বার্লিন, স্ট্রাসবুর্গ প্রভৃতি বিশ্ব-বিদ্যালয়ে ছাত্রসমাজের নিকট এইরূপ একটা প্রাণের সাড়া পেয়েছি। তখন আমার নিজের প্রাণের তরুণকে অনুভব করেছি, তা নইলে আমার কথা এদের আকর্ষণ করতে পারত না—এদের প্রাণের সুরে সুর মিলতে পারত না!

আমি যখন তোমাদের বয়সী ছিলাম তখন কলকাতায় ছাত্রসমাজের সঙ্গে আমার ঘনিষ্ঠ যোগ ছিল। মনে পড়ে তখনকার তরুণের দলের সঙ্গে আমার কাব্যরচনা সম্বন্ধে আলাপ আলোচনার কথা! মধ্যে একটা বিচ্ছেদ ঘটেছিল। তখন আমাদের দেশে একটা জরার হাওয়া যুবকদের চিত্তকে অধিকার করেছিল। যে সুর যৌবনের জয়গানে ধ্বনিত হয়ে ওঠে সে সুর অন্তরের বেদনায়, মৃত গৌরবের অনুভূতিতে চাপা পড়ে গিয়েছিল।

কিন্তু এটা একটা সাময়িক মোহ ছাড়া ত আর কিছু হতে পারে না। বাংলার দৃপ্ত তরুণ প্রাণ যে অনু-করণকে অস্বীকার করে এসেছে, জীবনের মাহাত্ম্য জীবনের স্বপ্রকাশ জ্যোতিকে আচ্ছন্ন হতে দেয় নি, এদেশের ইতিহাসই তার সাক্ষ্য দেয়। ভারতবর্ষের কোনও প্রদেশে এই জিনিসটি সম্ভব হয় নি। উদাহরণস্বরূপ দেখ, মাদ্রাজের দিকে লক্ষ্য করে! যে অতীতকাল আর চলছে না সেই প্রাচীন অতীত সুপ্রত্যক্ষ হয়ে তাদের জীবনকে আবৃত করে রয়েছে, তারা প্রাচীনের ব্যবধান ভেদ করে দেখতে চাইছে না। আমার মনে পড়ছে মাদ্রাজের এক চেটি একটা মন্দির তৈরী করবার জন্যে ৩৫ লক্ষ টাকা ব্যয় করেছিলেন। সেই মন্দির তৈরী হল একেবারে অতি প্রাচীন দেব-মন্দিরের যথার্থ অনুকরণে। নতুন জিনিস ভাববার সাহস তাদের নেই, তারা সব পুরাতনের অন্ধকারে নিজেদের ডুবিয়ে রেখেছে।

কিন্তু সৌভাগ্যবশত বাংলায় এমনটা হতে পারে নি। এই নদীমাতৃক দেশের পলি-মাটি প্রাচীন কীর্তিচিহ্ন-গুলি ঢেকে ফেলে দিয়েছে। এখানে বৎসর বৎসর নিত্যনূতন ফসল ফলে যা কালের বিচারে জীবনের ক্ষেতে কোন রকম সার যোগায় না, তা বসুন্ধরার অন্ধকার ভাণ্ডারে পরিত্যক্ত ও নিমগ্ন হয়ে রয়েছে। নবীনের জয় পতাকা নিয়ে যারা অগ্রসর হয়, তাদের পথ রোধ করব না, জীবনের কলস্রোতকে আবদ্ধ করব না—বাংলার মাটিই এই কথা বলছে! বাংলার নদী বয়ে চলেছে সাগরের পানে, জীবনের ভগ্নাবশেষগুলিকে ভেঙে চুরে ভাসিয়ে নিয়ে!

নূতনকে বরণ করে নেবার মত এই যে একটা সাহস নূতন ভাবকে গ্রহণ করবার এই যে একটা শক্তি, এতে করে হয়ত ক্ষতি হয়েছে কিন্তু ক্ষতির চেয়ে লাভ হয়েছে ঢের বেশী। যেখানে মানুষের বুদ্ধি ও তর্ক নূতনকে যাচাই করে নেবার চেষ্টা করে, সেখানে নূতনের স্রোতের মুখে বাধা পড়ে বটে, কিন্তু তাতে ভয়ের কারণ নেই। কিন্তু যেখানে মানুষের অভ্যাসের জড়তা সজীব সত্যকে বাধা দেয় সেইখানেই মানুষের সবচেয়ে বেশী দুর্ভাগ্য।

বাংলার তরুণ প্রাণকে জীবনের এই অন্ধ জড়ত্ব কখনও আড়ষ্ট করতে পারে নি। বাংলার ধর্মবিপ্লবের ইতিহাসে এই সত্যটা বিশেষভাবে পরিস্ফুট হয়েছে; বাংলার সঙ্গীতে, চিত্রকলায়, ভাস্কর্যে, সাহিত্যে এর আভাস আমরা পাই। এইখানে বৌদ্ধ ধর্ম একটা বিশেষ গৌড়ীয় ভাব নিয়ে প্রকাশিত হয়েছে। আর একটা বিশেষ জিনিস এই সঙ্গে মনে পড়ে। ধর হিন্দুস্থানী সঙ্গীতের কথা। বাংলাদেশ এই হিন্দুস্থানী গানকে আমল দিতে পারে নি—যে গান শেখবার জন্যে আমাদের ওস্তাদ আনতে নানারকম কসরৎ করতে হয়, সাধনা করতে হয়। কিন্তু সেটা আমরা গ্রহণ করতে পারি নি কারণ আমাদের জীবনের স্রোতের সঙ্গে সেটা মেলে না। বহুশতাব্দী পূর্বে আকবরের সভায় তানসেনের গান যেরকম করে সকলকে মুগ্ধ করেছিল, আমাদের ঠিক সেই রকম ভাবে মুগ্ধ করতে পারেনি। সঙ্গীতের কারুকার্য ও কলাকৌশল সম্বন্ধে আমাদের দৈন্য আছে বটে এবং হিন্দুস্থানী গান শোনার মধ্যে আমরা সেই দৈন্য দৈনিক উপলব্ধি করি বটে কিন্তু বাংলা হিন্দুস্থানী গানের অনুকরণ করলো

না। বাংলার নিজস্ব সংগীত উচ্ছ্বসিত হলো—তার কীর্তনে। হিন্দুস্থানী সংগীতের তাল মান ও নানা-রূপ বাদ্যযন্ত্রগুলিকে বাংলা দেশ গতানুগতিকভাবে নিতে পারলে না। নানারকম তাল নানারকম নাম নিয়ে এসে উপস্থিত হলো। তাদের সংগে ভদ্রতালের কোন সম্পর্কই রইল না। বাংলা দেশ খোল, পাক্‌ওয়াজের সৃষ্টি করলে, ওগুলোকে কেউ অসাধু বললে না। বাংলার জনসাধারণ সেই গানে মেতে গেল, নেচে কেঁদে হেসে লুটোপুটি খেলে। এটা কত বড় কথা। এমন ধারা অন্য কোন দেশে হয়নি। হাজার বছরের চিরাগত প্রথাকে বাংলা দেশ জায়গা ছেড়ে দিলে না, মানুষের সজীব চেষ্টাকে সার্থক করে তুললে। বাংলা সাহস করে বললে আমার গান আমি গাইব।

সাহিত্যেও এই একই জিনিস ধরা পড়ে। ভাবে, ভাষায়, ছন্দে বাংলার বৈষ্ণবকাব্য আপনার নিজস্ব ধারা খুঁজে নিলে, অন্য কোনো প্রদেশের সাহিত্যে এমনটা ত চোখে পড়ে না। হিন্দী সাহিত্যের কাব্যকলাতেও গভীরতা আছে, নৈপুণ্য আছে, সেটা প্রথা ও নিয়মের বন্ধনে আবদ্ধ। কিন্তু বৈষ্ণব কবি কোন প্রকার বাধা মানলেন না, প্রচলিত শব্দ ভেংগে চুরে, প্রচলিত ছন্দ অগ্রাহ্য করে বৈষ্ণব কবির ভাবধারা উচ্ছ্বসিত হয়ে উঠলো। তাই বলছি বাংলাদেশ অন্য দেশের মূল্য-বান জিনিসকে যাচাই করে গ্রহণ করবে, কিন্তু তার অন্ধ অনুকরণ বাংলা করবে না। কিছুকাল ধরে একটা অন্ধ মোহের আওতায় হয়ত অনুকরণ করতে পারে, কিন্তু বাংলায় সে জিনিস টিঁকবে না। বাহিরের জিনিসকে বাংলাদেশ তার জীবনের কলধ্বনির সংগে সুর বেঁধে নিয়ে ব্যবহার করবে, নচেৎ সেসব কিছুতেই টিঁকবে না। আমাদের দেশে সৌখীন লোকেরা গোয়ালিয়র প্রভৃতি জায়গা থেকে গায়ক এদেশে আনিয়েছিলেন, কিন্তু তাঁদের সুর আমাদের হৃদয়ের অন্তঃপুরে স্থান পায় না। বাউল সে স্থান পেয়েছিল, কীর্তনে সারাদেশ ভেসে গিয়েছিল। এসব জানা কথা।

কিন্তু বাংলার যৌবন জরাসন্ধের পাষাণ কারাগারে বন্দী হয়ে রয়েছে। আজ যদি কোন শ্রীকৃষ্ণের আবির্ভাব হয় তাহলে সে পাথরের প্রাচীর ধূলিসাৎ হয়ে যাবে। যেদিন প্রাচীনের ভ্রূকুটী তোমাদের মুখে প্রকাশ পেল সেদিন থেকে তোমাদের সংগে মেলামেশা করতে আমার ভয় হতে লাগলো। আমার গান তোমাদের হৃদয়ে সাড়া পেল না। আমি তোমাদের কাছ থেকে সরে দাঁড়ালাম। এখনো মনের কথা বলবার ভয় ঘোচে নি। সকল প্রকার reaction-এর মুখে, বিদ্রোহের মুখে নানারকম জিনিস ভেসে আসে। শুধু রাষ্ট্রীয় কারণ ছাড়া অন্য নানারূপ কারণও এ সকলের পেছনে কাজ করে। কিন্তু এ মোহটা সাময়িক—ওটা এখন কেটে এসেছে।

কিন্তু ভারতের কাছ থেকে জগতের অন্যান্য দেশ যা পাবার আশা করে তা বিশ্বজনীন একটা কিছু। চীনে ও জাপানে যে আমি নিমন্ত্রণ পেয়েছিলাম তার মূলে এই জিনিসটা রয়েছে। মানুষের মধ্যে এমন একটা জিনিস আছে যেটা লাভ করবার জন্য উকীল নিযুক্ত করতে হয় না। তার মধ্যে বলপূর্বক অধিকার করা নেই, লাভলোকসান কোন কিছু নেই। কিন্তু এ কথা শুনে আমার দেশের অনেকে একটা ক্রূর হাসি হেসেছিলেন। তাঁরা বলেছিলেন ইনি বিশ্ব নিয়েই আছেন; ক্রমে "বিশ্ব" শব্দটা উচ্চারণ করা আমার দায় হয়ে উঠেছে। তারপর "উপনিষদ" ও "ভুমা" এ দুটি কথাও ব্যবহার করা আমার পক্ষে দুষ্কর হয়ে উঠেছে। কিন্তু বিশ্বের জায়গায় যদি বলি Humanity, ভুমার জায়গায় যদি বলি Infinite তা হলে ত লোকে হাসে না। আজ যদি উপনিষদের ঋষি যাজ্ঞবল্ক্য এদেশে আসতেন তাহলে কীরূপ আদর পাবেন সে বেশ বোঝা যায়।

আজ যে আমি বিদেশ যাচ্ছি সেটা আমাদের রাষ্ট্রীয় দৈন্যের ফটোগ্রাফ করিয়ে তাদের সহানুভূতি অর্জন করবার জন্য নয়, আমাদের দেশের লোকের পিঠে কটা হাড় বেরিয়েছে, কটা চাবুকের দাগ বসে গেছে তা বলবার জন্য নয়। দারুণ দীনতার দিনে মানুষের অন্তরের ঐশ্বর্য সব চেয়ে বড় করে দেখা যায়। জগতের এই দুর্দিনে ভারত তার এই ঐশ্বর্য জগতের সামনে তুলে ধরবে। ভারত এক অমূল্য সম্পত্তির অধিকারী।

ভারতের যা বলবার আছে সেটা সত্য ও চিরন্তন, তার সঙ্গে সকল দেশের, সকল মানুষের একটা যোগ আছে এবং সেইজন্যই চীন, জাপান প্রভৃতি দেশে আমার মুখে ভারতের বাণী শুনে সকলে আনন্দলাভ করেছে। এই সঙ্গে সুইডেনের একটি ঘটনার কথা মনে পড়ছে। আপনারা জানেন সুইডেনের লোকেরা খুব aristocratic. ঐ দেশের একজন লোক আমায় বলেছিলেন—"আমরা সকলে বিদেশী বড় লোকের প্রতি হে চৈ করে সম্মান প্রদর্শন করি না। তোমাকে যে একটা বিশেষ সম্বর্ধনা করেছি, এইটে বিশেষ ভাবে মনে করে নিয়ে যেও।" আমি বললাম—"আমি কী লিখেছি না লিখেছি, তা ত তোমরা কেউই জান না; যা লিখেছি তা বাংলায় লিখেছি এবং আমার দেশের লোকের কাছে আমার লেখার মূল্য নিরূপণ করতে গেলে যে একটা সদুত্তর পাবে তা নয়।" কিন্তু আসল কথা এই যে, সেখানে আমি নিজের কথা বলি নি। ভারতের চিরন্তন সত্যের বাণী আমি তাঁদের শোনাবার চেষ্টা করেছিলেম।

যে মানুষ সকলকে আপনার মত জানে, সে সত্যকে জানে—স পশ্যতি। এটা একটা sentiment নয় ভাবুকতা নয়। এটা জ্ঞানের কথা, বুদ্ধির কথা। মানুষের সত্য কোথায়, তাকে সত্যরূপে দেখব কোথায়?—যেখানে সকলের সঙ্গে তার একান্ত আন্তরিক ঐক্য আছে। এই ঐক্যের কথা খুব জোরের সঙ্গে আমাদের ভারতই বলেছে।

এই সত্যের অপলাপে পৃথিবীতে বিরোধ বিপ্লব উঠেছে। মানুষের সঙ্গে মানুষের সম্বন্ধে যেখানে বাধা পড়েছে সেইখানেই বিদ্রোহ। আজকের দিনে পাশ্চাত্যে সকল দুর্দশার একমাত্র কারণ—শান্তির অভাব। সমস্ত জাত পাশাপাশি দাঁড়াল, এইটাই ঐতিহাসিক তথ্য; কিন্তু অন্তরের সাড়া পেল না, সত্য পাওয়া গেল না—সকলেই চেষ্টা করলে কে কাকে দাসত্বে জর্জর করে তুলবে, কে কাকে ঠকাবে, ফাঁকি দেবে। সারা বিশ্ব অশান্তিতে ভরে গেল। এই উৎকট patriotism বা nationalism বিধাতা কখনই জয়যুক্ত করতে পারেন না। সত্যের অপলাপ হতে দেবেন না তিনি। মানুষের সহিত মানুষের যে সত্য সম্বন্ধ সে সত্য সম্বন্ধকে স্বীকার করবার জন্য মানুষ আদিম কাল থেকে অগ্রসর হয়ে চলেছে। যেখানে সে সম্বন্ধ স্বীকার করা হয়নি সেখানে লোভ, ক্রোধ, অবজ্ঞা, অবমাননা—সেখানে দুর্গতির সীমা নেই।

ভারতে অনেক বিভিন্ন জাতি এসে মিলেছে, কী করে তারা সব ঐক্যলাভ করবে সেইটাই ভারতের সাধনা। আর যতক্ষণ না এই ঐক্য লাভ করতে পারবে ততক্ষণ কোন চেষ্টাই সফল হবে না। এই ঐক্যের সম্বন্ধ শুধু প্রয়োজনের সম্বন্ধ হলে তা টিঁকবে না, সেটা সত্য সম্বন্ধ হওয়া চাই।

আমাদের জাতীয় দুর্দশার মূলে রয়েছে এই সত্য সম্বন্ধের অভাব। মালয় দ্বীপে দেখছি সেইখানকার ভারতীয় মাদ্রাজী কুলী কিরূপ দুর্দশার মধ্যে পড়ে রয়েছে। তারা পুরুষানুক্রমে কুলিবৃত্তি করছে, তাদের অপমানের অন্ত নেই। এর কারণ তাদের মধ্যে কোন সত্য ঐক্য নেই। কুলীর সর্দারগণই স্বদেশবাসীর রক্ত শুষে নিচ্ছে। তারা যে ৭০/৮০ সেণ্ট পায় তা থেকে কুলীর সর্দার অধিকাংশই শোষণ করে নেয়। উদ্বৃত্ত যা কিছু থাকে তাতে তাদের সন্তানগণ শিক্ষা লাভ করতে পারে না, শুধু কায়ক্লেশে বেঁচে থাকে। কাজে-কাজেই চিরকাল কুলীবৃত্তি করা ছাড়া তাদের আর কোন উপায় নেই। কিন্তু ক্যান্টন থেকে যে-সমস্ত চীনে কুলী সেখানে কাজ করতে যায় তাদের মধ্যে পরস্পরের ঐক্য আছে। তারা পরস্পরকে সাহায্য করে, তাতে তাদের আত্মসম্মান বজায় থাকে, এবং আর্থিক লাভও যথেষ্ট হয়। সকলে বলে থাকেন, আমাদের দেশ দরিদ্র, পীড়িত, জীবনীশক্তিহীন—তার কারণ অনেকে বলেন যে আমাদের জমির উর্বরতা কমে গেছে, আমাদের দেশ ম্যালেরিয়ায় আচ্ছন্ন হয়ে রয়েছে, পল্লীর জল সরবরাহের কোন বন্দোবস্ত নেই, কিন্তু কেউ বলেন না যে আমাদের মধ্যে একটা দারুণ অনৈক্য এই সকল দুর্দশার একমাত্র কারণ। আমি জানি যখন বোলপুরের এপারে আগুন লেগেছিল, তখন ওপারের লোকেরা নিজেদের ঘড়া সামলাচ্ছিল পাছে তাদের ঘড়া নিয়ে অপরে আগুন নেবাবার জন্য জল দেয়। এত-

দূর বিচ্ছেদ! আমাদের দেশের লোক সম্মিলিত হয়ে দুঃখ দূর করতে পারে না। আর একটা ঘটনার কথা বলি। একবার আমরাই একটা রাস্তা তৈরী করে দিয়েছিলাম, বর্ষার সময় দু-হাত রাস্তা ভেঙ্গে গিয়েছিল। আমরা নিকটবর্তী গ্রামের লোকেদের বললাম "তোমরা হাত লাগিয়ে ওই একটুখানি জায়গা সেরে নাও"। উত্তরে তারা বললে, "তা আমরা পারব না। আমরা রাস্তা সারিয়ে দেবো, আর কুণ্ঠের লোকেরা ওর উপর দিয়ে গাড়ী চালিয়ে যাবে।" তারপর একটা আত্মসম্মানের অভাব বিশেষভাবে চোখে পড়ে। ধরুন লর্ড কিচেনারের মত একজন বীরপুরুষ আমাদের দেশে জন্মেছেন। একমাত্র আমাদের দেশেই এটা সম্ভব হয় যে, অত বড় লোকের সম্বন্ধে কোন অপমানকর কথা বলতে লোক সাহস করে এবং সে কথা শুনে লোক খুসী হয়। সম্ভব অসম্ভবের কথা ভাবে না, তাঁর কার্যকলাপ ও কীর্তির কথা নিমেষে ভুলে যায়। আত্মসম্মানের কতবড় অভাব। ইংলণ্ডে এরকম কথা যদি কেউ মুখে আনে, লোকে ছিঁড়ে ফেলবে। এরকম হয় কেন? এর কারণ, যে প্রীতির উপর মানুষের ঐক্য নির্ভর করে সেই প্রীতির অভাব। মানুষের প্রতি মানুষের প্রাণের টান তো দূরের কথা, জ্ঞান-বুদ্ধির যে সম্বন্ধ তাও সত্য হয় না!

ইউরোপের সাহিত্যের মস্ত একটা শিক্ষা এই যে, তার মধ্যে সমস্ত মানবের ঐক্য খোঁজবার একটা প্রচেষ্টা দেখা যায়। জার্মানি, ইংলণ্ড প্রভৃতি দেশের পণ্ডিতগণ জগতের কত সভ্য অসভ্য জাতির ভাষা নিয়ে সমস্ত জীবন ব্যয় করে ফেলছেন। মানুষের জানবার যে একটা কৌতূহল সেটা সফল করে তোলবার জন্য তাঁরা সাধনা করছেন। জ্ঞানের দিক দিয়ে এ-বিষয়ে অপূর্ব লাভ করছেন তাঁরা! একদিন ইউরোপের লোকে আসিরিয়া, ব্যাবিলোনিয়া, ভারতবর্ষ, চীন প্রভৃতি দেশের প্রাচীন সভ্যতার কথা কিছুই জানতেন না। কিন্তু আজ তাঁরা জেনেছেন তাদের সঙ্গে নিজেদের কি এক মর্মগত নাড়ীর সম্বন্ধ রয়েছে।

মানুষের সঙ্গে মানুষের যে ঐক্য সেটা ধরা দিয়েছে মানুষের ভাষার ঐক্যের মধ্যে। বিভিন্ন দেশের রূপকথার মধ্যে তার পরিচয় পাই। যে primitive artist গুহার ভিতর ঘোড়া, গণ্ডার হরিণের ছবি এঁকেছিল, সেই artist-এর সঙ্গে যে আজকালকার কলাবিদের হৃদয়ের ও জ্ঞানের যোগ আছে, সেটাও অনুভব করা যায়। এইখানেই "ভুমা" কথাটা ব্যবহার করতে যাচ্ছিলাম, কিন্তু তা বলব না। মানুষের সঙ্গে মানুষের ঐক্যের যে একটা বিরাট ক্ষেত্র রয়েছে, জ্ঞানের দিক দিয়ে পাশ্চাত্য সেটাকে লাভ করেছে। ওদের পায়ের কাছে বসে সেটা আমাদের শিখতে হবে।

যারা এই ঐক্যকে স্বীকার করে নিয়েছে তারাই জ্ঞানেতে, অর্থেতে সত্যকে পেয়েছে। আর যারা বলছে আমরা বিধাতার বিশিষ্ট সৃষ্টি, আমাদেরই সৃজনে ব্রহ্মা তাঁর সমস্ত ঐশ্বর্য নিঃশেষ করে দিয়েছেন—অন্য সকলে ম্লেচ্ছ—তারাই সত্য থেকে ভ্রষ্ট হয়েছে। যারা সত্যকে প্রাচীর তুলে ভাগ করে দেবার চেষ্টা করেছে, যারা বলেছে আমাদের জন্ম অন্যত্র অতএব তোমরা আমাদের সঙ্গে মিলতে পারবে না, তোমরা তোমাদের পথে চল, আমাদের সঙ্গে তোমাদের কোনও যোগ থাকতে পারে না, তারাই মরেছে! আমাদের দুর্গতির মূলে রয়েছে এই উৎকট ভেদবুদ্ধি—সমাজে, রাষ্ট্রে, সর্বত্রই আত্ম এবং পর এই বোধটাকেই আমরা উগ্র করে তুলেছি। যতক্ষণ না আমরা এই ঐক্যকে অন্তরের মধ্যে উপলব্ধি করতে পারব ততক্ষণ আমাদের দুর্গতি যাবে না এইটাই আমার দৃঢ় বিশ্বাস।

বক্তৃতা শেষে মুগ্ধ শ্রোতৃবৃন্দ কবিকে অভিনন্দিত করলেন। 'জনগণমন-অধিনায়ক' সঙ্গীতের মধ্য দিয়ে সন্ধ্যা সওয়া ছ'টা নাগাদ সেদিনের অনুষ্ঠান সমাপ্ত হল।

প্রেসিডেন্সি কলেজে রবীন্দ্রনাথের আগমন সম্পর্কে তথ্য পেয়েছি প্রেসিডেন্সি কলেজ পত্রিকার পুরনো সংখ্যা থেকেঃ Binayaka Banerjee, "Rabindranath in Presidency College," *The Presidency College Magazine*, Vol. XI, No. 1, Sept. 1924, pp. 65-67; S. C R. (Suresh Chandra Ray), "Reports," *The Presidency College Magazine*, Vol XI, No. 2, Dec. 1924, pp. 169-70.

—সুগত বসু

১৯২৪-এর সেপ্টেম্বরে বিদেশযাত্রার কয়েকদিন আগে প্রেসিডেন্সি কলেজ ইউনিয়ন-কর্তৃক আয়োজিত অভিনন্দন-সভায় রবীন্দ্রনাথের এই বক্তৃতার অনুলিপি প্রথম প্রকাশিত হয় 'সংহতি' কাগজে, ভাদ্র ১৩৩১; ঐ বছরের ১৫ই আশ্বিনের 'আত্মশক্তি' পত্রিকায় এটি পুনর্মুদ্রিত হয়। বিস্মৃত 'আত্মশক্তি' থেকে একে উদ্ধার করেছেন সুগত বসু, এ বছরের কলেজ পত্রিকার অন্যতম সম্পাদক। অন্য সব কিছু অবিকল রেখে উদ্ধৃত এই অভিভাষণের বানানমাত্র আধুনিক করা হলো।

এই অভিভাষণের সামান্য একাংশ পরে ছাপা হয়েছিল রবীন্দ্রনাথের 'সংগীত' নামক গ্রন্থে। দ্রষ্টব্য ঃ রবীন্দ্র-রচনাবলী (পশ্চিমবঙ্গ সরকার প্রকাশিত জন্মশতবার্ষিক সংস্করণ), চতুর্দশ খণ্ড, পৃষ্ঠা ১০০৪—৫।

রবীন্দ্রনাথের গন্তব্য ছিল পেরু; উপলক্ষ্য সেখানকার স্বাধীনতার শতবার্ষিক উৎসব। ভগ্নস্বাস্থ্যের জন্য তাঁকে শেষ পর্যন্ত আর্জেন্টিনার বুয়েন্স্ এয়ারিস্-এ শ্রীমতী ভিক্টোরিয়া (বিজয়া) ওকাম্পোর আশ্রয় নিতে হয়।

রবীন্দ্রনাথের এই অসমাপ্ত বিদেশযাত্রার ফল 'পশ্চিম-যাত্রীর ডায়ারী' ও 'পূরবী'।

—হীরেন চক্রবর্তী

অধ্যাপক স্টর্লিং

হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়

এখন যারা পড়ছে তাদের হয়তো বুঝতে একটু সময় লাগবে, কিন্তু প্রাক্তন ছাত্র আমরা সবাই জানি প্রেসিডেন্সি কলেজের মায়া কাটানো কত কঠিন। তাই কলেজ পত্রিকার তরফ থেকে লেখার আহ্বান পেয়ে খুশী হয়েছি—আর বিশেষ করে খুশী হয়েছি এজন্য যে পত্রিকার ভারপ্রাপ্ত অধ্যাপক মহাশয় চেয়েছেন অধ্যাপক স্টর্লিং সম্বন্ধে একটি লেখা। একেবারে বিদেশী হয়েও আমাদের এই কলেজের মায়ায় অধ্যাপক স্টর্লিং-ও যে বাঁধা পড়েছিলেন, তার জাজ্বল্যমান প্রমাণ মিলল যখন জানা গেল যে, মৃত্যুর পর সম্পত্তির একাংশ তিনি দান করে গেছেন কলেজকে। আজকের ছাত্র-অধ্যাপক সকলের কাছে সম্পূর্ণ বিস্মৃত এক বিদেশীর এই বদান্যতা প্রায় একটা বিস্ময়কর ঘটনা—বিশেষ করে বর্তমানের পরিস্থিতিতে, যখন সম্ভবত বিদ্যায়তন বিষয়ে আবেগ বলে একটা বস্তু বড়ো একটা দেখা যায় না। স্টর্লিং সাহেবকে খুব একটা কল্পনা-প্রবণ ব্যক্তি বলে কেউ আমরা মনে করতাম না। কিন্তু তিনিই দেখিয়ে দিয়ে গেলেন যে স্বদেশ থেকে বহু-দূরাবস্থিত এই বিদ্যাপীঠ তাঁর মনের আকাশকে অনেকটা ভরে রেখেছিল। ১৯২৭ সালে যে কলেজ ছেড়ে যান সেই কলেজের কল্যাণকল্পে সত্তরের দশকে মৃত্যুকালে তিনি সঞ্চিত সম্পদের কিয়দংশ সমর্পণ করে গেলেন। এ-ধরনের সামান্য কিন্তু অর্থবহ ঘটনার জোরেই বোধ হয় মানুষের ওপর আস্থা বজায় রাখা সহজ হয়।

আজকাল প্রায়ই শোনা যায় যে, শিক্ষক-ছাত্র সম্পর্কের মধ্যে এখন কেমন যেন বিকৃতি এসে গেছে। পরস্পরের মধ্যে যে যোগসূত্র স্বাভাবিক মনে হয় তা যেন প্রায় ছিন্ন, দুই পুরুষ-এর মধ্যে রয়েছে বিপুল ব্যবধান। অনেক সময় অবশ্য ব্যক্তিগত অভিজ্ঞতা এই ধারণাকে সমর্থন দেয় না, কিন্তু কথাটি বহুল-প্রচলিত এবং মাঝে মাঝে এমন ঘটনারও খবর আসে যা থেকে মনে হয় যে, এ-ব্যাপারে অস্বস্তির কারণ যথেষ্ট আছে। যাই হোক, প্রেসিডেন্সি কলেজের ছাত্রদের প্রতি মমতা অধ্যাপক স্টর্লিং জীবনের শেষ পর্যন্ত অনুভব করে গেছেন। নইলে ছাত্র কল্যাণের উদ্দেশ্যে আমাদের দেশের হিসাবে বেশ মোটা টাকা এই কলেজকে দেবার নির্দেশ রেখে যেতেন না। আমার মতো দু'একজন ছাত্রকেও তিনি এভাবে স্মরণ করে গেছেন—যদিও তাঁর স্নেহ সম্বন্ধে নিজেরাই অচেতন থেকেছি। বহু বৎসর ধরে প্রায় কোনো সম্পর্কই তাঁর সঙ্গে রাখি নি।

প্রেসিডেন্সি কলেজে আমার কালে (১৯২২-২৮) অধ্যাপক-মণ্ডলীতে 'সাহেব'—একেবারে আনকোরা শ্বেতাঙ্গ সাহেব—কয়েকজন ছিলেন, যাঁদের অন্যতম ইংরেজির অধ্যাপক টি· এস· স্টর্লিং। অধ্যক্ষ প্রথম দিকে ছিলেন জে· আর· ব্যারো, যাঁর সম্বন্ধে ছাত্রমহলে একটা ভীতির ভাব ছিল। যদিও মানুষ হিসাবে হয় তো তিনি একেবারেই খারাপ ছিলেন না, তবে আমাদের স্বদেশী কানে ব্যারো সাহেবের ইংরেজি

সহজে বোধগম্য হত না বলে পালিয়ে বেড়ানোটাই শ্রেয় বলে বিবেচিত হত। ইংরেজি বিভাগে ছিলেন জে· ডব্লু· হোম্ সাহেব, যাঁর কাছে আমি কখনও পড়িনি। তৃতীয় বার্ষিক শ্রেণীতে পড়ার সময় তখনকার অধ্যক্ষ স্টেপ্‌ল্‌টন-এর খেয়াল-মাফিক টিউটোরিয়াল কিছু-কাল করিয়েছিলেন পদার্থবিজ্ঞানের অধ্যাপক হ্যারিসন্ সাহেব, যাঁর সঙ্গে কিছুটা বাৎচিৎ করে ইংরেজি ঝালিয়ে নেবার একটু সুযোগ হয়তো হয়েছিল। খাস ইংরেজি অধ্যাপক শুধু স্টর্লিং সাহেবেরই ক্লাসে আমরা একেবারে প্রথম বার্ষিক শ্রেণীতে মোটামুটি জড়োসড়ো অবস্থায় কয়েক মাস পড়েছিলাম। ব্যক্তি-গতভাবে তাঁর সঙ্গে আমার বেশি যোগাযোগ ঘটে অনেক-দিন বাদে, যখন আমি পঞ্চম বার্ষিক শ্রেণীতে। আর বিশ্ববিদ্যালয়ের তক্‌মা একটু বেশি জ্বল্‌জ্বলে হওয়ায় বন্ধুরা ঠেলেঠুলে একেবারে অনিচ্ছুক আমাকে বানিয়েছিল কলেজ ইউনিয়নের সেক্রেটারি। এবং স্টর্লিং সাহেব তখন অধ্যক্ষ এবং ইউনিয়নের সভাপতি। ১৯২৭-২৮ সালেই আঠারো বছর কাজের পর এবং তখনও অবসরের বয়স না হলেও, স্টর্লিং দেশে চলে যান—নিজে বিয়ে-থা করেন নি, সম্ভবত বৃদ্ধা মা-কে একা না রাখার জন্যই চলে যান। এটা আন্দাজ করছি, কারণ স্টর্লিং-এর কাছে তার মার কথা তখন এবং পরেও কিছু শুনেছি। মাতৃভক্ত ছিলেন বলেই আমার বিশ্বাস।

আমাদের অধ্যাপকদের মধ্যে তখন বেশ কয়েকজন ছিলেন যাঁদের দিক্‌পাল বললে একটুও বাড়াবাড়ি করা হয় না। প্রফুল্লচন্দ্র ঘোষ, কুরুভিলা জ্যাকারিয়া—নাম উল্লেখ করে যাওয়ার দরকার নেই। আর তখনকার শিক্ষকদের বলতে গেলে তো কথা শেষ করা যাবে না। সুতরাং সেদিকে না গিয়ে স্টর্লিং সাহেব সম্বন্ধেই কয়েকটা কথা বলা ভালো। আমি নিজে ইংরেজি ভাষা ও সাহিত্যের ছাত্র ছিলাম না কখনও, তাই জোর করে কিছু বলা উচিত হবে না—তবু এটা হয় তো ঠিক যে স্টর্লিং কলেজে অধ্যাপকরূপে যে দারুণ খ্যাতিমান ছিলেন তা বলা যায় না। আমরা ঢুকেই কিছুকাল তাঁর ক্লাশ করে কিন্তু কিছুটা আনন্দ পেয়েছিলাম—মনে হয়েছিল সাহেব আমুদে লোক, দেখলাম এক নম্বর ঘরের বিরাট জানলায় হঠাৎ একটা কাক এসে চিৎকার শুরু করায় অধ্যাপক মহাশয় টেবিলের খড়িটি দু'টুকরো করে একের-পর-আর ছুঁড়ে কাকটাকে তাড়ালেন এবং সবাই আমরা 'হো হো' করে হাস্‌লাম। তিনি পড়াতেন 'বাইব্‌ল্' থেকে সংকলন, 'Sermon on the Mount' বিষয়ে তাঁর পড়া এবং ব্যাখ্যা শুনলাম—বেশ মনে আছে একবার যখন পড়াচ্ছিলেন যে, যীশুখ্রীষ্ট একদল জেলেকে মাছ ধরতে দেখে বললেন তোমরা কাজ ছেড়ে আমার সঙ্গে চলে এসো আর তারা যীশুর সঙ্গ নিল, সঙ্গে সঙ্গে স্টর্লিং আমাদের বোঝালেন যে, মহাত্মা গান্ধীর ক্ষেত্রেও দেখা যাবে ব্যক্তিত্বের এমনি মাদকতা, তাঁর ডাক শুনে অনেকে সর্বস্ব ছেড়ে দেশের কাজে নেমেছে! একটু আশ্চর্য হয়েছিলাম সাহেবের মুখে একথা শুনে, কারণ এ দেশের স্বাধীনতা সংগ্রামে কোনো সহানুভূতি প্রত্যাশা করি নি এবং যতদূর জানি স্টর্লিং সাধারণ ভদ্র ইংরেজের মতো সাম্রাজ্য ব্যাপারে ব্রিটিশের উৎকর্ষ এবং ভারতীয়-দের দুর্বলতা বিষয়ে সুনিশ্চিত ছিলেন। রাজনীতি ব্যাপারে আগ্রহ হয় তো একেবারে ছিল না আর থাকলেও একটু-আধটু 'লিবারল্' মনোভাবের ঊর্ধে তা উঠতো না। এ সত্ত্বেও গান্ধী সম্বন্ধে স্টর্লিং-এর কথাগুলো বেশ মনে আছে—বিশেষত এ কারণে যে, তখন আমি ছিলাম বেজায় গান্ধীভক্ত, কলেজের খাতায় 'নোট' না লিখে লিখতাম গান্ধীর নানা উক্তি যা মুখস্থ ছিল। (এখনও কিছু কিছু আছে!)

কলেজ জীবনের একেবারে প্রথম দিকে স্টর্লিং-এর ক্লাশে একটা মজার ব্যাপার ঘটল। ক্লাশ শেষ হওয়ার ঘণ্টা পড়ার সঙ্গে-সঙ্গে প্রায় ইস্কুলের কায়দায় সবাই দাঁড়িয়ে বেরোবার রাস্তার দিকে ঠেলে যাবার ভাব দেখাতে অধ্যাপক মহাশয় সজোরে হাঁক-ডাক দিয়ে উঠলেন, অঙ্গভঙ্গী করে বোঝাবার চেষ্টা করলেন যে, বুঝি ভয়ঙ্কর অঘটন একটা কিছু ঘটেছে বলে সবাই উত্তেজিত এবং স্বয়ং সাহেব-অধ্যাপককে এমন চেহারায় দেখে সবাই যখন একটু থম্‌কে স্তব্ধ হয়ে দাঁড়িয়েছে, তখন হেসে বললেনঃ 'তোমরা কে এখুনি ছুটে ট্যাক্সি

ধরতে চাইছ, বল তো আগে? নইলে এ হৈ-চৈ কেন'? —এমন ভাবে বললেন যে হাসির আড়ালে অপ্রসন্নতা অদৃশ্য হয়ে গেল, সবাই বুঝল অধ্যাপক শৃঙ্খলা চান তো বটেই, কিন্তু তা নিয়ে জবরদস্তি পছন্দ করেন না।

কলেজ ইউনিয়ন-এর কাজে স্টর্লিং সাহেবকে খুব কাছ থেকে জানার সুযোগ পেয়েছিলাম—কি জানি কেন, আমার ওপর তাঁর কিছুটা স্নেহের ভাবও লক্ষ্য করতে পেরেছিলাম। হয় তো পরীক্ষায় আমার কৃতিত্ব খানিকটা আকৃষ্ট করেছিল। তখন ইউনিয়নের কোষাধ্যক্ষ (পরে কলেজ প্রিন্সিপাল) মনীষী অধ্যাপক ভূপতিমোহন সেন কিংবা ছাত্রদরদী অধ্যাপক সুরেন্দ্রচন্দ্র মজুমদার-এর মতো সহকর্মীদের কাছ থেকে আমার সম্বন্ধে ভাল কথা শুনে সাহেবের মন এমনিই ভিজে এসেছিল। কোনো-কালে ইংরিজি 'মিডিয়াম' স্কুলে না গিয়েও ইংরিজি উচ্চারণটা কিছু পরিমাণে সরেশ হওয়ায় হয়তো বা সাহেব একটু খুশীও হয়েছিলেন। হঠাৎ আবিষ্কার করা গেল যে, বিতর্কে আমার একটু কৃতিত্ব আছে, আর স্টর্লিং সাহেব উঠে পড়ে লাগলেন যাতে ইউনিয়ন 'ডিবেট'-এর খবর তখনকার সাহেবী কাগজগুলোয় বেরোয়, চেষ্টাও করলেন, তেমন সুবিধা হল না। ইউনিয়নের উদ্যোগে শারদোৎসব যখন হলো ইউ-নিভারসিটি ইন্‌স্টিটিউট্‌ হলে, স্টর্লিং এলেন একদল সাহেব-মেম বন্ধু নিয়ে। অকৃতদার পুরুষ, থাকতেন চৌরঙ্গীর ওপর ইউনাইটেড সার্ভিসেস ক্লাব-এ। বন্ধুরা সবাই সে-সন্ধ্যাটা বোধ হয় কাটালেন একটু হৈ-হৈ করে, ভূমিকা হলো কয়েকটা বাংলা গান শোনা আর 'বিসর্জন' নাটকের একটু অভিনয় দেখা। সে-অভিনয়ে ছিলেন প্রবোধেন্দুনাথ ঠাকুর, প্রতুলচন্দ্র গুপ্ত প্রভৃতি। রানীর সাজ ছিল চমৎকার, একেবারে খাঁটি সোনার চমকপ্রদ গহনা (ঠাকুরবাড়ী থেকে ধার করা) দেখে মেমসাহেবদের যুগপৎ হর্ষ ও ঈর্ষা লক্ষ্য করে স্টর্লিং পুলকিত, সাজঘরে গিয়ে দারুণ খুশী। ডাক-সাইটে কলেজের প্রিন্সিপাল হয়েও স্টর্লিং-এর ব্যবহারে কোনো দূরত্বের আতিশয্য থাকত না। কেম্ব্রিজ (যেখানকার ডিগ্রী ছিল তাঁর) আর কলকাতার শিক্ষাজীবনে তফাৎ অনেক—কিন্তু কিছু পরিমাণে প্রেসিডেন্সি কলেজকে আত্মীয় করে নিতে পেরেছিলেন স্টর্লিং। এ-কলেজ বিষয়ে একটা অহংকারও পোষণ করতেন, চাইতেন আমরাও *alma mater* নিয়ে গর্ব করি, বলতেন কখনও 'the' বসিয়ো না কলেজের নামের আগে, 'Presidency College' হল যথেষ্ট।

যখন অবসরকাল আসার বহু পূর্বে বিদায় নিলেন তখন ছাত্রদের পক্ষ থেকে যে অনুষ্ঠান হলো তা প্রকৃতই মুগ্ধ করেছিল তাঁকে। বিদায়ী অভিভাষণপত্রের প্রশংসায় শতমুখ হয়েছিলেন। পরে বলতেন তাঁর মা সেটি পড়ে খুবই আনন্দ পেয়েছেন, যত্ন করে দেশের বাড়ীতে সেটি বাঁধিয়ে রাখা হয়েছে। বহুদিন পরে অন্য বন্ধুর মুখে শুনেছি জানতে চাইতেন কে বা কারা রচনা করেছিল সেই বিদায়পত্রটি—কলেজ পত্রিকার তৎকালীন সম্পাদক হুমায়ুন কবির কিংবা কলেজ ইউনিয়নের সম্পাদক হীরেন মুখার্জি কিংবা কলেজ পত্রিকার প্রাক্তন সম্পাদক সুবোধচন্দ্র সেনগুপ্ত, কিংবা সবাই মিলে, কিংবা কীভাবে?

আমি নিজে প্রায় পাঁচ বৎসর ইংলণ্ডে থাকার সময় কিন্তু একবারও স্টর্লিং সাহেবের খোঁজ নিয়ে দেখা করতে যাইনি। পরে ভেবেছি এটা আমার অপরাধ—তিনি আমাকে স্নেহ করতেন সন্দেহ নেই, এমন একটি দারুণ সার্টিফিকেট আমাকে দেন যা দেখে কলেজের বড়োবাবু আমাকে বলেন যে, এরকমটি তো তাঁর অভিজ্ঞতায় কখনও দেখেন নি! কিন্তু থাকতাম অক্সফোর্ডে, কালেভদ্রে লণ্ডনে আসতাম, ছুটিতে যেতাম ইউরোপের অন্যত্র (একবার লম্বা ছুটিতে দেশেও গিয়েছিলাম)। তাই খবর নিয়ে কোথায় থাকেন জানার এবং তারপর যাওয়ার মেহনৎ কখনও স্বীকার করি নি। অনেক পরে আমি যখন পার্লামেণ্টের সদস্য, আমার সহপাঠী বন্ধু সুকুমার ভট্টাচার্যের কাছ থেকে স্টর্লিং সাহেবের খবর পাই। তিনি চিঠি লেখেন কয়েকবার, জবাব দিই। জানতে পারি তিনি বোধ হয় Poetry Society কিংবা ঐরকম একটা কোনো সংস্থার সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত। লণ্ডনের একটা নামজাদা ক্লাবেও নিয়মিত আস্তানা। চিঠির মারফৎ আবিষ্কার করলাম তাঁর মনের একটু খবর—আমি 'এম-পি' হওয়ায় সুখী,

কিন্তু রাজনীতি ব্যাপারে প্রায়-সম্পূর্ণ অজ্ঞতা ঢাকবার কোনো চেষ্টা নেই, আমার সাম্যবাদী প্রত্যয় নিয়ে কোনো প্রশ্ন নেই (যা জেগেছিল আমার পরম শ্রদ্ধেয় অধ্যাপক জ্যাকারিয়ার মনে)। আন্তর্জাতিক রাজনীতি ব্যাপারে একটা বাক্য চিঠিতে ব্যবহার করে দেখলাম যে, তিনি ঠিক বুঝলেন না—১৯৫২/৫৩ সালে ইংলণ্ডে যে মার্কিন মুলুকের "McCarthyism" এবং "100 percent Americanism" ধরনের বস্তু দেখা দেয় নি। কথাটার অর্থ না ধরতে পেরে কোন সভায় কী বলেছেন তার খবরও একবার লিখলেন আমাকে। বুঝলাম স্টর্লিং সাহেবের মনটা পড়ে আছে পুরনো যুগে, ক্লাবে মামুলী সব বনেদী কাগজপত্র একটু চোখ বুলিয়ে দেখেন শুধু। তবে প্রাক্-বিশ্বযুদ্ধ মানসিকতার গণ্ডীতেই নিশ্চিন্ত হয়ে আছেন। কয়েকবার লিখলেন চোখে অপারেশন করে তেমন সুবিধা হচ্ছে না, পড়া-শুনায় বাধা পড়ছে ইত্যাদি ঘরোয়া খবর—ঘর ছেড়ে বাইরে যে জগৎ তার সঙ্গে যোগাযোগ তেমন ছিল মনে হয় না।

কত বড় ভুল এটা বুঝলাম যখন জানা গেল তাঁর মৃত্যু হয়েছে এবং ইচ্ছাপত্রে কলেজকে মোটা টাকা দিয়ে গেছেন। ছাত্রদের কথাও শেষ পর্যন্ত তাঁর স্মরণে ছিল। ভাবতাম বুঝি যে সচরাচর যেমন হয়ে থাকে তেমনি এই ইংরাজটিও ছিলেন দ্বীপমণ্ডুক মন নিয়ে—জানতাম না যে ভারতবর্ষ এবং সেখানকার যে বিদ্যায়তনে জীবনের শ্রেষ্ঠ দিনগুলি কাটিয়েছেন তার সঙ্গে যোগসূত্র শেষদিন পর্যন্ত ছিন্ন হতে তিনি দেন নি। চরিত্রের কোথায় যেন একটা বিরাট দার্ঢ্য তাঁর ছিল, নইলে এমনটি ঘটতে পারে না। আর দেশে-দেশে, পুরুষে-পুরুষে যখন ব্যবধানের কথাই প্রকট হয়ে ওঠে তখন এই সাধারণ বিদেশী সুজনের ভারতবর্ষ বিষয়ে মমতা মুগ্ধ না করে পারে না।

বিলম্বে হলেও ভরসা করি প্রেসিডেন্সি কলেজ এই প্রাক্তন শিক্ষকের স্মৃতিতে যথাবিহিত মর্যাদা প্রদর্শনে পরাঙ্মুখ হবে না।

টি· এস্· স্টর্লিং, এম্· এ· (ক্যান্টাব্), ১৯০৯ সালে প্রেসিডেন্সি কলেজে ইংরেজির অধ্যাপক হিসেবে যোগদান করেন। ১৯২৬-২৭ সালে তিনি ছিলেন কলেজের অস্থায়ী অধ্যক্ষ। এই কলেজের প্রতি তাঁর অন্তরের টান ছিল, তাই ভারতবর্ষ ছেড়ে চলে যাওয়ার পরও তিনি প্রেসিডেন্সি কলেজের কথা ভুলতে পারেন নি। ১৯৩৯ সালের **প্রেসিডেন্সি কলেজ পত্রিকার** রজত জয়ন্তী সংখ্যায় 'A College Association and a College Hall' শীর্ষক প্রবন্ধে অধ্যাপক স্টর্লিং আমাদের সামনে এই কলেজ সম্পর্কে দু'টি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপিত করেন—"two matters which, in my opinion, vitally concern the future well-being of the College we all hold dear. The first is the formation of a Presidency College Association, membership of which would be open....to all past and present professors and students....The other matter....is that old outstanding question of a College Hall.... Some day....I hope once more to visit Presidency College, to renew my acquaintance with my old colleagues and students...I look formard to the day when I shall once more visit the scene of so many happy memories. When that day comes I hope that as a member of Presidency College Association I shall sit in Presidency College Hall." অধ্যাপক স্টর্লিং প্রেসিডেন্সি কলেজকে নিয়ে যেসব স্বপ্ন দেখেছিলেন, তার কিছু কিছু পরবর্তীকালে বাস্তবে রূপায়িত হয়েছে।

১৯৭৩ সালে আমাদের কাছে খবর আসে যে, অধ্যাপক স্টর্লিং তিন লক্ষেরও বেশি টাকা প্রেসিডেন্সি কলেজের অভাবী ছাত্র-ছাত্রীদের জন্য উইল করে রেখে গেছেন। এই তহবিল থেকে এখন প্রতি বছর তিরিশজন ছাত্র-ছাত্রীকে মাসিক চল্লিশ টাকা করে বৃত্তি দেওয়া হয়।

—স· ব·

[তথ্যঃ অধ্যাপক হীরেন চক্রবর্তীর সৌজন্যে]

প্রসঙ্গ ঃ বিজ্ঞজনের উৎপীড়ন

দীপেন্দু চক্রবর্তী

I hate any kind of tyranny, whether of words or deeds.

—Montaigne

"যাঁহারা অধিক লেখাপড়া জানেন, তাঁহারা প্রায়ই শান্তিপ্রিয় হইয়া উঠেন। ইংলণ্ডের বর্তমান প্রসিদ্ধ বিদ্বান ব্যক্তিরাই ইহার প্রমাণ। অধিক লেখাপড়া শিখিলে জগতের অনিষ্ট হয়, এটা সিদ্ধান্তবাক্য হইলে ইংলণ্ডে এতদিন লেখাপড়া চর্চা বন্ধ হইয়া যাইত সন্দেহ নাই। অধিক লেখাপড়া শিখিলে লোক যে শান্তিপ্রিয় হয়, আমাদিগের দেশের মুনি-ঋষিরা তাহার উদাহরণ। 'নমন্তি গুণিনোজনাঃ' এটি এদেশে প্রবাদবাক্য হইয়া উঠিয়াছে।" বিদ্বজ্জনের ওপর 'সোম প্রকাশ' পত্রিকার এই যে ভরসা তা শতাধিক বছর পরে আজকের এই চরম অশ্রদ্ধার দিনেও তামাদি হয়ে যায় নি। এখনও অধিকাংশের বিশ্বাস, অধ্যয়নই যাঁদের তপস্যা, অন্য কিছু নয়, তাঁরা কোনোরকম অনিষ্ট বা অশান্তির কারণ হতে পারেন না। জ্ঞানলাভের জন্য তাঁদের একমাত্র উপায় অবিরাম অধ্যয়ন; আর সেই জ্ঞান তাঁদের দেয় আত্মিক প্রশান্তি, যা জগতের অনিষ্ট সাধনের কোনোরকম প্রবৃত্তিকেই প্রশ্রয় দেয় না। 'সোম প্রকাশের' কথা সত্যি হলে বিজ্ঞজন তিনিই, যিনি বই ছাড়া অন্য কোনো বস্তুকে বা জীবকে আক্রমণ করেন না, করার সময়ও তাঁর নেই।

আজও যাঁরা জ্ঞান-তপস্বীর এই শান্তিপ্রিয় হিতৈষী ভাবমূর্তিটি প্রত্যহ পূজো করে চলেন, তাঁরা পূজারী বলেই আজও জানতে চান নি কী দিয়ে গড়া এই মূর্তিটি। যাঁরা জানতে চেয়েছেন তাঁরা অবশ্য টের পেয়েছেন যে, সরস্বতীর বরপুত্র মাত্রেই নির্বিরোধ শান্তিকামী সত্য-সন্ধানী নন, বরং আজকাল এক শ্রেণীর কৃতবিদ্যের সংখ্যা ক্রমেই বাড়ছে যাঁদের জ্ঞান-সাধনা নানান রকম উৎপীড়নের অস্ত্রমাত্র। রাজনৈতিক তাণ্ডবের মত এ উৎপীড়ন অবশ্যই স্থূল শারীরিক হামলার স্তরে নামে না (উচ্চশিক্ষায় বেত বা চাবুকের ব্যবহার নিষিদ্ধ, স্মরণীয়), এ হলো মানসিক প্রহার, intellectual aggression। উদ্দেশ্য, তাজা ও কাঁচা মনের সমস্ত ঔৎসুক্য ও জিজ্ঞাসাকে পিষ্ট করে আনুগত্য আদায় করা। অবশ্য স্থানকালপাত্র অনুসারে পদ্ধতিরও পার্থক্য ঘটে।

কেউ-কেউ মনে করেন প্রকৃত জ্ঞান হলো স্মৃতিশক্তির অনুশীলন। তাই ইণ্টারভিউ নেবার সময় অধ্যাপক প্রার্থীকেও তাঁরা কবিতা মুখস্থ বলার নির্দেশ দেন গম্ভীর মুখে। বাধ্য ছাত্রেরাও, তাই, যে-পণ্ডিত যত বড় উদ্ধৃতি গড়গড়িয়ে মুখস্থ বলতে পারেন তাঁকে তত বেশী প্রাজ্ঞ বলে ভুল করে। হয়তো এই বিদ্বত্তম ব্যক্তি যে উদ্ধৃতি দিচ্ছেন তা Hazlitt-এর 'On The Ignorance of the Learned' থেকে, যেখানে আছে, 'he who has the most of this technical memory, with the least turn for other things,

....will make the most forward school boy.' কিন্তু স্মৃতিরত্ন পণ্ডিতের খেয়ালই হয় না যে তাঁর উদ্ধৃতি তাঁকেই ব্যঙ্গ করছে; ছাত্রদেরও সাধারণত হয় না। পীড়িত বোধ করে শুধু সে, যে বুঝতে পারে এই জ্ঞানসাধনা শুধু গোগ্রাসে তথ্য ভক্ষণ করা, তলিয়ে দেখা বা যাচাই করা বা অনুভব করার কোনো সুযোগ এখানে নেই। ল্যাটিন আমেরিকার শিক্ষাবিদ Paulo Freire-এর উপমা প্রয়োগ করলে এ হলো শিক্ষার ব্যাংকিং তত্ত্ব, যেখানে ছাত্রেরা সম্পদ জমানোর লকার মাত্র, শুধু নিষ্ক্রিয়ভাবে 'সব কিছু' গ্রহণ করা যার কাজ, আর শিক্ষকের কাজ 'সব কিছু' এই লকারে এনে ফেলা, প্রয়োজনে যা অবিকল আগের অবস্থায় বের করে আনা সম্ভব। কিন্তু যে-মানুষ তার নিজস্ব সত্তাকে অন্যের সিন্দুকে রূপান্তরিত করতে নারাজ, তার কাছে এই স্মৃতিসর্বস্ব অধ্যয়ন একটা চরম মানসিক উৎপীড়নমাত্র।

কোনো-কোনো বুদ্ধিজীবী আবার শুধু স্মৃতি-শক্তিতে সন্তুষ্ট নন। তাঁদের সমরকৌশলে সব চেয়ে মোক্ষম অস্ত্র নম্বর—নম্বরে মিলায় বস্তু, তর্কে বহু দূর। জ্ঞানের নামে নম্বরের এই উৎপীড়ন চলছে ও চলবে, যতদিন না নম্বরের অতিরিক্ত কিছুর সন্ধান শুরু হয়। প্রখ্যাত পণ্ডিতেরাও এই নম্বরের মাপ-কাঠির অত্যাচার থেকে বাদ পড়েন না, যেমন অধ্যাপক তারকনাথ সেন। তাঁর মৃত্যুর পর 'দেশ' পত্রিকায় যে-সব চিঠি-পত্র বেরিয়েছিল তার উপজীব্য বিষয় ছিল অধ্যাপক সেনের পরীক্ষার নম্বর। একজন তো মার্ক-শীটের ট্রু-কপি পর্যন্ত ছাপিয়ে ছিলেন। এমন কি, রাধামোহন ভট্টাচার্যের মত বিদগ্ধ রসিক এই অবান্তর বিতর্কে যোগ দেন ('দেশ', ১লা আশ্বিন, ১৩৭৮)। তাঁর বক্তব্য ছিলো, কোনো এক পরীক্ষায় তারকনাথ সেনের চেয়ে ইংরেজিতে বেশী নম্বর পেয়েছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য সত্যেন্দ্রনাথ সেন। এই নম্বরের হিসেবে যে কী প্রমাণিত হলো, এমন প্রশ্ন তোলার ছেলেমানুষি অবশ্য এঁরা কেউ করেন নি। বিলেতে অবশ্য এরকম ছেলেমানুষি করার রেওয়াজ আছে। F. W. Bateson তাঁর *Essays in Critical Dissent* গ্রন্থে দেখিয়েছেন পরীক্ষার ফল আর প্রকৃত মেধার যোগসূত্র সেখানেও সর্বদা অবধারিত নয়। এখন, সাহেবদের আপাদমস্তক নকল করলেও আমরা এইরকম ওদের সব কিছুতে প্রশ্ন তোলার প্রবৃত্তির প্রশংসা করতে পারি না। এখানে বিখ্যাত সাহিত্যিককে নিয়ে মজা করা হয় এই বলে যে তিনি বাংলায় ফেল করেছিলেন, এবং সেই প্রবীণ সাহিত্যিকও উত্তেজিত হয়ে বাংলায় কত নম্বর পেয়েছিলেন তা ছাপিয়ে দেন! (দ্রষ্টব্যঃ পুরনো 'দেশ' পত্রিকার পাতায় প্রবোধ সান্যাল ও প্রেমেন্দ্র মিত্রের বিবাদ।) নম্বর অবশ্যই তুচ্ছ ব্যাপার নয়, তা নিয়ে U.G.C. বা Selection Board অবশ্যই মাথা ঘামাবে, কিন্তু তার বাইরেও যাঁদের মাথায় সর্বদা নম্বরের পোকা কিলবিল করে তাঁরা প্রায়ই একে-ওকে গুঁতো দিয়ে বসেন, এ অভিজ্ঞতা বিরল নয়।

নবতম উৎপীড়ন—নম্বরের অতিরিক্ত কিছুর দাবী এবং তা হলো প্রকাশিত গ্রন্থের সংখ্যা। U.G.C.-ও বলেছেন publish or perish। এই পর্বতপ্রমাণ প্রকাশনার প্রকৃত উদ্দেশ্য ও উপযোগিতা সম্বন্ধে অবশ্য বিজ্ঞজনেরা যে-উদাসীনতা অর্জন করেন, তা গীতা-কথিত কর্মফলে নিরাসক্তি স্মরণ করিয়ে দেয়।

তবে তাৎক্ষণিক জাগতিক পুরস্কারের সম্ভাবনা সব সময় থেকেই যায়, যে-কারণে প্রবীণ প্রাজ্ঞ ব্যক্তিও প্রতিপত্তিশালী যশস্বী পুরুষকে দিয়ে ভূমিকা লিখিয়ে নেন, কিংবা উৎসর্গ করেন কোনো মহান নেতা বা নেত্রীকে, এবং তাও এমন ভাষায় যা পড়ে উক্ত নেতা বা নেত্রী বুদ্ধিলোপ না হলে লজ্জা পাবেন। আত্ম-প্রতিষ্ঠার এই অতিবাস্তব রাস্তাটি তাঁদের ব্যক্তিগত ব্যাপার, সুতরাং আমাদের নাক গলানোর এমনিতে কোনো কারণ নেই। কিন্তু এইরকম 'প্রকাশনা'কে যদি প্রকৃত সত্যসন্ধানী গবেষণার লেবেল দিয়ে আমাদের ঘাড়ে চাপানো হয় তবে তা হয়ে ওঠে মর্মান্তিক উৎপীড়ন। অবশ্য এ-ব্যাপারে বিজ্ঞজনেরা সমর্থন ও সান্ত্বনা দুটোই পেতে পারেন বিদেশে, বিশেষ করে আমেরিকায়। কারণ সাহেবরাই এই রোগ ছড়িয়েছে, এই অপ্রয়োজনে কাগজ ও কালির খরচ বাড়ানোর রোগ। তবে ওদের যেহেতু সমালোচনার রাস্তাটাও খোলা থাকে

তাই বিরুদ্ধ কথাও শুনতে হয়। তাই E. M. W. Tillyard নির্ভয়ে বলতে পারেন, 'I sometimes think that the crude and brutal anti-intellectualism of the Nazi movement was partly due to the excesses of German academic production; to that soulless grinding out of mechanical theses that obscured the genuine nobility of a proportion of German scholarship'. এবং তিনি এও বলতে ছাড়েন না যে, যাঁর অবদান 'a stack of unreflective compilation'. ছাড়া আর কিছু নয়, তাঁর চেয়ে অনেক বেশী উপযুক্ত অধ্যাপক তিনি যিনি কিছু ছাপান নি অথচ চিন্তা করতে পারেন। তাঁর আশংকা Epictetus এই প্রকাশনা পাগল যুগে জন্মালে কোনো বিশ্ববিদ্যালয়েই চাকরি পেতেন না।

Muriel Spark-এর নাটক Doctors of Philosophy-তে আধুনিক পি· এইচ· ডি—মানসিকতার যে ব্যঙ্গচিত্র পাই তাতে ঘরের পরিচারিকা পর্যন্ত অতিথিদের সঙ্গে আলাপ করার সময় কে কোন বিষয়ে পি·এইচ·ডি· তা বলতে ভোলে না। একজনে বলে, I tell all my friends, I say 'They are Doctors of Philosophy, every one of them. They live such dignified lives, my dears. They have stately conversations with each other.' আমাদের এখানেও এরকম একটা পি· এইচ· ডি· কলোনি তৈরী হয়েছে, যেখানে ব্যক্তির পরিচয় সীমাবদ্ধ শুধু একটি গবেষণার বিষয়ে। এই কলোনিতে সর্বদা পড়ুয়ার প্রতিযোগিতা চলে। এমনকি ভয়ংকর দুর্ঘটনার মুহূর্তেও। Spark-এর নাটকে একটি চরিত্র আত্মহত্যার জবানীটুকুও লিখে যায় গ্রীক ভাষায়, যা অনুবাদ করে বুঝতে হয়; এবং যিনি অনুবাদ করেন তিনি অবশ্য ঐ সংকটেও তার ভুল সংশোধন করতে ভোলেন না।

চব্বিশ ঘণ্টা অপরের ভুল সংশোধন করার ব্যাপারে বোধ হয় এঁদের জুড়ি নেই। পুরনো সেই গল্পের ব্রাহ্মণ পণ্ডিতের মত এঁরা। শীতে অর্ধনগ্ন দেহে কষ্ট পাচ্ছেন দেখে তাঁকে রাজা জিজ্ঞাসা করেন (সংস্কৃতে), আপনার কি গরম কাপড় দরকার? ব্রাহ্মণের উত্তর, শীতে যতটা না কষ্ট হচ্ছে তার চেয়েও বেশী কষ্ট হচ্ছে আপনার অশুদ্ধ সংস্কৃত শুনে। বেঁচে থাকার সমস্যার চেয়েও যে ব্যাকরণের সমস্যা বেশী গুরুত্বপূর্ণ, এই উপলব্ধি বিজ্ঞ না হলে হয় না, দেখা যাচ্ছে। প্রায়ই দেখা যায় একটি ইংরেজি শব্দের বানান বা উচ্চারণ বা প্রয়োগ নিয়ে রাজায়-রাজায় মাসের পর মাস যুদ্ধ হচ্ছে। এরই ফলে স্টেট্স্‌ম্যান পত্রিকায় মাঝে-মাঝে চিঠি বের হয় article বা appropriate preposition-এর ভুল ধরে। কয়েক বছর আগে খোদ রাইটার্স বিল্ডিং-এ একটি শিক্ষা সংকটের আলোচনায় সাংবাদিকদের উপস্থিতিতেই 'May I say, sir?' না 'May I speak, sir?' কোন্‌টা শুদ্ধ ইংরেজি তা নিয়ে বহুক্ষণ তর্ক চলে দুই প্রবীণ মন্ত্রী ও শিক্ষাবিদের মধ্যে, শেষ পর্যন্ত লাইব্রেরী থেকে নেস্‌ফিল্ড সাহেবকে ধরে আনতে হয়। স্টেট্স্‌ম্যানের নাট্যসমালোচক কদিন আগে 'দেশ' পত্রিকায় প্রকাশিত একটি চিঠিতে একজন স্বনামধন্য বাঙালি অভিনেতা সম্বন্ধে অভিযোগ করেছেন যে, তিনি 'few' আর 'a few' এ দুয়ের পার্থক্য জানেন না। তবে বোধ হয় তাঁর অভিনয় এক্ষুনি বন্ধ করে দেওয়া উচিত।

স্পষ্টই বোঝা যায় এইসব বিজ্ঞজনেরা অনেক জ্ঞান অর্জন করেও যা অর্জন করতে পারেন নি তা হলো কাণ্ডজ্ঞান। Jaques মানুষের 'seven ages'-এর কথা বলেছেন; Erik Erikson বলেছেন 'eight ages'-এর কথা। এইসব বিজ্ঞজনের কিন্তু একটিই বয়স—দীর্ঘায়িত কৈশোর। তাই তাঁদের উৎপীড়নে মাঝে-মাঝে যন্ত্রণার বদলে মজা লাগে। গেটে না গ্যয়টে? ব্রেখ্‌ট না ব্রেষ্‌ট না ব্রেক্ষ্‌ট? কোনটা ঠিক সেই প্রশ্নকেই এঁরা সব চেয়ে বেশী গুরুত্ব দিয়ে থাকেন, অথচ সাহেবরা 'ঠাকুর' না বলে 'টেগোর' বলে যাচ্ছেন কোন অধিকারে সে কথা খেয়াল রাখেন না। কিন্তু আক্রমণকারী বিজ্ঞজনদের সবাই-ই অপ্রাপ্তবয়স্কতা থেকে ভোগেন না। কারণ প্রাপ্তবয়স্কের সমস্ত সূক্ষ্মতার

ভানও নজরে পড়ে অনেক ক্ষেত্রে। 'দেশ' পত্রিকায় 'রূপদর্শীর' কাছে খোলা চিঠিতে শিবনারায়ণ রায় যখন লেখেন, রাত্রে শুয়ে শুয়ে প্লেটোর সঙ্গে তর্ক করে তাঁর ঘুম হয় না, কিম্বা সুন্দরী রমণীর চেয়ে স্পিনোজার সঙ্গ তাঁর বেশী পছন্দ, তখন বুঝতে অসুবিধা হয় না এ হলো জ্ঞানচর্চার অতি আধুনিক প্রাপ্তবয়স্ক মার্কা আত্মবিজ্ঞাপন, যা ভাষায় ও ভঙ্গীতে আপাতদৃষ্টিতে জ্ঞানগর্ভ মন্তব্য বলেই মনে হয়। Spark-এর নাটকে আর একটি পরিচিত দৃশ্য পাই। একজন পি·এইচ·ডি-র বৈঠকখানায় অজস্র বই দেখে জনৈক পেশীবহুল অশিক্ষিত লরী-ড্রাইভার সবিস্ময়ে প্রশ্ন করেঃ Do they read them all? উত্তরে Mrs. D.: They don't use them for reading, they are educated people, they refer to them. অতিরঞ্জন নয়, অনেকেই এরকম বই সাজিয়ে রাখেন অতিথিকে ভয় পাইয়ে দেবার জন্য, কিম্বা আমরা যাকে বলি impress করার জন্য। 'impressive' না হয়ে উঠতে পারলে জ্ঞানীর স্বীকৃতি পাওয়া অসম্ভব। সাদাসিধে হাবভাবের বিদ্যাসাগরেরা এখন শুধু ইতিহাস। এই বিদ্যাসাগরদের মূর্তি শুধু তরুণেরাই ভাঙছে না, প্রতিষ্ঠিত বিজ্ঞজনেরাও ভেতরে-ভেতরে শিক্ষাবিদের এই মূর্তিটাকে ভেঙে ফেলেছেন।

আজ মানুষকে 'impress' করতে হয় বলেই বিজ্ঞজনেরা সনাতন শিক্ষাপদ্ধতি ও আধুনিক পাশ্চাত্য শিক্ষার যে দিকগুলি বিপজ্জনক তাই গ্রহণ করেছেন। ভেতরে ভেতরে তাঁরা রক্ষা করছেন সামন্ততান্ত্রিক রক্ষণশীলতা, ঘরে ও বাইরে; আর মন পড়ে থাকছে বিলিতি স্বীকৃতির দিকে। অধ্যাপক পি· সি· ঘোষের আমলে নাকি শিক্ষকেরা ছাত্রদের সঙ্গে ঘনিষ্ঠভাবে মেলামেশা করতেন; গ্রামের স্কুল-কলেজে এখনও তা আছে, নেই কলকাতার কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে। অথচ সাহেবরাও নাকি আজকাল ছাত্রদের সঙ্গে খুবই মাখামাখি করেন, শোনা যায়। বিলেত থেকে ফিরে বিদ্বান ব্যক্তিরা বরং এসব গল্প শোনাবেন, generation gap, বা alienation-এর ওপর বক্তৃতা দেবেন, কিন্তু কদাচিৎ বিলেতের এই অভিজ্ঞতাটুকু প্রয়োগ করার চেষ্টা করে থাকেন। তাই অবাক হয়ে Edward Shils লিখেছিলেন *Encounter* কাগজে যে, ভারতীয় শিক্ষক সমাজে, 'there is, in any case, no tradition to invite a student home for a meal or tea. Neither teacher nor student would be at ease in such a situation, neither would have pleasure in the other's company' বরং যে অধ্যাপক ছাত্রদের সঙ্গে ঘনিষ্ঠভাবে মেশার চেষ্টা করেন, তাঁদের তর্ক করার অধিকার দেন, জীবনকে খোলা চোখে দেখতে সাহায্য করেন, অর্থাৎ প্রচলিত আত্মশ্লাঘার কলাকৌশল পরিহার করেন, তাঁকে যেন এক মিলিটারি ব্যারাকে দেয়ালে পিঠ দিয়ে লড়াই করতে হয়।

স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষাবিদের দৈনন্দিন জীবনের আচরণবিধির দিকে তাকালেই বোঝা যায় কীভাবে চলনে-বলনে পরিধানে তাঁকে স্বাভাবিক মানবিক কামনা ও প্রবৃত্তিকে দমন করতে হয়। বেশী হাসলে তাঁকে 'ব্যক্তিত্বহীন' বলা হবে, তাই তিনি হাসতে ভয় পান; বৃটিশ আমল থেকেই আমাদের চোখে সবচেয়ে আকর্ষণীয় ব্যক্তিত্ব হল ম্যাজিস্ট্রেটের বা দারোগাবাবুর ব্যক্তিত্ব। এমন কি খিদে পেলেও অধ্যাপকের যে কোনো দোকানে ঢুকে খাওয়া উচিত নয়; স্মরণীয়, সাহেবরাও এদেশে নেটিভদের সঙ্গে এক দোকানে আহার করতো না। আর সিনেমা-থিয়েটারে আগ্রহ দেখানোর অর্থ প্রমাণ করে ফেলা যে, এখনো অ্যাকাডেমিক শুদ্ধতা ও নিষ্ঠার অভাব আছে। যে-সব অধ্যাপক কলকাতার গ্রুপ থিয়েটারে প্রতিষ্ঠিত হয়েছেন তাঁরা হাড়ে-হাড়ে জানেন অ্যাকাডেমিক শুদ্ধতা কতটা মারাত্মক। কলেজ কর্তৃপক্ষ যদি কেয়া চক্রবর্তীকে চাকরি ছাড়তে না বাধ্য করত তবে হয়তো অর্থ সংকটে পড়ে তাঁকে জলে ডুবে মরতে হত না। আজ অক্সফোর্ড সত্যজিৎ রায়কে ডক্টরেট উপাধি দেওয়ায় আরও প্রমাণ হল আমাদের শিক্ষা-চিন্তা কতটা সনাতন, কতটা সংকীর্ণ, কতটা রক্ষণশীল; কারণ এই কাজটি কলকাতা বিশ্ববিদ্যালয়েরই অনেক আগে করার কথা।

এক কথায় এখানে শিক্ষার সার্বিক পরিবেশটিই আধুনিক দৃষ্টিকোণ থেকে পীড়নমূলক। ব্যক্তিত্বের

পূর্ণবিকাশ, গোটা মানুষের আত্মোপলব্ধি? ওটা রসিকতা! এই রসিকতার শিকার শুধু ছাত্ররাই নয়, শেষ বিচারে শিক্ষকও এবং সমালোচ্য বিজ্ঞজনেরাও। যে-শিক্ষা মনের কোনো দরজা খুলে দিতে পারে না তার শিব গড়বার সব প্রচেষ্টাই ব্যর্থ হতে বাধ্য। কারণ একটি উৎপীড়ন আর একটির জন্ম দেয়, একটি বিকৃতি থেকে আসে আরো অসংখ্য বিকৃতি। আজকের ছাত্র-সমাজে চিন্তাহীন রাজনৈতিক আনুগত্যের যে মারমুখী প্রকাশ দেখা যায় তার যোগসূত্র মিলবে ক্লাশরুমে দীর্ঘদিনের মানসিক দাসত্বে। যেখানে নির্বাচনে অধ্যাপক প্রার্থী 'ব্রিলিয়ান্ট' ছাত্রের প্রচারপত্র হাতে ভোট চান, এবং নামজাদা কলেজের নকশাল ছাত্র খারাপ কলেজের নকশালের চেয়ে বেশী গুরুত্ব ও আদর পায়, সেখানে নির্দ্বিধায় বলা যায়, আমাদের অন্তঃসারশূন্য শিক্ষা যেমন এই রাজনৈতিক অনাচারকে টিঁকিয়ে রাখতে সাহায্য করছে, রাজনীতিও তাকে রক্ষা করে চলেছে সমান তালে। তাই বিজ্ঞজনের পীড়ন আরো বড়ো এক উৎপীড়ন-ব্যবস্থার অংশমাত্র। কিন্তু শিক্ষার এক্তিয়ার যতটুকু তার মধ্যে থেকেই এই উৎপীড়নকে প্রতিহত করা যায়। অন্তত প্রকৃত সত্য-সন্ধানী জ্ঞানী-জনেরা শুধু বনস্পতির মত না দাঁড়িয়ে থেকে আজ একটু পরস্পরের কাছে এসে প্রমাণ করুন—এই শিক্ষা ব্যবস্থাটা আসলে এক 'compulsory miseducation', এবং সেই শিক্ষা প্রয়োজন যাকে রক্ষণশীলেরা ইতিহাসের প্রতিটি বাঁকে 'subversive' বলে গাল দিয়ে এসেছে।

কী পাই নি তারি হিসাব মিলাতে

সুমন চট্টোপাধ্যায়

সম্পাদকের ইচ্ছে, তাঁর এই হতভাগ্য বাঙ্গালী বন্ধুটি কলেজ-জীবন নিয়ে দু-চার কথা লিখুক, মোদ্দা ভাষায় স্মৃতিচারণ করুক। বহুদিনের বন্ধুত্বের সুবাদে তিনি ভালই জানেন, 'প্রেসিডেন্সি কলেজ পত্রিকা'র সঙ্গে তাল মিলিয়ে তাকে কিছু লিখতে অনুরোধ করা নেহাতই বোকামি। পেটে গোঁত্তা খেলেও গুরুগম্ভীর প্রবন্ধ আমার কলমে আসে না। বলতে পারেন বিদগ্ধ 'প্রেসিডেন্সিয়ান' (যেমন ইউরোপের লোক ইউরোপীয়ান) লেখক-লেখিকাদের মাঝে আমাকে অকারণ তলব করা হয়েছে তালভঙ্গ করতে। পত্রিকা নামক দুগ্ধপাত্রে গোচনা ঢালব, এই স্বীকারোক্তিটা তাই গৌরচন্দ্রিকাতেই করে রাখা সঙ্গত মনে করছি।

'স্মৃতি সততই সুখের'—শ্রীমতী প্রতিভা বসুর এই মন্তব্যে ষোল-আনা বিশ্বাস থাকলে, সেই সুখ-স্মৃতি রোমন্থন করেই সম্পাদকের ইচ্ছে শিরোধার্য করা যেত। তবু ছাড়ায়ে যেতে চাইলেও বাধা জড়ায়ে ধরে, যা পেয়েছি তাই নিয়েই নিঃশব্দে কেটে পড়ার ইচ্ছে নিয়েও কী পাই নি তার হিসেব চোকাতে হয়। তাই 'যে কেহ মোরে দিয়েছে সুখ' তাদের কথাও যেমন মনে আসে, 'যে কেহ মোরে দিয়েছে দুখ' তাদের কথাও সঙ্গে সঙ্গে ভুলতে পারিনে। বিনয়ী কবি তবু হয়ত লেখেন 'সবারে আমি নমি।' 'বিদ্যা দদাতি বিনয়ম্'—কথাটি আমার ক্ষেত্রে সত্যি হলে, আমিও হয়ত নির্দ্বিধায় কবিকে অনুসরণ করতাম।

ইংরেজি প্রবন্ধ লিখে যে প্রবেশিকা পরীক্ষা দিয়েছিলাম, তার ফলের তলিকা থেকে, খুবই পরিশ্রম করে গুটিকতক ভাগ্যবান ছেলের নাম আমাকে উদ্ধার করতে হয়েছিল। পরে দেখেছিলাম, পুরনো দালানের ঘরে-ঘরে এই একই দৃশ্য। অস্বীকার করার উপায় নেই, সাদামাটা বাংলা ইস্কুল থেকে পাশ করে, প্রমীলা-পুরীতে নির্বাসনের ভাবনাটা প্রথমদিন যত না রোমাঞ্চকর ছিল, তার চাইতে অনেক বেশী ছিল ভীতি-দায়ক। আজ তিন-তিনটে বছর ঘুরে গেছে, প্রথম দিনের ভয়কে দোর্দণ্ডপ্রতাপে জয় করে ফেলেছি—তবু কখন অলক্ষ্যে ক্ষোভ জন্মে গেছে।

আমার পাড়ার এক লাজুক বন্ধুর মুখে শুনেছি, একদিন কলেজে আমার খোঁজ করতে এসে, পুরনো দালানের সিঁড়ি বেয়ে ওঠার সময়, তার নাকি পা সরছিল না। জরুরী কাজের তাগিদে, লজ্জার মাথা খেয়ে যদিবা সে আমার ক্লাসের ঘরটি পর্যন্ত আসতে পেরেছিল, তবু উঁকি দিয়ে অসংখ্য শাড়ী-ট্রাউজার্সের ফাঁকে আমার ক্ষুদ্র মস্তিষ্কটি নাকি তার চোখে পড়ে নি। সেদিন সে ঘরে আমি ছিলাম আঁচল-চাপা। সেই থেকে বন্ধুটি বলে, আমি মহিলা কলেজে পড়ি। কোনদিন আমার প্রতিবাদ করার সাহস হয় নি।

এই দালানের ঘরে-ঘরে চোখ বুলিয়ে, বহিরাগত কেউ যদি এমন সিদ্ধান্তে আসেন যে, এইসব ক্লাসে, চাকরীর খাতায় অনুন্নত শ্রেণীর প্রার্থীর মতন, দু-একটি করে ছেলেদের আসন সংরক্ষিত থাকে, দোষ তাঁর নয়। বাপ-ঠাকুরদার মুখে যখন শুনি, একসময় এই

কলেজের বারান্দায় ধুতি-প্যাণ্টেলুনের মিছিলে কদাচিৎ দু-একটি শাড়ীর আঁচল চোখে পড়ত, ভুরু কুঞ্চিত হয়ে ওঠে। আবার এই কলেজেই শুনি এমন একদিন ছিল, যখন মেয়েদের প্রবেশাধিকারই ছিল না। ইতিহাসের ছাত্র হলেও, এই ঐতিহাসিক সত্যকে বিশ্বাস করতে পরিশ্রম হয়। তার চাইতে আমার চোখের সামনে, যে প্রায় অবশ্যসম্ভাবী ঐতিহাসিক সত্যকে বিশ্বাসযোগ্য বলে বোধ হয়, তা হল, ভাবী মা, মাসী বা মাম্‌মীরা যখন বলবেন "আমরা যখন পড়তাম, প্রেসিডেন্সিতে পুরনো দালানে ছেলেদের টিকিও চোখে পড়ত না।" এই সত্য, যদি কোনদিন সত্যি-সত্যিই প্রতিষ্ঠিত হয়, আমার পাড়ার বন্ধুটি তাহলে আহ্লাদে আটখানা হয়ে উঠবে।

সে যাই হোক, নিবন্ধকারের ভবিষ্যৎদ্রষ্টা হওয়ার বিশেষ বাসনা নেই। তার মনে হয়েছে নারী-প্রধান ক্লাসে পড়াশুনা ছেলেদের কাছে বস্তুত এক ধরণের নির্বাসন। অবশ্য একথা জানা নেই, সংখ্যালঘু ছাত্র মহলে সবাই আমার কথায় সায় দেবেন কিনা। প্রশনটা তুললাম এই কারণে যে, নারী-সঙ্গ বঞ্চিত কেউ হয়ত একে অতিরঞ্জন বা অতিভাষণ ঠাউরে বসতে পারেন। কেউ বলবেন নারী-বিদ্বেষ। তবে, সত্যি কথা বলতে কি, নারী-সঙ্গ যদিবা যৌবনের একটি উপরি-পাওনা, তবু ক্রমাগত নারী-সঙ্গ সেই ভবিষ্যৎ সঙ্গলাভের অনাস্বাদিত অথচ অভিলষিত স্বাভাবিক কামনাকে হয় অস্বাভাবিক করে নতুবা অংকুরেই বিনষ্ট করে। অবলা নারী সাহচর্যে পৌরুষ মাথা নোয়ায়, যৌবনের গরম রক্ত প্রায়ই নিস্তেজ থাকে। কোন শাড়ীটা ভাল আর কোনটা নয়, কোন অনুষ্ঠানে কোন সুন্দরী কী বেশে যাবেন, কার চুলের দৈর্ঘ্য পিতৃপরিচয়কে প্রকাশ করে ফেলছে তাই ছাঁটা প্রয়োজন—ইত্যাদি আলোচনা নারী-চক্রের প্রধান উপজীব্য। পড়াশুনোর বাইরে ছেলেদের একটা আলাদা জগৎ আছে, আছে তাদের কসমেটিক্‌সের উর্দ্ধে নিজস্ব কিছু আলোচনা। তেমন সুযোগ এ দালানে মেলা ভার।

ভারত-বিভাগের পর পূর্ববঙ্গ থেকে কাতারে-কাতারে শরণার্থী আসার মতন, কেন দলে-দলে মেয়েরা ইস্কুলের ফ্রক ছাড়লেই প্রেসিডেন্সির শরণাপন্ন হন—সে প্রশ্নের উত্তর দেওয়া কঠিন নয়। তবে এ প্রসঙ্গে কোন আলোচনা করার আগে, মনে রাখতে হয় যে, স্কুলের গণ্ডী যাঁরা সসম্মানে উত্তীর্ণ হন, এ কলেজের দরজা কেবল তাঁদের জন্যই উন্মুক্ত। প্রতিযোগিতার ক্ষেত্র তাই সংকুচিত। ডাক্তার, ইঞ্জিনিয়ার, বৈজ্ঞানিক না হলে দেশোদ্ধার হবে না, এই চিন্তায় ভাল ছেলেরা ইদানীং কলা-বিভাগকে কলা দেখাচ্ছেন। যাঁরা দেখাচ্ছেন না, প্রধানত দুটি ভাগে তাঁদের ভাগ করা যেতে পারে; এক, যাঁরা স্বতঃস্ফূর্তভাবে বিজ্ঞানের হাতছানি উপেক্ষা করেন, আর দুই, যাঁরা অন্য কোন বিভাগে বিশেষ পাত্তা না পেয়ে, নাই মামার চাইতে কলা-বিভাগ নামক কানা-মামাতেই সন্তুষ্ট হতে বাধ্য হন। ছেলেদের অধিকাংশ ইস্কুলে আমার মন্তব্যের ব্যতিক্রম চোখে পড়বে না একথা আমি হলফ করে বলতে পারি। মেয়েদের বিধাতা একটু অন্যভাবে গড়েছেন, মেয়েদের ইস্কুল-গুলোর চেহারাও তাই কিছুটা স্বতন্ত্র। সেখানে খুব দুঃসাহসী না হলে সাধারণত কেউ বিজ্ঞান বিভাগে নাম লেখান না। অবশ্য বাসে মহিলাদের জন্য সংরক্ষিত আসনের দাবী জানিয়েও, আজকাল মেয়েরা ডাক্তার-বদ্যি হবার পথে পা বাড়াচ্ছেন।

প্রেসিডেন্সি কলেজে, এই অবস্থার প্রতিফলন খুব বেশী করে পরিষ্কার। আমার মতন যে দু-চারজন এখনও পুরনো দালানে ঘোরাফেরা করছেন, তাঁদের বোধ হয় হৃৎকম্পন মাপার যন্ত্র কাঁধে ঝুলিয়ে কিংবা পেন্সিল দিয়ে নকশা তৈরীর বিশেষ ইচ্ছে ছিল না। আর মাঠের ওপারের বাড়িগুলোতে যথেষ্ট সংখ্যক ছাত্রের অবাধ বিচরণ এখনও চোখে পড়ে। ঈশ্বর করুন, এঁরা থাকেন; নতুবা আমাদের উত্তরসূরীরা হয়ত প্রাণ খুলে বাক্যালাপ করার ইচ্ছায় প্রেসিডেন্সির চার-দেওয়ালে শ্বাসরুদ্ধ হয়ে, শেষমেশ ছেলেদের কলেজের দিকে দৌড়োবেন। অন্তত এই লেখকের এতটা দুর্দশা হয় নি। ক্লাস ছেড়ে, ক্যাণ্টিনে ছেলেদের টেবিল পর্যন্ত গেলেই তার চলেছে।

ইংরেজিতে প্রবন্ধ লিখতে বাধ্য হয়ে, যেদিন প্রবেশিকা পরীক্ষা দিয়েছিলাম, বুঝেছিলাম সেদিনই, এ ছোট

তরীতে বাংলা ভাষার স্থান নেই। ইস্কুলে, আমার এক সহপাঠী যে ছেলেবেলা থেকেই আমার বিষয়ে আমার চাইতে অনেক বেশী দক্ষ, কেবলমাত্র ভাল ইংরেজি লিখতে পারে না বলে এই কলেজে তার জায়গা হয় নি। বন্ধুটির মুখে শুনেছি, ওদের কলেজে নিয়মিত ক্লাস হয় না, লাইব্রেরীর ভাঁড়ে মা ভবানী; অথচ পড়াশুনায় ওর ষোল-আনা ইচ্ছে। বাবা-মাকে ছাড়া দোষ দেবার মতন কেউ ওর নেই। যদি তাঁরা নিজেরা অভুক্ত থেকেও ওকে ইংরেজি ইস্কুলে ভর্তি করতেন, হয়ত আজ এই আক্ষেপ ওকে করতে হত না। পরিসংখ্যান নিলে হয়ত দেখা যাবে, এমন কত শত ছেলে-মেয়ে বাঙ্গালী বলে, কিংবা ইংরেজি শেখে নি বলে কলেজ স্ট্রীটের ছায়া মাড়াতে সাহস পান না। এঁদের শূন্য-স্থান পূরণ করেন, দু-লাইন ব্যাকরণ ঠিক রেখে ইংরেজি লিখতে-জানা ধনীর দুলালী, কখনও-কখনও নির্ভেজাল ভেতো বাঙ্গালী মধ্যবিত্ত পরিবারের ফিরিঙ্গী রঙ্গিনী। ইংরেজি যদি কেবল এঁদের লেখ্য ভাষা হত, গোলামির মজ্জাগত স্বভাবকে তাও ক্ষমা ঘেন্না করে দেওয়া যেত। কিন্তু ইংরেজি সাহিত্য-শিল্প-সংস্কৃতি-ইতিহাস ইত্যাদিতে ক-অক্ষর-গোমাংস হয়েও, ইংরেজি ভাষা এঁদের কথ্য, ইংরেজের সংস্কৃতির ছিবড়েটুকু নেপথ্য, আর বিকৃত ফিরিঙ্গী ভাব-ভঙ্গী নির্ভুলভাবে অভ্যস্ত। এইভাবে, তিন-তিনটে বছর এঁরা ফিরিঙ্গি নাচ নেচে বেড়ান, আর সত্যিকার বাঙ্গালী ছেলে-মেয়েরা কলেজের অভ্যন্তরে কখনও নাচ দেখেন, কখনও ক্ষীণ স্বরে পোস্টারে লেখেন 'অপ-সংস্কৃতি'। প্রতিবাদের সেটাই শুরু, সেটাই শেষ।

"How can you transform yourself from L.S.D. to love-making"—জনৈকা প্যাণ্টেলুন-পরা মেমসাহেবের এই প্রশ্নের সম্মুখীন হয়ে আমার কলেজ-জীবনের সূত্রপাত। পরে নাম-ধাম দেখে যাঁদের আমার স্বজাতি ভেবে বসেছিলাম, তাঁদের অনেকেই আমাকে নিরাশ করেছেন। কিশোর-বয়সে বাঙালী মেয়ের যে ছবিটার স্বপ্নে আমি প্রায়ই বিভোর হতে ভালবাসতাম, কলেজে তাকে কদাচিৎ খুঁজে পেয়েছি। হাড়-কাঁপানো শীতে যে সহপাঠিনীকে বাংলা প্রশ্নপত্র সামনে রেখে ঘামতে দেখেছি, সুরেলা গলায় সেই আবার বারান্দায় বসে রবীন্দ্রনাথের গান শুনিয়েছে। এদের জন্য দুঃখ প্রকাশ করেছি অনেক, অনেকবার। প্রায় প্রতিবারই আমার কণ্ঠস্বর 'হায়' 'হ্যালো'-র হাওয়ায় উড়ে গেছে।

জিজ্ঞাসু বন্ধু জানতে চেয়েছেন ইংরেজিয়ানা বলতে আমি কী বুঝি, কেনই বা আমার ক্ষীণ কণ্ঠ বারে-বারেই তার বিরুদ্ধে কথা ছুঁড়ে মরে? আমার প্রতিবাদ কার বিরুদ্ধে? ইংরেজি ভাষার? সাহিত্যের? সংগীতের? পোষাকের? সংস্কৃতির? না, এসবের কোন কিছুর বিরুদ্ধেই নয়। আমি নিজে ইংরেজিতে প্রশ্নের উত্তর লিখি, শেক্সপীয়র, কীট্‌স্‌, শেলি, বায়রনের নাম সশ্রদ্ধ কণ্ঠে উচ্চারণ করি, শার্ট-প্যাণ্ট পরি, ইংরেজি গানও যে শুনি না তাও নয়। অতএব এসবের বিরুদ্ধে প্রতিবাদের অর্থ যে নিজেকেই গাল-পাড়া, বাঙালী হলেও আমি সেকথা বুঝি।

প্রতিবাদ আমার ব্যক্তি বিশেষের বিরুদ্ধে নয়, ইংরেজের বিরুদ্ধে নয়, আমাদের মানসিকতার বিরুদ্ধে। যে মানসিকতার তাড়া খেয়ে বাঙালী যুবক-যুবতী, গো-শাবকের পালের মত ইংরেজি-মিডিয়াম ইস্কুলের ছাতের তলায় জড়ো হয়, যে মানসিকতা ইংরেজির মাস্টারের কাছে নিত্য-বেত-খাওয়া অভিভাবকের ছেলে-মেয়েকে ইংরেজের 'কমল কাননে'-র কোন হদিশ না দিয়ে, কেবল 'শৈবালে' খেলায় মত্ত রাখে। আমার প্রতিবাদ সেই সব বাড়িগুলোর বাঙালী মালিকদের বিরুদ্ধে, যাঁদের বসবার ঘরে ডিস্‌টেম্পার করা দেওয়ালে রবীন্দ্রনাথের ছবির তলায় এই মানসিকতার জন্ম হয়, তালিম হয়। আমার প্রতিবাদ সেই সব সেণ্ট্‌-মার্কা ইস্কুলগুলোর বিরুদ্ধে, যেখানে এই মানসিকতার বিকাশ হয় তৃতীয় শ্রেণীর বাঙালী শিশুকে বিদেশী ভাষায় অস্ট্রেলিয়ার ভল্লুকের বা সিয়াম দেশের বিড়ালের গল্প শুনিয়ে। আবার যখন শুনি, কুলীন কায়স্থ যে ইস্কুলের মালিক কলকাতার হাঁকডাক-ওয়ালা তেমন একটি ইংরেজ কুলীন তৈরী করার কলে, দশ-বছরের বাঙ্গালী শিশু বাংলায় কথা বললে জরিমানা হয় বা এণ্টালী পাড়ার ঐ একই জাতের ইস্কুলে ঐ একই কারণে ছেলেদের সাসপেণ্ড করা হয়, ভাবি প্রতিবাদে

কিছু হবে না। কীসে হবে বুঝি, অকারণ গলাবাজি করি না, দেশদ্রোহী হয়ে যাবার ভয়টা থেকেই যায়। তাই, সেই সাহেবী শিক্ষার প্রমাণ যাদের বেশ-ভূষায়, আবরণে তাদেরকে আলাদা করে কখনও দোষ দিই নি। হিসেব চুকাতে বসে আজও দেব না। তাছাড়া চাকরীর নিয়মে, মাস-পয়লায় যে পিতৃদেবকে সরকারের পাওনাটুকু চুকিয়ে দিতে হয়, তাঁর সন্তান হয়ে এঁদের দোষী সাব্যস্ত করার অধিকার সমাজ আমাকে দেয় নি। তবু ভেবেছি, প্রেসিডেন্সি নামক তাসের দেশে যদি কোন হরতনী, ইসকাবনী কিংবা চিঁড়েতনী নির্বাসনের দুঃখ বুঝতে পারেন। যদি তাঁদের কেউ বুঝতে পারেন, কেবল লিখিত আইন ভঙ্গ করাই বে-আইন নয়, পাকস্থলীতে ডাল-ভাত পুরে, ইংরেজির কলে বন্দী হওয়াও বে-আইন! না, ভেবেছি বটে তবে তাদৃশী সিদ্ধিলাভ হয় নি। এঁরা আত্মবিশ্লেষণে অপারগ, চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিলেও ভাল-মন্দ বিচারে অসমর্থ, তাই সাহেবের লেজে গাঁটছড়া বেঁধে এঁরা মাতৃগর্ভে ইংরেজের দেওয়া বুটের লাথি মারতে পারেন। আমার প্রতিবাদের জবাবে, আমার অনুরোধের বাঙালী-পনায় হতাশ হয়ে, বিরক্ত হয়ে মেমসাহেবরা বিকৃত মুখ করে বলে উঠেছেন—'বাস্টার্ড' সান অফ এ বিচ্, তবু ভাগ্যি, আমাদের শাসত্র বলে কুকুরের বেশেই ধর্ম যুধিষ্ঠিরের সঙ্গ নিয়েছিলেন!

এ তো গেল, যে-ইংরেজি বিলাসিনীর বাড়ির টেলিফোনে পুরুষ-কণ্ঠ তাঁর বাপ-মায়ের রক্তের চাপ বাড়িয়ে দেয়, সেই মেয়ে বা ছেলে-মেয়েদের সাহেব-সাজার বিরুদ্ধে আমার প্রতিবাদ। তবে, এদের সঙ্গে প্রেসিডেন্সি কলেজের সম্পর্কটা যমজ ভাই-এর সম্পর্ককেও হার মানাবার মতন। এইখানেই আমার প্রকৃত প্রতিবাদ।

প্রেসিডেন্সি সরকারের কলেজ। অর্থাৎ বাংলাদেশের সাধারণ মানুষের অর্থে প্রতিপালিত কলেজ। সাধারণ মানুষ কারা? যাঁরা সরকারকে কর দেন, কর ফাঁকি দেবার জন্য চার্টার্ড এ্যাকাউন্টেন্ট রাখেন না। অথচ এই কলেজে সাধারণ বাঙ্গালী সন্তানের প্রবেশাধিকার ঠিক ততখানি নেই, যতটা থাকা উচিত। এ কলেজ কেবল ইস্কুলের কৃতী ছাত্রের, আর কৃতী ছাত্রের পরিচয় তার ইংরেজি জ্ঞানে (অবশ্য মানবিক শাখায়) অর্থাৎ এ দালানে ইংরেজি-জানা কৃতী ছাত্রের থাকার অধিকার, বাংলা-জানা কৃতী ছাত্রের নয়।

ইংরেজি জানে কে? প্রধানত ধনীর দুলাল, কোন-কোন ক্ষেত্রে মধ্যবিত্ত ও উচ্চ মধ্যবিত্ত পরিবারের ছেলে-মেয়ে। ইংরেজি ইস্কুলগুলোর মাইনে দেখলেই আমার কথার সত্যতা প্রতীয়মান হবে। তাহলে দেখা গেল, এই কলেজে, বিশেষত কলা বিভাগে, প্রবেশাধিকার এমন কিছু পরিবারের ছেলে-মেয়ের যাদের সংখ্যা সাধারণ্যে চোখে পড়ার মত নয়, যাদের শিক্ষা বাংলাদেশ বাঙ্গালী-য়ানার তোয়াক্কা করে না। বাংলাদেশে এটি একটি বিদেশীয় এবং বিজাতীয় প্রতিষ্ঠান।

ছা-পোষা করদাতারা হয়ত বোঝেন না, সরকারকে টাকা দিয়ে তাঁরা দুধ-ভাত দিয়ে নিজের ঘরে কালসাপ পুষছেন। কিন্তু সরকার তো বোঝেন, বোঝেন তো কর্তৃপক্ষ? সরকারের গুম মেরে থাকার না হয় একটা অর্থ আছে, রাজনীতির সঙ্গে ধনীর টিকি আছে বাঁধা, কিন্তু কলেজ কর্তৃপক্ষ? তাঁরা তো মাস-পয়লা বেতন পেলেও যা পান তাতে সন্তুষ্ট নন। তবু কেন মৌনাবলম্বন?

এই কলেজে কর্তৃপক্ষের এই মৌনাবলম্বনের প্রতিবাদ যে কয়টি হতভাগ্য জানিয়েছিল, বাংলা ভাষায় প্রবেশিকা পরীক্ষার দাবীতে আন্দোলনে নেমেছিল, নিবন্ধকার তাদের মধ্যে একজন। 'অপ-সংস্কৃতি' নামক ধোঁয়াটে সংজ্ঞার লেবেল মেরে এর বিরুদ্ধে পরে সুবিধে বুঝে কোন-কোন সখের রাজনীতিবিদ প্রতিবাদ জানিয়েছেন বটে। তবে জোড়াসাঁকো থেকে টিকটিকি তাঁদের খবর নিয়েছে শুনলেই সোজা আমেরিকায় পাড়ি দিয়েছেন।

উপলব্ধি থেকে প্রতিবাদ করছি ভেবে, যাদের সঙ্গে বাংলা ভাষার সমমর্যাদার দাবী নিয়ে আন্দোলনে নেমেছিলাম, তাদের সৎ বললেও সততার অপলাপ হয়। এই আন্দোলনের সঙ্গে রাজনীতির গন্ধ মিশেছিল বলেই হয়ত রাজনীতির সুগোপন কৌশলও ছিল মিশে। সেদিন একথা ভালভাবে বুঝি নি। পরে বুঝলাম যখন দেখি, আমারই সমগোত্রীয় যাকে ভেবে বসেছি, সে-ই

ভোট পাবার আশায় ইংরেজিয়ানার কোন সঠিক সংজ্ঞা নির্দেশ করা যায় না বলে শাক দিয়ে মাছ ঢাকার চেষ্টা করছে। এ কলেজের আবহাওয়া যদি ইয়াঙ্কি সংস্কৃতিতে ভরপুর, রাজনীতি তা হলে বকধার্মিকতার নামান্তর। কি বাম, কি ডান। এ কলেজে সবাই প্রতিক্রিয়ার দুর্গের ইঁট ভাঙে, পরে গিয়ে যারা ইঁট ভাঙে তাদেরই পিঠে চাবুক চালায়।

তবু সেই আন্দোলনের একটা সৎ উদ্দেশ্য ছিল, তাই একেবারে ভস্মে বোধ হয় ঘি ঢালা হয় নি। তারপর থেকে এই গত বছর দুয়েক যাবৎ বাংলায় প্রবেশিকা পরীক্ষার উত্তর লেখা চলতে পারে বলে মনে হচ্ছে। ঢেঁকি স্বর্গে গিয়েও ধান ভানে, কথাটি যদি সত্যি হয় তাহলে আমাদের মাননীয় অধ্যাপকদের অনেকেই ইংরেজি ও বাংলার তুলনামূলক বিচারে এখনও ইংরেজের তলপিবহন পছন্দ করেন। চিরদিনের বিজাতীয় সংস্কৃতির আড্ডা (যদিও অনেকে ব্যতিক্রম আছেন) প্রেসিডেন্সি নামক মক্‌কার পবিত্রতা বাংলাভাষী, বাংলা ভাষা, বাংলা সংস্কৃতির অনুপ্রবেশে কলুষিত হবে—কর্তৃপক্ষের ভাবটা অনেকটা এই রকম। প্রেসিডেন্সির ঐতিহ্য যদি স্বদেশ-প্রবাসী অথচ স্বদেশ-বাসীর অর্থে প্রতিপালিত ছেলে-মেয়েদের ফ্যাশান-ক্লাব হয়, সেই ঐত্যহ্যকে এই হতভাগ্য লেখক অস্বীকার করে।

যে ঐতিহ্য নিয়ে কর্তৃপক্ষের গর্বের শেষ নেই, বিজাতীয় সংস্কৃতির সর্বগ্রাসী সংক্রমণে সেই জ্ঞানগত উৎকর্ষের অবনমনের গতি কতটা দ্রুত, ছেলে-মেয়েদের জটলায় একবার কান পাতলেই তা সহজে অনুমেয়। প্রেসিডেন্সি কলেজের ছেলে-মেয়েরা আর দেশ-বিদেশের সমস্যা নিয়ে ভাবেন না, যদিও দেশের সমস্যায় অতীব চিন্তিত এমন একটা ভাব দেখান। এই ভাব থেকে জন্ম নিয়েছে 'আঁতেল' শব্দটি (Intellectual এই ইংরেজি শব্দের অপভ্রংশ)। প্রমথ বিশী বলেছিলেন, চোয়ালে-ইন্‌টেলেক্‌ট্‌ অর্থাৎ ইন্‌লেটেক্‌চোয়াল। একেবারে তাই, এঁদের ইন্‌টেলেক্‌ট্‌ কেবল চোয়ালের অকারণ ব্যবহারেই প্রকাশ পায়, সমস্যার সমাধানে সামিল হয়ে নয়। সুস্থ সংস্কৃতির পাট একরকম গেছে চুকে, রবীন্দ্রনাথ, বঙ্কিম, শরৎ-এর জায়গা নিয়েছে Mills and Boon. বিয়ের বাজার সম্পর্কে অভিভাবকের সম্যক ধারণা থাকায়, তাঁদের প্রেরণায় দু-চারজন এখনও রবীন্দ্রনাথের গান করেন বটে, তবু সে গান পয়সা-দেওয়া মাস্টারের শিক্ষা আর প্রকৃতি-দত্ত গলার ফল, সে গানে রবীন্দ্রনাথ নোই। বাংলা ছবি কিংবা নাটক দেখতে যাওয়ার আগে সংবাদপত্রে সমালোচনা দেখে নেওয়া অবশ্যকর্তব্য। অথচ চৌরঙ্গী পাড়ায় কিংবা কলামন্দির, বিদ্যামন্দিরে (মন্দিরই বটে), উড়োজাহাজে চড়ে কয়েকজন শ্বেতাঙ্গ মানুষ এলে, তাদের দেখার জন্য রামকৃষ্ণের টাকার সঙ্গে মাটির তুলনাকে সত্য বলে বিশ্বাস করা হয়। এই কলেজের ঐতিহ্য নিয়ে গর্ব করা আর কবে পরমান্ন খেয়েছি, তাই হাতে গন্ধ শোঁকা—দু'টো একই ব্যাপার। অবশ্য যে কলেজের ঐতিহ্য চিরদিনই বিজাতীয় তার উন্নতি বা অবনতিতে লেখকের আনন্দ বা দুঃখ কোনটাই হয় না। রবীন্দ্রনাথ বলেছিলেন—"কচুর আবাদ করিয়া কলার কাঁদি পাওয়া যাইতেছে না বলিয়া পরিতাপ করা শোভা পায় না।" এ কলেজে যে কচুর আবাদ হয় কর্তৃপক্ষের তাতেই নজর নেই, তা পরিতাপ করবেন কী করে?

এ কলেজ-সম্পর্কিত লেখায় রবীন্দ্রনাথের নামোচ্চারণের বিশেষ ইচ্ছে ছিল না। তবে স্মৃতিচারণের সঙ্গে যখন শেষ-মেশ তাঁর শরণ নিতেই বাধ্য হলাম, তখন তাঁকে দিয়েই শেষ করি। বঙ্গশাবককে হবু-ইংরেজ হতে দেখে রবীন্দ্রনাথ প্রশ্ন করেছিলেন "জিজ্ঞাসা করি জর্মানি যখন ফরাসি শিখিত, তখন কি সে ফরাসি ভাষায় ওরিজিন্যালিটি দেখাইয়াছিল। জার্মান-রচিত কোন্‌ ফরাসি গ্রন্থ ফরাসি সাহিত্যে সমাদর প্রাপ্ত হইয়াছে। ফ্রেঞ্চ ও জার্মানদের ভাষা, ভাব, দেশের প্রকৃতি, ইতিহাস ও ধর্মকর্মের যতটা ঐক্য আছে আমাদের সঙ্গে ইংরেজদির কি তার শতাংশ আছে।" সে না থাক, তবু আমরা নিজের পা খুইয়ে কাঠের পা পরেও নিবু-নিবু আলোয় পরম আহ্লাদে শরীর ঝাঁকাতে পারি। স্বল্পবাসে মডেল সাজতে পারি! আমরা প্রেসিডেন্সিয়ান! বাঙালী native নই!

এবার বুদ্ধিভ্রষ্ট অভিভাবকেরা শুনুন, "অন্য দেশে

একটা বড় কাজের যতটা মূল্য, আমাদের দেশে একটা অবিকল নকলের মূল্য তাহা অপেক্ষা অল্প নহে। এতটা করিয়া যাহা হইল, তাহা যে কিছুই নহে, এ-কথা লোককে বোঝানো বড় শক্ত। এই জন্য মুখুর্যের ছেলেকে গড়গড় শব্দে ইংরেজি বক্তৃতা করিতে শুনিলে, বাঁড়ুয্যের ছেলেকেও সেই চূড়ান্ত গৌরব থেকে বঞ্চিত করিতে তাহার বাপের প্রবৃত্তি হয় না। তখন যদি তাহাকে বুঝাইতে বসা যায় যে, বার্ক, ব্রাইট, গ্ল্যাডস্টোনের ভাষার সহিত প্রচুর পরিমাণে পানাপুকুরের জল মিশাইয়া একটি বঙ্গশাবক যে বহু কষ্টে অথবা অল্পায়াসে গোটা কতক অকিঞ্চিৎকর কথা বলিয়া গেল, উহাতে কোন কাজ-ই হইল না, উহা না আমাদের দেশের অন্তঃকরণে স্থায়ী হইল না বিলাতী সাহিত্যে প্রবেশ লাভ করিল—কেবল নিষ্ফল শিলাবৃষ্টির ন্যায় অত্যন্ত ক্ষণস্থায়ী পট্‌পট্‌ শব্দের করতালি আকর্ষণ করিয়া শস্যবীজহীন পথকর্দমের সহিত মিলাইয়া গেল; উহা অপেক্ষা বাংলা ভাষায় ভাব প্রকাশ করিবার চেষ্টারও সহস্রগুণ সফলতা আছে।" তবে রবীন্দ্রনাথ জানতেন এসব কথা বাঁড়ুয্যের কর্ণে স্থান লাভ করে না।

এই বাঁড়ুয্যে-মুখুয্যের ইংগ-বঙ্গ শাবকদের প্রতি-পালনের দায়িত্ব যে কর্তৃপক্ষ নিয়েছেন, আর সত্যি কথা বলতে গেলে পুলিশ ডেকে ভয় দেখিয়েছেন তাঁদের বলি, আপনারা যে এ বিষয়ে "আপত্তি করিবেন তাহাতে আশ্চর্যের কিছুই নাই। যদি না করিতেন তবে আমাদের...এমন দুর্দশা হইবে কেন।...আজ আমরা ইংরেজের কল্যাণে যদিবা আপত্তি করিতে শিখিলাম, অভাগার অদৃষ্ট এমনই, অনেক সময়ই...মঙ্গল প্রস্তাবে আপত্তি করিয়া বসি।" কারণ বোধ হয় মাননীয় কর্তৃপক্ষের আপত্তি করাতেই এক ধরণের সুখ। নতুবা মাতৃভাষার সাহায্য ব্যতীত কখনই যে ছাত্রের স্থায়ী কল্যাণ সাধিত হয় না, একথা তাঁদের আন্দোলন করে বোঝাতে হয়?

রবীন্দ্রনাথের আশা ছিল, "ইংরেজ যদি কাল চলিয়া যায় তবে পরশু ওই বড় বড় বিদ্যালয়গুলি বড়ো বড়ো সৌধবুদ্বুদের মত প্রতীয়মান হবে।" তবে তাঁর স্বাধীন দেশবাসী, মহান সরকার প্রতি বছর কাঁড়ি-কাঁড়ি টাকা খরচ করে সেই সৌধবুদ্বুদের নতুন রং লাগাবেন—রবীন্দ্রনাথ একথা আশা করেছিলেন কিনা জানি না। বৃহৎ লোকপ্রবাহের মধ্যে অত্যন্ত লঘুভাবে অতিশয় অল্প স্থান করে বসে থাকা প্রেসিডেন্সি নামক সৌধ-বুদ্বুদের বিজাতীয় ঐতিহ্য নিয়ে বাঁড়ুয্যে-মুখুয্যের সপরিবারে গলাবাজি করছেন করুন, ত্রি-বর্ষের নির্বাসন শেষে এই কলেজ থেকে এই লেখক রিক্ত-হাতে ফিরেছে।

স্বস্তি নেই

সুনীল চট্টোপাধ্যায়

আমরা দক্ষিণ দিকে হাঁটছিলাম। দ্বিতীয় মহাযুদ্ধ আচমকা আমাদের মুখগুলি উত্তর দিকে ঘুরিয়ে দিল। সেই থেকে আমরা সবাই উত্তর দিকে চলেছি। দক্ষিণ দিকে ফিরতে বারবার চেষ্টা করছি, কিন্তু পারছি না।

দ্বিতীয় মহাযুদ্ধের আগে কী ছিল আমাদের? বিশেষ কিছু ছিল না। সবচেয়ে বড় কথা স্বাধীনতা ছিল না। সেই জ্বালায় আমরা জ্বলছিলাম। সেই জ্বলুনি অন্য ছোট-বড় অনেক জ্বালাকে ভুলিয়ে রেখেছিল। সচেতন মনে যাদের ভুলে ছিলাম, অবচেতন মনে তারাই আশ্রয় পেয়েছিল। তাই স্বাধীনতার পর অবচেতন মন প্রতিশোধ নিচ্ছে, নিতে পারছে।

এতদিন পর পিছনের দিকে তাকালে সেই জ্বালা মনে পড়ে না। বরং আলোর ছোট-ছোট বিন্দুগুলি চোখের সামনে ভাসে। সে সময় আমরা বেশির ভাগ মানুষ সুখে ছিলাম না, কিন্তু স্বস্তিতে ছিলাম। সুখে ছিলাম না, কেননা থাকবার উপায় ছিল না। ম্যালেরিয়া ছিল, কালাজ্বর ছিল, টাইফয়েড হলে নার্সিং ভিন্ন অন্য কোন ভরসা ছিল না। মশা, মাছি, পুকুরে কচুরিপানা, বাজারে কাবুলিওয়ালা, কোনটারই অভাব ছিল না। পাঁচ টাকায় একমণ উত্তম চাল, পাঁচ সিকেয় এক সের গাওয়া ঘি, পাঁচ আনায় চন্দ্রৌসি আটার আড়াই সেরি প্যাকেট, দশ আনায় এক সের রুই মাছের পেটি অথবা মাংস, এক আনায় গোটা দুই হাঁসের ডিম, চল্লিশ টাকায় একভরি সোনা সব ছিল। কিন্তু সে-দিনও আমাদের বেশির ভাগ মানুষের কাছে এগুলি নামমাত্র ছিল। মফঃস্বলে একজন গ্র্যাজুয়েট স্কুল-মাস্টারের মাইনে ছিল তিরিশ টাকা। একজন সাধারণ দিন-মজুরের দৈনিক মজুরি ছিল এক টাকার সিকি ভাগ। দিনের বেলা যে দা-হাতে বাড়িতে কাজ করত, রাত্রে সেই হয়ত সিঁদ কাঠি হাতে ঘরে ঢুকত। থানায় গেলে যাওয়া-আসা হয়রানিই সার হত। এই সিঁদ-কাঠি সর্বদা মানুষের একচেটিয়া ছিল না। কখনও প্রকৃতি, কখনও ভাগ্য, সেটি নিজের হাতে তুলে নিত। খরা ছিল, বন্যা ছিল। প্রায় প্রতি পরিবারে তরুণী বিধবার দীর্ঘশ্বাস ছিল।

তবুও আমরা স্বস্তিতে ছিলাম। কেননা আমাদের অনেকেরই মাথার উপর নিশ্চিত আচ্ছাদন ছিল, পায়ের তলায় নিশ্চিততর মাটি ছিল। প্রতিবেশিকে আমরা হিংসা করতাম, ঘৃণা করতাম, ভয় করতাম, ভালবাসতাম। অর্থাৎ তার সঙ্গে সম্পর্কটা মানবিক ছিল। এখনকার মতো ইস্পাতে মোড়া ছিল না। আমরা অনেকে বেকার ছিলাম কিন্তু এমন বেকারী ছিল না। সমাজে ধন-বৈষম্য ছিল, কিন্তু তার এমন দাম্ভিক প্রকাশ ছিল না। সর্বদা একপ্রাণ-একতা না থাকলেও আমরা এক-জাতি ছিলাম। সেই একজাতির একটি দল ও একটি নেতা ছিল। প্রতিটি মানুষের একটি ভোট ছিল না, কিন্তু প্রতিটি মানুষের মধ্যে বিদেশি শাসনের বিরুদ্ধে একটি শত্রুতা, স্বদেশের প্রতি একটি আনুগত্য ছিল। স্বর্গে ঈশ্বর আছেন এবং দুনিয়াতে সব ঠিক চলছে এই বিশ্বাস আমাদের অস্তিত্বকে, মাটিকে ঘাসের মতন ঘিরে ছিল, ধরে ছিল।

সৃষ্টির আদিতে আদম আর ঈভ স্বর্গভ্রষ্ট হয়েছিল।

আমাদের দেশে যুদ্ধ, দুর্ভিক্ষ এবং দেশ বিভাগের মধ্য দিয়ে আমরা বিশ্বাসভ্রষ্ট হয়েছি। স্বাধীনতার পর প্রাক্তন বিশ্বাসের দিকে ফিরে তাকাই নি। নতুন বিশ্বাসের প্রাণপ্রতিষ্ঠা করতে চেয়েছি। পারি নি। পরিবর্তে, একের পর এক পাঁচটি যোজনা অতিক্রম করেছি। এগুলিতে আর যাই থাক, ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্বর্গ ফললাভের সাধনা ছিল না। শুরুতেই প্রথম ও শেষটিকে বর্জন করে স্লিভলেস ব্লাউসের মত শুধু বাকি দুটির জন্য নিরলস প্রয়াস চালিয়েছি। এইভাবে একদা যে বীজ বপন করেছি এখন তারই ফল ভোগ করছি। অনেক পরিবারে সুখ এবং সমৃদ্ধি এখন আগের তুলনায় বেশি। কিন্তু এই সুখ ও সমৃদ্ধি আমাদের মুখ থেকে দুশ্চিন্তার রেখাগুলিকে দূর করতে পারে নি। বরং যত দিন যাচ্ছে, সেগুলি তত বেশি উচ্চারিত হচ্ছে। সুখের চেয়ে স্বস্তি শ্রেয়, এই প্রবাদবাক্যটিকে আমরা ভুলে থেকেছি। তার চেয়েও ভয়ের কথা, এই স্বস্তিকে ফিরে পাবার মন্ত্রটিও আজ আমাদের মনে নেই। তাই ক্রীড়াচ্ছলে আমরা যে ব্যাঘ্রকে সৃষ্টি করেছি, যত দিন যাবে, তার আসফালন আমাদের তত প্রত্যক্ষ করতে হবে। তাকে পুনরায় মূষিক আকারে ফিরিয়ে আনতে আমরা বোধ হয় কোনদিন পারব না।

স্মৃতি ঃ চুয়ান্ন-পঞ্চান্ন

শক্তি চট্টোপাধ্যায়

ডুরেকাটা সিল্‌ক-পাতা মনস্বী পড়ুয়া দেবদারু—
পিছনে তামাম মাঠ বড়োসড়ো সবুজ পাপোষ এই প্রতিষ্ঠানে
সিংদরজা, মধুবনী গোঁফ, বাঁধানো চাতাল জুড়ে
দেশলাইবাক্সর মধ্যে দিয়ে চোখ চলে যায় শূন্য করিডোর,
আলো, ভাঙা বরফের চাঁই বিষম ত্রিভুজে, পড়ে আছে
মাড়াবার কেউ নেই, ঠেলে ফেলে দেবে ছাঁচে তেমন লোকের
অত্যন্ত অভাব, এই পড়ন্ত বিকেলে, সন্ধ্যার চৌকাঠে ঠেকে
জনশূন্য করিডোর, উত্থানপতনময় সিঁড়ির মারবেল, পড়ে আছে
দরোয়ান-টুঙি থেকে ধোঁয়া ওঠে কুণ্ডলী পাকিয়ে, ঝরে বটফল
থেত্রান, সকালে সেখানে বসে ঘণ্টা শোনে ধীমান ধীমতী
ক্লাসরুম ভরে যায় মৌমাছিতন্ত্রের মন্ত্রপাঠে
মণি পদ্‌মে হুং ওঁ মণি পদ্‌মে···
ঢাকা বারান্দার খোলে চাকা কাদামাটি নিয়ে আসে
বুড়োসুড়ো কাঁচা ঘাস ফেলে যায় ছড়িয়ে ছিটিয়ে
মনান্তরের মত দাগ, গাড়ী ঝেড়ে যায় উৎক্ষিপ্ত পেট্রোল
স্বাভাবিকতার মাত্রা ঠিক রাখতে প্রাণপণ করে
নিজের সন্ততি এনে সেই পুরাতন ঘরে, বেন্‌চে বসাতে
সাধ হয়। যেন বসে, যেন কাটে পেন্‌সিলকাটার
ছুরিতে নিজের নাম হাইবেন্‌চ, দেয়াল, পাথরে।
সাধ হয়, দেবদারু ছায়ার ভিতরে, থেত্রানে, বসে কয় বরষাপীড়িত
সেদিন মনের কথা
মেঘের চাঁদোয়া ফুটো, বৃষ্টি পড়ে সবুজ ছাতায়
পিছনে দেবদারু ফল রাস্তা মরামের শেষে উজ্জ্বল বীজের
আগুনের ফলা টেনে বের করে গাছ হবে বলে।
গাছ হয়!

মৃত বন্ধুর জন্য

শঙ্খ ঘোষ

এবার আমাদের শান্ত উৎসবে
তোমার নামে কোনো আসন নেই
এবার অর্জুন কিংবা সেগুনের
পায়ের নিচে শুধু প্রাচীন ধ্বস
সেখানে অবনত মুখের টেরাকোটা
এভাবে ভেঙে যাবে তা ভাবে নি ও
তুমি যে নেই আজ সেটাই স্বাভাবিক
তুমি যে ছিলে সেটা অভাবনীয়।

খোলামকুচিগুলি দু'হাতে তুলে নিলে
আকাশও হয়ে ওঠে শিলালিপি
সময় থেমে যায় বুকের কাছে এসে
মাটিতে পড়ে থাকে আধা বিকেল
তখন আমাদের নিঃস্ব স্মৃতিভার
যেভাবে দিতে চাই সেভাবে নিয়ো
তুমি যে নেই আর সেটাই স্বাভাবিক
তুমি যে ছিলে সেটা অভাবনীয়॥

যন্ত্রণা নেই

শৌভিক মজুমদার

ঝুরঝুর পাতাদের ফাঁক থেকে তৃপ্তি ঝরে পড়ে,
পুকুরের ধার ঘেঁষে শুয়ে আছে নির্জনতা।

এখন যন্ত্রণা নেই।
টলমলে ছবিদের গালে
জমে আছে ভালোবাসা,
শুয়ে আছে চুপচাপ সবুজ জলজ মনে।

লালচে ভেজা সিঁড়ি মেখে আছে
টলটলে ঘুম —
ঝাঁঝির জঙ্গল ছুঁয়ে গেল দু'একটা এলোমেলো ঘাই।

এখানে স্বপ্ন আছে।
ঝুঁকে-পড়া কুলগাছ, অন্ধকার জলে
শুয়ে আছে সবুজাভ ছোটখাট পাতা।
কোনোকালে পড়ে-থাকা এক ফোঁটা ঘাস
জেগে আছে চুপচাপ।

আকাশে নীলাভ রোদ,
ঢেউ-ঢেউ মেঘেরা মেখে আছে ঘুম।
এখানে নির্জনতা — স্বপ্ন —
যন্ত্রণা নেই।

আত্মঘাতী বনস্থলীর গান

T. S. Eliot-এর প্রতি শ্রদ্ধাঞ্জলি

সোমেশলাল মুখোপাধ্যায়

[আমি ক্ষীণ, শব্দহীন, সুশোভন প্রত্যয়বিহীন···
It's impossible to say just what I mean]

এভাবে পারিপার্শ্বিক আয়নাগুলি মাড়াতে মাড়াতে
আমরা হেঁটে যাই সেই সমুদ্রের দিকে —
সমুদ্র? না, নির্জন সেই বিস্তৃতির কাছে,
যেখানে শব্দময় হয়ে ওঠে তৃপ্তিহীন পরাভবগুলি?
স্থিত হই! নির্জনতা কথা বলে। গূঢ়তর প্রশ্ন আসে ফিরে···
জানা যায়, তেমন কোনো ব্যক্তিগত বিস্তৃতিও ছিলোনা কোথাও,
ঈশ্বর ছিলোনা কোনো দূরলিপ্ত স্মৃতির প্রাচীরে!

কেননা, পরিপার্শ্ব জুড়ে প্রসারিত আয়নাসমূহ,
সময়ের অক্ষরবৃত্তে যাকে অনেকে বাস্তবতা বলে,
আমাদের কারো জন্যে রেখে দেয়নি কল্পনার ততটা অবকাশ —
ততটা হাত-পা-খুলে আরামে ভেসে যাওয়ার নিশ্চিন্ত কল্পলগন
আমাদের প্রতিবিম্বে পড়ে থাকে অসুস্থতা, নোংরা পথ, এবং সে পথে
সহনশীলতা নিয়ে, নাক চেপে, যতদূর হেঁটে যাওয়া যায়,
দেখা যায়—সমুৎসুক রোদ্দুরের পাশাপাশি পড়ে আছে বমি
পৃথিবীতে; আকাশের তথাকথিত বিস্মরণ অস্বীকার করে!

দেখা যায়—ডুবে আছে পথঘাট সে-প্রাচীন বিবমিষা নিয়ে
যেরকম বমনেচ্ছা জেগে ওঠে কখনোবা একা
সেইসব বুড়োদের, সেইসব ছেলেমেয়েদের,
অদ্ভুত ধোঁয়ার মধ্যে ঘরে, কিংবা চায়ের দোকানে,
(বাহিরে রয়েছে খুব মৃদু আলো, ভিতরের লোড্‌শেডিং-এর
যথাযথ পরিবর্তের মতো স্ববিরোধী যার অধিকার,
যে আলোর মায়াবাষ্পে সব ধোঁয়া, সব রুগ্ন সংশয়, পেয়েছে নীলিমা!)
যেখানে ছড়িয়েছিলো পীতাভ রেটিনাগুলি
কোনো স্থির উষ্ণতার খোঁজে,
সেইখানে, যারা শুধু সময় কাটাবে বলে একমাথা অভিমান নিয়ে বসে আছে!
প্লে-ব্যাক্ সুরের মতো বাস্তবতা চারিদিকে ছড়িয়ে রয়েছে···

আমরাও জেনেছি এই অভিমান!
আমাদেরও মগজের আত্মঘাতী বনস্থলে গান
গেয়েছিলো সেই পাখি—যার শব হারিয়েছে কবে ইতিহাসে।
সেই গানে আমরাও চাতকের অনুসন্ধিৎসা নিয়ে খুঁজেছি আরাম।
প্রথানুসারী মননে, অবিকল পড়েছি দর্শন।
সাময়িক আয়নায় তখনি আবার সব স্মৃতি-সত্তা প্রতিফলনের
অন্তঃসলিলা পথে প্রবাহিত হ'য়ে গিয়েছিলো···
ক্রমশ হয়েছি ক্ষীণ, শব্দহীন, সুশোভন প্রত্যয়বিহীন;
আমরাও জেনেছি কোন্ অভিমানে রোজরোজ সন্ধ্যা এসে ঢেকে দেয় দিন,
এবং কী অভিমানে পুনর্বার রোদ চায় মানুষের যান্ত্রিক শরীর!

অথচ, জীবন মানে, মনে হয়, শুধু নিছক সময় কাটানো!
আর কিছু নয়!
বাস্তবের অভিঘাতে যেরকম দেখা গেছেঃ রবিবার থেকে বরিবার —
এইভাবে শেষ হ'য়ে যায় প্রেম, ইতিহাস, মানবসংসার···
এইভাবে বারবার অনিচ্ছুক পা দু'টিকে সময়ের দর্পণে হাঁটানো —
আর কিছু নয়।
যাবতীয় প্রতীক্ষার করিডরে, স্মৃতিদের নষ্ট শব ঘেঁটে ঘেঁটে ঘেঁটে
প্রতিফলনের খোঁজে সময় কাটানো—তাকে বেঁচে থাকা বলে!

অতএব ঘুম পায়। আত্মঘাতী তন্দ্রায় পাখিরাও হ'য়ে যায় স্মৃতি!
প্রতিফলনের মধ্যে অনুদার পড়ে থাকে তাদের হারানো ঠোঁটগুলি।
কুড়োই। সন্দেহবশে ফেলে দিই ছায়াময় দিগন্তের দিকে।
ফেলি যে, কোথাও কোনো পতনের শব্দ কিছু নেই···
কোনোখানে প্রত্যাশিত প্রতিধ্বনি নেই···
ততক্ষণে সে পতন বহুদূর স্মৃতি হ'য়ে গেছে।

এভাবে স্বপ্নচারী পরাভবের বনস্থলে জেগে থাকে যে-একাকী সাপ
প্রাকৃত ঘুমের কফে ঢাকা পড়ে তার দেহ···
প্রাকৃত ঘুমের কফে বিস্বাদ হ'য়ে যায় মানুষের স্বাদু স্বকীয়তা!
শুধু সেই আচরিত পরিপার্শ্ব কল্পনায় করে প্রতিধ্বনি।

রোদ্দুরের জিঘাংসায় আশরীর ডুবে থাকে আধো-জাগরূক মানুষেরা,
কল্পনার ব্যক্তিগত পথে ঘাটে পড়ে থাকে বাস্তবের বমি!

কথা ছিল

মণিকুন্তলা মুখোপাধ্যায়

ক্ষমা কোরো।
কথা ছিল, বাইরে থেকে
কামান দেগে উড়িয়ে দেব
কঠিন প্রাচীর,
ফুটিয়ে দেব শ্বেতপদ্ম,
শুকনো ঘাসের মর্মমূলে।
সেই কথা আজ হালকা হাওয়ায়
পথের 'পরে ভেসে বেড়ায় —
ক্ষমা কোরো।

কথা ছিল, সাপের চোখে,
জ্বালিয়ে দেব হলদে আলো,
মগ্ন মণির দমকা ছোঁওয়ায়
রাজকুমারী উঠবে জেগে।
সেই কথা আজ পুকুর পাড়ের
শ্যাওলাপাঁকে ডুবে গেছে
ক্ষমা কোরো।

কথা ছিল, সিক্ত সেতু
পেরিয়ে আমি পৌঁছে যাব
নীল দরিয়ার মধ্যিখানে,
পানকৌড়ির গায়ের পালক
আনব চেয়ে, ঢাকব আকাশ
সেই কথা আজ
বাজনদারের ঢাকের সুরে
হারিয়ে গেছে —
ক্ষমা কোরো।

কথা ছিল সাত প্রেয়সীর
গলায় দেব মুক্তোমালা
সবুজ বনে পাতব আসর,
জ্যোৎস্না দিয়ে গড়ব কুটির;
সেই কথা আজ
শাল-মহুয়ার
পাতার সাথে খসে গেছে,
ক্ষমা কোরো॥

নবজন্ম

(ইয়েট্‌স্‌ থেকে অনুবাদ)

নন্দিনী বসু

আমি দেখেছি তাদের দিনের শেষে,
দেখেছি তাদের শীর্ণ উজ্জ্বল মুখ,
আসছে তারা শতাব্দীর ভারে অন্ধকার
অফিস বাড়িগুলো থেকে।
দেখা হলে পাশ কাটিয়ে গেছি
কিংবা অল্প হেসে ভদ্রতা করেছি
বলতে হয়েছে কতগুলো অর্থহীন কথা
(কি? কেমন আছেন? ছেলেমেয়ের খবর কি?)
ক্লাবে কিংবা ঘরে পরনিন্দা পরচর্চা করেছি
(জানেন তো সেই মেয়ের খবর? আরে মশায় কে না জানে।)
আড্ডা উঠেছে জমে
বুঝেছি তারা এবং আমি
বেঁচে আছি দিনের পর দিন শুধু বাঁচার জন্য
অর্থহীন ভাবে।
বদলে গেছে বদলে গেছে সবই
পুরাতনের মৃত্যু হ'ল আজ
জন্ম নিল ভীষণ সুন্দর॥

দৈনন্দিন জীবনের মাঝে
অতি সাধারণ একটি মেয়ে
যার চিল চিৎকারে টুকরো টুকরো
হয়েছে রাতের অন্ধকার
সেই নারীই হয়ে উঠেছে অনুপম
তারই মাঝে আমি দেখেছি প্রকৃত সুন্দর।
ওই যে নিতান্ত সামান্য
খেটে খাওয়া স্কুল-মাস্টার

সেও এগিয়ে এসেছে
গেয়েছে জীবনের জয়গান
সেদিন তুলনা পাইনি তার।
ওই যে মদখোর লম্পট
এতদিন যাকে ঘৃণা করেছে
আমার সমস্ত অন্তর
আমার গানে তারও রয়েছে স্থান
তারও জীবন-নদীতে উঠেছে নতুন সঞ্চার
সেও বদলে গেছে।
পুরাতনের মৃত্যু হ'ল আজ
জন্ম নিল ভীষণ সুন্দর॥

*　　*　　*　　*

কতদিন কতকাল এই বুক-ফাটা যন্ত্রণা
কবে শেষ হবে মৃত্যুর দিকে এই অনন্ত যাত্রা?
আমি জানি না
শুধু জানি ছুটে যেতে হবে উদ্দাম বেগে
যতক্ষণ না নেমে আসে
রাতের ক্লান্ত ছায়া
মৃত্যুর নিশ্চিত বিশ্রাম।
এত হাহাকার, এত বলিদান তবে কি ব্যর্থ সবই
উদ্দীপ্ত ব্রিটিশ-সূর্য হয়নি তো ম্লান
তবে কি নিষ্প্রয়োজন এই মৃত্যু?
মিথ্যা এই ত্যাগ?
ওদের স্বপ্ন তো মিথ্যা নয়
তবুতো ওরা স্বপ্ন দেখেছে
মৃত্যু বরণ করতে পেরেছে
নির্ভয়ে নিঃসংশয়ে
এত ভালবাসতে পেরেছে।
আমার কবিতায় লিখি তাদের নাম —
ম্যাকডোনাগ, ম্যাকব্রাইড
কনোলী, পিয়ার্স
ওরা সবাই বদলে গেছে
বদলে গেছে বাহির অন্তর।
পুরাতনের মৃত্যু হল আজ
জন্ম নিল ভীষণ সুন্দর॥

[১৯১৬ সালে ইস্টার সপ্তাহে অনুষ্ঠিত আয়ারল্যাণ্ডের বিখ্যাত বিপ্লব উপলক্ষ্যে ইয়েট্‌স এই কবিতাটি রচনা করেন। ইংল্যাণ্ডের সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে আইরিশদের এই বিপ্লব সফল হয়নি। ইয়েট্‌স্‌ এই বিপ্লবের সমর্থক ছিলেন না। এমন কি এই বিপ্লবের প্রয়োজনীয়তা সম্বন্ধেও তাঁর যথেষ্ট সন্দেহ ছিল। তবু বিপ্লবীদের বীরত্ব এবং নিঃস্বার্থ ত্যাগ তাঁকে অভিভূত করে।

ইয়েট্‌স্‌ চিরজীবন সৌন্দর্যের পূজারী ছিলেন। তাঁর কবিতায় তিনি সৌন্দর্যের ধ্যান করেছিলেন। তিনি মনে করতেন শিল্পের মহত্ত্বের মাধ্যমে আমরা জীবনের তুচ্ছতাকে অতিক্রম করতে পারি। তাই শিল্পকে তিনি জীবনের উপরে স্থান দিয়েছেন। প্রথম জীবনে তিনি কিছুটা escapist ধরণের মনোবৃত্তি পোষণ করতেনঃ সাধারণ দৈনন্দিন জীবন কুৎসিত, অসুন্দর; তাই বাস্তব জীবন থেকে সরে না এলে কবিতা রচনা সম্ভব নয়।

কিন্তু আয়ারল্যাণ্ডের এই বিপ্লব দেখে তিনি আশ্চর্য হয়ে যান। তিনি উপলব্ধি করেন সাধারণ দৈনন্দিন জীবনের মধ্যেও মহত্ত্বের, সৌন্দর্যের জন্ম হতে পারে। তিনি দেখেছেন এই বিপ্লবের মধ্যে দিয়ে অতি সাধারণ মানুষও তার তুচ্ছতা, তার নগণ্যতা, তার জীবনের অর্থহীনতাকে অতিক্রম করে অনুপম হয়ে উঠেছে। তিনি বুঝেছেন এই সৌন্দর্য বাস্তব থেকে দূরে সরে এসে পাওয়া যায় না। বাস্তবের মধ্যেই এর জন্ম। এই কবিতাটিতে তিনি এই ভীষণ সুন্দরের জন্মের জয়গান গেয়েছেন।

আমি আমার অনুবাদে কবিতার তৃতীয় stanzaটি বাদ দিয়েছি।]

পলাতক

ভবানীপ্রসন্ন চক্রবর্তী

ভূতত্ত্ব নিয়ে পাশ করে ভারতের বিভিন্ন জায়গায় নানা কোম্পানির হয়ে ঐ বিষয়ে কাজ করে আসছিলাম। এ কাজে দুর্গম পাহাড়-জঙ্গলে ঘুরে-ঘুরে পাথর পরীক্ষা করতে হত; অনেক জন্তু-জানোয়ারের সংস্পর্শেও আসতে হত। তাছাড়া জঙ্গলে কাজ করেন এমন অনেক লোকের সঙ্গেও আলাপ হত।

উড়িষ্যার একটি দেশীয় রাজ্যের রাজার আত্মীয় লালুবাবুর নাম অনেকদিন থেকেই শুনে আসছি। তিনি অসংখ্য বাঘ মেরেছিলেন—সবই মানুষখেকো বাঘ। লোকের মুখে তাঁর নাম কিংবদন্তী হয়ে পড়েছে। অনেকে বিশ্বাস করে বাঘের সামনে পড়লে লালুবাবুর নাম উচ্চারণ করলেই বাঘ পালাবে। একবার লালুবাবুর সঙ্গে পরিচয় হল। তাঁর শিকারের কয়েকটি ঘটনা তাঁর মুখে শুনলাম। লালুবাবু বলেছিলেন, প্রত্যেকটি বাঘ তিনি মাথায় গুলি করেই মারতেন। মাথায় গুলি করে মারা শিকারীর পক্ষে গৌরবের; কিন্তু জিম করবেট এক বইতে লিখেছেন যে, মাটিতে দাঁড়িয়ে বাঘ মারতে কখনো মাথায় মারা উচিত নয়, মাথায় ঠিক মত লাগলে বাঘ তৎক্ষণাৎ লুটিয়ে পড়বে ঠিক, কিন্তু ঠিকমত না লাগলে বাঘ শিকারীকে মেরে ফেলবে। লালুবাবু কিন্তু বললেন যে, তাঁর পক্ষে মাথায় মারতেই সুবিধে হয়—সামনের দিক থেকে মারলে কপালে দুই চোখের মাঝখানে, আর পাশ থেকে মারলে কানের এক ইঞ্চি নিচে। তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে বাঘ বিদ্যুতগতিতে লাফিয়ে পড়লে বা দৌড়ালে তাকে ঠিক জায়গায় মারা কী করে সম্ভব? তিনি বলেন সবই অভ্যাসে হয়; ছ-বছর বয়েস থেকেই রাইফেল ছুঁড়ছেন, হাতের বুড়ো আঙুলে একটা সিকি রেখে টোকা দিয়ে তাকে শূন্যে ছুঁড়ে মাটিতে পড়বার আগেই রাইফেলের গুলি করে উড়িয়ে দেওয়া অভ্যাস করেছেন। তাঁর মতে নার্ভাস না হয়ে স্থির থাকা, বিদ্যুতগতিতে কর্তব্য স্থির করা এবং নিখুঁত লক্ষ্যভেদ—এই কয়টিই শিকারের সাফল্যের কারণ।

লালুবাবুর মুখে যেসব কাহিনী শুনছি তার একটি তাঁর নিজের জবানীতেই লিখিছি। ঘটনাটি ১৯৪০ সালের আগের।

"একবার রাজাসাহেব তাঁর এক ক্যাম্পে আমাকে ডেকে পাঠালেন। গিয়ে দেখি রাজাসাহেবের পাশে এক ইংরেজদম্পতি। পরিচয় করে দিয়ে রাজাসাহেব বললেন যে ওঁরা তাঁর বন্ধু, বাঘ শিকার করতে এদেশে এসেছেন। একটু আগেই তিনি খবর পেয়েছেন ওখান থেকে ছ'-মাইল দূরে এক গ্রামে বাঘ একটি লোককে মেরেছে, আমি যেন কাল ভোরেই সেখানে গিয়ে সুবিধা মত জায়গায় মাচা তৈরী করে খবর দিই যাতে ইংরেজ-দম্পতি সেখানে বসে বাঘ শিকার করতে পারেন।

সেখানকার রাস্তা আমার জানা ছিল। গভীর জঙ্গলের মধ্য দিয়ে পায়ে হাঁটা রাস্তায় ছ'মাইল গেলে সেই গ্রামে পৌঁছাব। আমি রাত একটায় রাইফেল এবং টর্চ নিয়ে একাই রওনা হলাম। নেহাত প্রয়োজন না হলে টর্চ জ্বালতাম না। কিছু রাস্তা চলার পর

হঠাৎ যেন একটা নরম বস্তার উপর পড়লাম। লাফ দিয়ে উঠে দাঁড়িয়ে টর্চ জ্বালতেই দেখলাম একটা ভাল্লুক! ভাল্লুকটা উঁইয়ের গর্তে মুখ ঢুকিয়ে উঁই খাচ্ছিল।

গ্রামে গিয়ে শুনলাম আগের দিন দুপুরে তাদের গ্রামের এক রাখাল ছেলেকে বাঘে ধরে নিয়ে গেছে। কয়েকজন সাহসী লোককে নিয়ে ঘটনাস্থলে গিয়ে দেখলাম শরীরটা সেখানে নেই। রক্তের দাগ অনুসরণ করে কিছুদূর গিয়ে জঙ্গলের মধ্যে শরীরটা দেখা গেল। একরাত্রের মধ্যেই শরীরের সব মাংস খেয়ে কেবল মাথাটা বাকি রেখেছে। মাথাটা খেতে বাঘ আর আসবে না বুঝে মাচা বানান নিরর্থক মনে করলাম। বাঘটার গতিবিধি দেখবার জন্য পায়ের ছাপ অনুসরণ করে একটা নালার ধারে এলাম। নালায় প্রবল স্রোতে জল বইছে। নালার ধারে একটু হাঁটার পর একটা ঝোপের মধ্য থেকে একটা বাঘ প্রচণ্ড গর্জন করে তীরবেগে আমার দিকে ছুটে আসতে লাগলো। মুহূর্তে রাইফেল তুলে গুলি করলাম; মাথায় গুলি লেগে বাঘটা আমার থেকে কয়েক হাত দূরে লুটিয়ে পড়লো।

রাখাল ছেলেটার দেহাবশেষ সৎকারের জন্য নিয়ে গেল। বাঘটাকে একটা লম্বা গাছের ডালে বেঁধে কয়েক-জন লোক দিয়ে বইয়ে রাজাসাহেবের ক্যাম্পে রওনা হলাম। আমাকে বাঘ নিয়ে আসতে দেখে রাজাসাহেব উত্তেজিত ভাবে চিৎকার করে উঠলেন—"বাঘটাকে তুমিই মেরে নিয়ে এলে?" আমি বললাম বাধ্য হয়েছি মারতে। রাজাসাহেব রাগে যেন ফেটে পড়বেন! বললেন, "এঁরা বিদেশ থেকে এতদূরে এসেছেন বাঘ মারতে, আর তুমি নিজেই মেরে সব আনন্দ নষ্ট করলে?" তখন আমি সব অবস্থা বোঝালুম, ওখানে যে মাচা-শিকার হত না তাও বললাম, আর কি অবস্থায় পড়ে আমি গুলি ছুঁড়েছি তাও বললাম। প্রত্যক্ষদর্শী কুলিরা বাঘ বয়ে এনেছিল, তারাও বললো যে, ঐ অবস্থায় গুলি না করলে আমার মৃত্যু হ'ত। রাজাসাহেব গুম হয়ে বসে রইলেন; আমিও ক্যাম্প থেকে চলে এলাম। তারপর কয়েকদিনই রাজাসাহেবের সঙ্গে দেখা হল; কিন্তু তিনি আমার সঙ্গে কথা বললেন না।

কয়েকদিন পর রাজাসাহেব ফের আমাকে ডেকে পাঠালেন। আমি লেগে তিনি বললেন যে, তিনজন মিলি-টারী সাহেব আসবেন শিকার করতে। সব রকমের শিকার পাওয়া যায় এমন এক জঙ্গল নির্বাচন করে সেখানে তাঁদের থাকার উপযুক্ত ক্যাম্প বানাতে হবে এবং শিকারের সবরকম বন্দোবস্ত করতে হবে। আমি শিকারের উপযুক্ত জায়গার নাম বললাম, রাজাসাহেবও তাতে সম্মতি দিলেন।

আমি সেখানে গিয়ে বন্দোবস্ত আরম্ভ করলাম। সেখানে আমাদের ছোট একটা ক্যাম্প ছিল। তার পাশে জায়গা পরিষ্কার করে একটা পাঁচ-কামরা ক্যাম্প বানালাম। প্রত্যেক ঘরের সঙ্গে বাথরুম, বাথটব বসান হ'ল; সিমেণ্ট-পলস্তারা দেওয়া মেঝে, গালিচা বিছান। বাবুর্চিখানা এবং আরও তিন-চারখানা ঘর হল। আমি রাজাসহেবকে জানিয়ে দিলাম। তিনি জানালেন কাল তাঁরা সবাই আসবেন ক্যাম্পে। ফার্নিচার, খাবারের আর শোবার জিনিস-পত্র আজই পৌঁছে যাবে। কালই প্রথম শিকারের বন্দোবস্ত যেন করা থাকে। আমি পরের দিন হাঁকা-শিকারের জন্য দু' হাজার কুলির বন্দোবস্ত করলাম। জানোয়ারের চলার পথে গাছের ডালে তিনটি মাচা করলাম, সেখানে কোন কুলি থাকবে না; আর সমস্ত জঙ্গলটাকে ঘিরে কুলিরা ক্যানেস্তারা পিটিয়ে চিৎকার করতে-করতে এগিয়ে আসতে থাকবে যেন জানোয়াররা মাচার দিকে আসে। সব বন্দোবস্ত করে রাত্রে ঘুমতে গেলাম।

শেষ রাত্রে জেগে গেলাম। আর কয়েক ঘণ্টা পরেই শিকার শুরু। উঠে চা খেলাম। শুনতে পেলাম ক্যাম্পের খুব কাছেই একটা বনমোরগ ডাকছে। ওটাকে মারবার খুব ইচ্ছে হল। বন্দুক ছাড়া বনমোরগ শিকার সুবিধা হয় না; কিন্তু আমার কাছে আছে শুধু একটা রাইফেল, ওটা নিয়েই রওনা হলাম। টিপ্-টিপ্ করে বৃষ্টি পড়ছে; কালো রং-এর একটা বর্ষাতি এবং মাথাঢাকা টুপি নিলাম—ইচ্ছা একটু বেড়িয়েই দেখা দেখা যাক। আমাকে বেরতে দেখে আমাদের চাকর কালুও আমার সঙ্গে চললো। তখন ঊষার আলো বেশ ফুটে উঠেছে; মোটর-রাস্তা ধরে কিছুদূর গিয়েই দেখলাম একটা সরু বনপথ মোটর-রাস্তায় এসে মিশেছে।

একটু তাকাতেই দেখলাম একটা বিরাট বাঘ হেলে-দুলে বনপথ দিয়ে আসছে। বহু বাঘ শিকার করেছি, কিন্তু এতবড় বাঘ কখনো দেখি নি। মাথাটা একটা বড় থালার মত। লোভ হল; কিন্তু আর কয়েক ঘণ্টার মধ্যেই বিদেশীরা শিকারে আসবেন, এখন যদি এ বাঘ আমি শিকার করি তাহলে রাজাসাহেব আমার রক্ষা রাখবেন না, মাত্র পনেরদিন আগে এরকম অপ্রীতিকর অবস্থা হয়ে গেছে। আমি তৎক্ষণাৎ কালুকে টেনে টেনে নিয়ে রাস্তার মোড়ে ঝোপের আড়ালে রাইফেল তাক করে দাঁড়িয়ে পড়লাম, কালুকে আমার ঠিক পিছনে রাখলাম। বাঘটা এসে মোটর-রাস্তার মোড়েই দাঁড়িয়ে পড়ে সামনের দিকে দেখতে লাগলো। বন ছেড়ে খোলা জায়গায় এলেই বাঘ একবার সামনে দেখে নিয়ে নিশ্চিন্ত হয়ে চলতে আরম্ভ করে। বাঘটা আমার থেকে মাত্র দু' ফিট দূরে, কিন্তু আমার সামনে দাঁড়িয়েছে বলে আমায় দেখতে পায় নি। আমি ঠিক আগের মতই তাক করে দাঁড়িয়ে রইলাম এবং নিঃশ্বাস-প্রশ্বাসে যেন শব্দ না হয় এবং বুক উঁচু নিচু না হয় সেদিকে লক্ষ্য রাখলাম। ভয় হল কালু আবার না শব্দ করে ফেলে। কালু দুবার আঙ্গুল দিয়ে আমার পিঠে খোঁচাল, অর্থাৎ গুলি করতে ইসারা করলো। আমার ভয় হল বর্ষাতিতে আঙ্গুলের খোঁচা লেগে শব্দ হলে বাঘ ফিরে চাইবে। কিন্তু আমি রাইফেল ধরে মূর্তির মত স্থির হয়ে রইলাম। একটু পরেই বাঘটা ফের হাঁটতে শুরু করলো, আমার মনে স্বস্তি এলো। কিন্তু বাঘের লেজটা এপাশে ওপাশে দুলতে একবার আমার পায়ে লাগলো। অস্বাভাবিক স্পর্শ পেয়ে বাঘটা ঘাড় ফিরিয়ে আমাকে দেখেই ঘুড়ে আমার দিকে মুখ রেখে তাকাল। আমি তখনো ঠিক আগের মতই রাইফেল তাক করে স্থির হয়ে দাঁড়িয়ে আছি। বাঘ তখন আমার থেকে মাত্র দু'হাত দূরে! কালো বর্ষাতিতে সারা শরীর-ঢাকা আমাকে স্থির হয়ে দাঁড়ান দেখে বাঘটা বোধ হয় আমি ঠিক মানুষ কিনা তা বুঝতে পারছিল না। মিনিটখানেক বাঘটা এক দৃষ্টিতে তাকিয়ে থাকলো, আর আমিও নিঃশ্বাস-প্রশ্বাসে বুক না কাঁপিয়ে, শব্দ না করে স্থির হয়ে দাঁড়িয়ে রইলাম। কালু আমার মোটা বর্ষাতির আড়ালে ছিলো বলে বাঘ তাকে দেখতে পায় নি। এক মিনিট এইভাবে থেকে বাঘটা দাঁড়িয়ে থেকেই বিরাট গর্জন করলো। বাঘের পেটের বিকট দুর্গন্ধ হাওয়া আমার নাকে ঢুকলো, থুতু আমার সারা মুখে লাগলো; কিন্তু তবুও আমি ঠিক একইভাবে দাঁড়িয়ে রইলাম। তারপর বাঘটা বোধ হয় মনে করলো আমি মানুষ নই, পোড়া কাঠ বা ঐ জাতীয় কিছু; কারণ মানুষ হলে অত গর্জনে না নড়ে পারত না। তাই সে ফিরে চললো। আমার মনে স্বস্তি এলো। কিতু হাত দশেক গিয়ে থেমে ঘাড় ফিরিয়ে তাকাল। তখন আমার মনে হয় হল সে আবার ফিরতে পারে; কারণ সন্দেহ থাকলেই বাঘ ফিরে তাকায়। আমি ঠিক সেই রকম রাইফেল তাক করে দাঁড়িয়ে আছি দেখে বাঘ আবার ফিরে চললো। মোটর রোডের একটা বাঁক পার হয়ে গেলে আমি তার শরীরের একটু অংশ ঝোপের ফাঁকে ফাঁকে দেখতে লাগলাম; তারপর সে ঘন ঝোপের আড়ালে চলে গেলে কালুকে একটু ঠেলা দিয়ে ক্যাম্পের দিকে চলতে বললাম। তারপর সে নড়ছে না দেখে তার দিকে তাকিয়ে দেখি বিভ্রান্ত দৃষ্টিতে আড়ষ্ট হয়ে তাকিয়ে আছে। একটু ঝাঁকি দিলে তার মুখ থেকে আওয়াজ বেরুল—'বা-বা-বা'। আমি তাকে টেনে ক্যাম্পে নিয়ে গেলাম। বেশ কতক্ষণ পরে তার মুখ থেকে একটু একটু কথা ফুটলো। কিন্তু যে সাংঘাতিক মানসিক আতঙ্কে সে পড়েছিল তার দরুণ স্বাভাবিক হতে তার বেশ কয়েক ঘণ্টা লেগেছিল।

বেলা ন'টায় শিকার পার্টি এসে পৌঁছাল। ক্যাম্পের সকলের থমথমে ভাব দেখে রাজাসাহেব আমাকে কারণ জিজ্ঞাসা করলেন। আমার সকল কথা শুনে মিলিটারী সাহেবদের চক্ষু ছানাবড়া! রাজাসাহেব বলে উঠলেন আজ আর কোন শিকার নয়, শুধু বাঘ শিকার হবে। সবাই রাজি। হাঁক-কুলিদের বলে দিলাম তারা দু' মাইল জঙ্গলটা প্রথমে ঘিরে ফেলবে, তারপর ক্যানেস্তারা পিটিয়ে চিৎকার করতে করতে ক্রমশ মাচার দিকে এগিয়ে আসতে থাকবে।

ঘণ্টাখানেক পরে আমরা মাচার দিকে রওনা হলাম। রাজাসাহেব আমাকে বললেন যে, কথা বলে তিনি

বুঝেছেন যে মিলিটারী অফিসারদের শিকারের অভিজ্ঞতা নেই। তাই তাদের একা মাচায় বসতে দেওয়া যেতে পারে না। রাজাসাহেব ও ভাইসাহেব দুজনকে নিয়ে বসবেন; সবচেয়ে বোকাটা থাকবে আমার সঙ্গে।

আমরা গিয়ে মাচায় বসার কিছুক্ষণ পরেই হাঁকা শুরু হ'ল। বিকট চিৎকার করে ক্যানেস্তারা পিটতে-পিটতে কুলিরা আমাদের দিকে এগুতে লাগলো। সব দিকেই চিৎকার কেবল আমাদের মাচার দিকটা নিস্তব্ধ। কিছুক্ষণ পরেই কয়েকটা হরিণ আমাদের মাচার কাছ দিয়ে চলে গেল। তাদের দেখে সাহেব গুলি করার জন্য রাইফেল তুলতেই আমি চেপে বললাম 'আজ কেবল বাঘ'। ক্রমে অনেক জানোয়ার চলে গেল। কুলিরা অর্ধেক রাস্তা এসেছে এমন সময় ওদের চিৎকার ছাপিয়ে বাঘের বিরাট গর্জন শুনতে পাওয়া গেল। আমি রাজাসাহেবকে চিৎকার করে বললাম যে, বাঘ নিশ্চই কোন কুলিকে জখম করে লাইন ভেঙ্গে পালিয়েছে; এ ভয়, ক্রোধ বা বিরক্তির গর্জন নয়, আক্রমণের গর্জন—আজ আর বাঘ পাবার আশা নেই। কিছুক্ষণ পরে খবর এলো আমি যা বলেছি তাই ঠিক; আর যে বাঘটা পালিয়েছে তার মত বড় বাঘ নাকি কুলিরা জীবনে দেখেনি। বাঘ পালিয়ে গেল, আর নিয়ে গেল একজন কুলিকে তার পরিবারের কাছ থেকে বিচ্ছিন্ন করে।"

'মালিনী' ঃ পুনর্মূল্যায়ন

তপোব্রত ঘোষ

পরিণত প্রজ্ঞায় রবীন্দ্রনাথ মানবব্রহ্মবাদী। 'নিখিল পৃথিবী' ও 'নিখিল ইতিহাসলোক' অতিক্রম করে 'আত্মিকলোকে-সর্বমানবচিত্তের মহাদেশে' জন্মগ্রহণই তাঁর মতে 'মানুষের ধর্ম'। ভাষান্তরে একেই বলা চলে ব্যক্তিসীমা থেকে বিশ্বসীমায় মানবচৈতন্যের উত্তরণ। নিজের এই ধর্মবোধের কথা বলতে গিয়ে 'মানুষের ধর্ম' গ্রন্থে রবীন্দ্রনাথ বলেছেনঃ "আমার জন্ম যে পরিবারে সে পরিবারের ধর্মসাধনা একটি বিশেষ ভাবের। উপনিষদ এবং পিতৃদেবের অভিজ্ঞতা, রামমোহন এবং আর আর সাধকদের সাধনাই আমাদের পারিবারিক সাধনা।...আমি ইস্কুল পালানো ছেলে। যেখানে গণ্ডী দেওয়া হয়েছে, সেখানেই আমি বনিবনাও করতে পারি নি। যে অভ্যাস বাইরে থেকে চাপানো, তা আমি গ্রহণ করতে অক্ষম।"

'মালিনী' রচনার কয়েকমাস আগে লেখা ছিন্নপত্রাবলীর দু'টি চিঠি এই প্রসঙ্গে উদ্ধারযোগ্য। ২৩৮ সংখ্যক পত্রে রবীন্দ্রনাথ বলেছেনঃ "ঠিক যাকে সাধারণতঃ ধর্ম বলে, সেটা যে আমি আমার নিজের মধ্যে সুস্পষ্ট দৃঢ়রূপে লাভ করতে পেরেছি তা বলতে পারিনে, কিন্তু মনের ভিতরে ভিতরে ক্রমশঃ যে-একটা সজীব পদার্থ সৃষ্ট হয়ে উঠছে তা অনেক সময় অনুভব করতে পারি।...শাস্ত্রে যা লেখে, তা সত্য কি মিথ্যা বলতে পারিনে, কিন্তু সে-সমস্ত সত্য অনেক সময় আমার পক্ষে সম্পূর্ণ অনুপযোগী—বস্তুত আমার পক্ষে তার অস্তিত্ব নাই বললেই হয়।" ২৩৬-সংখ্যক পত্রে এই বক্তব্যকেই বিশদ আকারে পাওয়া যায়। রবীন্দ্রনাথ বলেছেনঃ "আমরা বাইরের শাস্ত্র থেকে যে ধর্ম পাই, সে কখনো আমার ধর্ম হ'য়ে ওঠে না, তার সঙ্গে কেবল একটা অভ্যাসের যোগ দৃঢ় হ'য়ে আসে। যে ধর্ম আমার জীবনের ভিতরে সংসারের দুঃসহতাপে ক্রিস্টালাইজ্‌ড্ হ'য়ে ওঠে সেই আমার যথার্থ।...সেই জিনিসটাকে নিজের মধ্যে উদ্ভূত করে তোলাই মানুষের পক্ষে মনুষ্যত্বের চরম ফল। চরম বেদনায় তাকে জন্মদান করতে হয়, নিজের শোণিত দিয়ে তাকে প্রাণদান করতে হয়।" রবীন্দ্রনাথের ক্ষেত্রে এই ধর্ম কোনো 'বাইরে থেকে পাওয়া' শাস্ত্রীয় ধর্ম নয়, তা একান্তভাবেই মানবধর্ম। এই মানবধর্মেরই শেষ কথা হ'ল প্রেমের ধর্মঃ 'সৃষ্টির শেষ রহস্য—ভালোবাসার অমৃত'।১

এই তত্ত্বেরই নাট্যরূপ 'মালিনী'। জন্মসূত্রে মালিনী পেয়েছিল হিন্দুধর্মের সংস্কার। কাশ্যপশিষ্যা গুরুর কাছে গ্রহণ করেছিল বৌদ্ধধর্মের দীক্ষা। কিন্তু কোনোটিই তার নিজের প্রাণলোকে পরম সত্য হ'য়ে ওঠে নি। সুপ্রিয়কে ভালোবেসেই সে পেল তার প্রাণের ধর্ম, এই প্রেমের ধর্মের জয়ধ্বনিই 'মালিনী'র মর্মান্তিক পরিণতির অপূর্ব রসমোক্ষ রচনা করেছে।

২

মূল বৌদ্ধকাহিনীর সঙ্গে রবীন্দ্রসৃষ্ট নাট্যরূপের তুলনা করলেই 'মালিনী' নাটকে উচ্চারিত মানবধর্মের

স্বরূপ উন্মোচিত হবে। মহাবস্তুবদানের অন্তর্গত 'মালিনীবস্তু' থেকেই 'মালিনী' নাটকের আখ্যানভাগ গৃহীত। রাজেন্দ্রলাল মিত্রের *The Sanskrit Buddhist Literature of Nepal* গ্রন্থটি এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। 'মালিনী' রচনার প্রায় তিন বৎসর আগে ইন্দিরাদেবীকে লেখা ছিন্নপত্রাবলীর ৮৬-সংখ্যক পত্রে দেখা যাচ্ছে রাজেন্দ্রলালের গ্রন্থটি শিলাইদহবাসকালে কবির নিত্যসঙ্গী ছিল। এই গ্রন্থটি থেকে প্রত্যক্ষ-ভাবে রবীন্দ্রনাথ যেসব কবিতা ও নাটকের উপাদান সংগ্রহ করেছেন তার একটি আভাস পাওয়া যায় কবি-পঠিত ও বিশ্বভারতীর রবীন্দ্রসদনে সংরক্ষিত গ্রন্থটির প্রথমেই তাঁর স্বহস্তলিখিত তালিকা থেকে। ঐ তালিকার মধ্যে 'মালিনী'র নামও মেলে।২ কিন্তু মনে রাখা প্রয়োজন যে মহাবস্তুবদানের সুদীর্ঘ 'মালিনীবস্তুর' একটি অতি-সংক্ষিপ্ত রূপই রাজেন্দ্র-লালের গ্রন্থে পাওয়া যায়। রাজেন্দ্রলালের গ্রন্থটি প্রকাশিত হয় ১৮৮২ খ্রীষ্টাব্দে। এর অন্তত অর্ধ-শতাব্দীকাল পূর্বে হজসন নেপাল থেকে সংস্কৃত-বৌদ্ধ শাস্ত্রগ্রন্থাদি আবিষ্কার ও প্রকাশ করেন। 'মালিনী' রচিত হওয়ার আগেই সম্পূর্ণ মহাবস্তুব-দানের একাধিক পূর্ণাঙ্গ অনুবাদ প্রকাশিত হ'য়ে গিয়েছে। এর মধ্যে E. Senart কৃত অনুবাদটি খ্যাতি অর্জন করেছিল। ১৮৪০ শকাব্দের শ্রাবণ-ভাদ্র সংখ্যার তত্ত্ববোধিনী পত্রিকায় পণ্ডিত হরিদেব শাস্ত্রী "বৌদ্ধ মহিলা রাজনন্দিনী মালিনী" শীর্ষক নিবন্ধে মালিনীর জীবন সম্পর্কে কিছু ভিন্ন প্রকার তথ্য প্রকাশ করেন। কাজেই সম্পূর্ণ 'মালিনীবস্তু' রবীন্দ্রনাথের অজানা থাকার কথা নয়।

'মহাবস্তুবদানে' মালিনীর দুইজন্মের ইতিহাস লিপি-বদ্ধ আছে। কাশীনগরীর জনৈক গ্রামাধ্যক্ষ কন্যা আজীবন এক 'প্রত্যেক বুদ্ধের'৩ সেবায় নিযুক্ত ছিল। 'প্রত্যেকবুদ্ধের' নির্বাণলাভের পর, তাঁর দেহাবশেষের উপর নির্মিত স্তূপটি অসংখ্য পুষ্পমাল্যে সজ্জিত করে সেই কন্যা নানা উপচারে প্রতিদিন পূজা করত। স্তূপটি যেমন মাল্যশোভিত, জন্মান্তরে সেও যেন ঐরূপ মাল্যশোভিতা রূপে আবির্ভূত হয়—এই ছিল কন্যার মনোবাসনা। মৃত্যুর পরে সুকৃতির ফলে দেব-কন্যারূপে সে স্বর্গলোকে উপনীত হল এবং পরিশেষে মর্ত্যলোকে অবতরণ করে বারাণসীরাজ কৃকির কন্যা রূপে নবজন্ম লাভ করল। পূর্ব প্রার্থনা অনুযায়ী রত্নমাল্যে সুশোভিতা বলেই তার নাম হল মালিনী।৪ রাজা কৃকি সনাতন বৈদিক-ধর্মাবলম্বী ব্রাহ্মণ। স্বভাবতই কন্যাকে তিনি ব্রাহ্মণ-সেবায় আদেশ দিলেন। কিন্তু উদ্ধত, চপল, অবিনীত ও ইন্দ্রিয়পরায়ণ ব্রাহ্মণ-দের প্রত্যক্ষ করে মালিনীর মনে জাগল বিতৃষ্ণা। সম্ভবত তার পূর্বজন্মের বুদ্ধভক্তির সংস্কারও এর পশ্চাতে ক্রিয়াশীল ছিল। তবে হরিদেব শাস্ত্রী বলেছেন, মালিনী গোপনে গোপনে বৌদ্ধধর্মশাস্ত্র অধ্যয়ন করে ঐ শাস্ত্রে অসাধারণ বিদুষী হয়ে উঠেছিল। সেক্ষেত্রে, আচারসর্বস্ব ও নানাভাবে বিকৃতিসম্পন্ন তৎকালীন ব্রাহ্মণ্যধর্মের প্রতি মালিনীর অনীহা থাকাই স্বাভাবিক। মালিনী বিংশতিসহস্র শিষ্যাদিসহ বৌদ্ধগুরু কাশ্যপকে রাজান্তঃপুরে নিমন্ত্রণ করল। স্বভাবতই রাজোর ব্রাহ্মণসমাজ এই ঘটনায় ক্রুদ্ধ হলেন। কারণ কৃকির আদেশ অনুযায়ী শুধু ব্রাহ্মণরাই মালিনীর সেবালাভের অধিকারী। বারাণসী নগরে তখন ব্রাহ্মণরাই সংখ্যাগুরু। হাজার হাজার ব্রাহ্মণ সমবেতভাবে দাবি জানালেন মালিনীকে অবশ্যই পরিত্যাগ করতে হবে। প্রজারাও ব্রাহ্মণ্যধর্মের সমর্থক। প্রবল বিদ্রোহের আশঙ্কায় নিরুপায় রাজা অবশেষে ব্রাহ্মণদের দাবিই মেনে নিলেন। রাজে-দ্রলাল বলেছেন যে ব্রাহ্মণরা শুধু মালিনীর নির্বাসনই চেয়েছিলেন। কিন্তু 'মহাবস্তুবদানে' ব্রাহ্মণরা মালিনীকে হত্যা করার সংকল্পেই অবি-চলিত। মালিনীর নির্বাসনসংবাদ শুনে রাজান্তঃপুরে ক্রন্দনের রোল উঠল। পিতা কৃকি অশ্রুসিক্ত কণ্ঠে কন্যাকে বিদায়সম্ভাষণ জানালেন। কিন্তু মালিনী সবিনয়ে সাতদিন সময় ভিক্ষা করে নিল। তারপরে ব্রাহ্মণরা তাকে যে দণ্ডই বিধান করুন, সে তা মেনে নিতে প্রস্তুত। ব্রাহ্মণরা মালিনীর এই প্রার্থনায় সম্মতিদান করলেন। হরিদেব শাস্ত্রীর মতে মালিনী স্বয়ং এবং প্রচলিত কাহিনী অনুযায়ী মালিনীর আমন্ত্রণে সমাগত কাশ্যপ এই সাতদিনের মধ্যেই রাজা,

রাণী, যুবরাজ, আত্মীয়বর্গ, অমাত্য, সৈন্যদল ও পুরবাসীদের অপূর্ব ক্ষমতাবলে বৌদ্ধধর্মে দীক্ষিত করলেন। শাস্ত্রী মহাশয়ের মতে, বিরোধী ব্রাহ্মণরাও বিদুষী মালিনীর আশ্চর্য বাগ্মিতায় অভিভূত হয়ে বৌদ্ধধর্মের মহিমা স্বীকার করেন। অর্থাৎ ধর্মবিরোধে মালিনীই সর্বাংশে জয়লাভ করে। কিন্তু 'মহাবস্তুবদানের' কাহিনীতে এত সহজেই বিরোধ মেটেনি। সপ্তম দিনে, পূর্বশর্ত অনুযায়ী যখন মালিনী 'দুঃখময় সংসার' ত্যাগে প্রস্তুত, তখন নবদীক্ষিত বৌদ্ধগণ মালিনীকে ব্রাহ্মণদের কবল থেকে রক্ষা করার সংকল্প করলেন। রাজেন্দ্রলালের ভাষায়ঃ "The converts regarded Malini as the saviour of their souls." মালিনীকে কেন্দ্র করে বৌদ্ধ-ব্রাহ্মণ সংগ্রাম যখন আসন্ন, তখন ভীত ব্রাহ্মণরা রাজার কাছে আশ্রয় নিয়ে ঘোষণা করলেন যে, মালিনী মুক্ত। কিন্তু 'সর্বদুর্দৈবের মূল' কাশ্যপের বিরুদ্ধে এবার তাঁরা প্রতিশোধ নিতে চাইলেন। কাশ্যপকে হত্যার উদ্দেশ্যে 'ঋষিপত্তনে' তাঁরা বারবার সশস্ত্র সৈন্যদল প্রেরণ করলেন। কিন্তু তাঁদের উদ্দেশ্য প্রত্যেকবারেই ব্যর্থ হল। কাশ্যপ সমস্ত সৈন্যকেই বৌদ্ধধর্মে দীক্ষিত করলেন। অবশেষে ক্ষুব্ধ ব্রাহ্মণেরা দণ্ড ও লগুড় নিয়ে কাশ্যপকে আক্রমণ করলেন। তখন কাশ্যপের আহ্বানে পৃথিবী-দেবতা আর্বির্ভূত হয়ে একটি সুবৃহৎ তালীবৃক্ষ উন্মূলিত করে ব্রাহ্মণদের প্রত্যাঘাত করলেন। ব্রাহ্মণদের কেউবা পলায়ন করলেন, অধিকাংশের মৃত্যু হল।

'মহাবস্তুবদানের' গল্পাংশ এইটুকু। মালিনীর পরিণতি সম্বন্ধে এখানে আর কিছুই বলা হয় নি। শাস্ত্রী মহাশয় অবশ্য জানিয়েছেন যে, বারাণসী নগরের সমস্ত অধিবাসীকে বাগ্মিতাবলে বৌদ্ধধর্মে দীক্ষা দিয়ে মনস্বিনী মালিনী আর সংসারে প্রত্যাবর্তন করতে রাজী হল না। তখন কৃকি-র প্রস্তাব অনুযায়ী সারনাথে একটি মহাবিদ্যালয় প্রতিষ্ঠিত করে মালিনী বৌদ্ধরমণীদের শিক্ষাদানকর্মে আত্মনিয়োগ করল।

প্রথমেই দেখা যাক, রবীন্দ্রনাথের নাট্যকাহিনীর সঙ্গে এই বৌদ্ধ আখ্যানের সাদৃশ্য কতটুকু! নাটকের ঘটনাস্থল কাশী আর্যধর্মের মহাদুর্গস্বরূপ। ক্ষেমংকরের ভাষায় "আর্যধর্ম মহাদুর্গ এ তীর্থনগরী পুণ্য কাশী"। রাজপরিবারও সনাতন ধর্মে বিশ্বাসী। কিন্তু "সৃষ্টিছাড়া বেদছাড়া ধর্মেই" মালিনীর অনুরাগ। তারই আমন্ত্রণে অন্তঃপুরে 'বিধর্মী' সন্ন্যাসী'গণের আবির্ভাব হয়। রাজমহিষী ভীত হন। লোকে বলেঃ "বৌদ্ধেরা পিশাচপন্থী, জাদুবিদ্যা জানে,/ প্রেতসিদ্ধ তারা"। মালিনীর এই নবধর্মচর্চার প্রতি রাজ্যের ব্রাহ্মণ্যধর্মে বিশ্বাসী অধিবাসীগণ বিদ্বিষ্ট, কঠোর পরিহাসপ্রবণ। কিন্তু মালিনীর মনে কোনো শঙ্কা নেই। সে অনুভব করেঃ "...কন্যা আমি নহি আজ,/নহি রাজসুতা—যে মোর অন্তর্যামী/অগ্নিময়ী মহাবাণী, সেই শুধু আমি"। রবীন্দ্রনাথ এখানে 'প্রত্যেকবুদ্ধের' সেবিকা ও দেবকন্যার রূপে মালিনীর পূর্বজন্মের কাহিনীকে সূক্ষ্ম মনস্তাত্ত্বিক ক্রিয়ার মধ্যে দিয়ে সুকৌশলে আভাসিত করেছেন। দ্বিতীয় দৃশ্যে সমবেত ব্রাহ্মণদের মালিনীর নির্বাসনের দাবি সম্পূর্ণ তথ্যসম্মত। ব্রাহ্মণদের বিরুদ্ধে সুপ্রিয় যে নিরর্থক আচারসর্বস্বতা, দাম্ভিকতা ও 'মূঢ়তার দুর্বিনয়ের' অভিযোগ করেছে, 'মহাবস্তুবদানেও' ব্রাহ্মণমণ্ডলী সম্বন্ধে শ্রদ্ধাহীন মালিনীর একই অভিযোগ ছিল। 'মহাবস্তুবদানে' কৃকি বলেছেন বারাণসী নগরী ব্রাহ্মণাক্রান্তা। প্রজাগণ ব্রাহ্মণ্যধর্মের সমর্থক। বৌদ্ধ-বিদ্বেষী ব্রাহ্মণসমাজ বিদ্রোহী হলে রাজ্যধ্বংসের সম্ভাবনা। নাটকেও প্রথম দৃশ্যের শেষাংশে সেনাপতি সংবাদ এনেছেনঃ "...বিদ্রোহী হয়েছে প্রজাগণ/ব্রাহ্মণ-বচনে। তারা চায় নির্বাসন/রাজকুমারীর"। যুবরাজের মুখে শোনা যায়ঃ "সৈন্যগণ নগরপ্রহরী/হয়েছে বিদ্রোহী"। দ্বিতীয় দৃশ্যেই বশীভূত ব্রাহ্মণ্য-সমাবেশে মালিনীর বিজয় বৈজয়ন্তী। প্রচলিত কাহিনীর চেয়ে শাস্ত্রী-প্রদত্ত কাহিনীর সঙ্গেই এর মিল বেশি। সে-খানেও মালিনী তার অসামান্য বাগ্মিতাগুণে সরাসরি বিদ্রোহী ব্রাহ্মণদের নবধর্মে দীক্ষিত করেছিল।

কিন্তু 'এহ বাহ্য আগে কহ আর'। 'মহাবস্তুবদানে' মালিনীর সর্বপ্রধান পরিচয়, সে কাশ্যপশিষ্যা। কাশ্যপ সেখানে অন্যতম প্রধান ক্রিয়াশীল চরিত্র। এমনকি

সেখানে শেষ পর্যন্ত কাশ্যপই মালিনীকে অনেকাংশে আবৃত করে ফেলেছেন। সাতদিনের মধ্যেই তিনি রাজন্যবর্গ, সৈন্যদল ও নাগরিকদের অপূর্ব ক্ষমতায় নবধর্মে দীক্ষিত করেন। উপসংহারে অলৌকিক উপায়ে ব্রাহ্মণদের পরাজয় ও মৃত্যু এবং কাশ্যপেরই জয় ঘোষিত হয়েছে। অথচ নাটকের প্রথম দৃশ্যেই কয়েকটি সংলাপের পরেই তীর্থের পথে কাশ্যপ চিরতরে নিষ্ক্রান্ত হয়েছেন। এই দিক দিয়ে বলা যেতে পারে যে মহাবস্ত্ববদানের 'মালিনীবস্তুর' যেখানে শেষ, রবীন্দ্রনাথের 'মালিনীর' সেখানেই শুরু। অবশ্য একথায় বিপক্ষে কেউ কেউ বলতে পারেন যে শাস্ত্রীমহাশয়ের প্রদত্ত কাহিনীতেও কাশ্যপের উল্লেখ নেই। মনস্বিনী মালিনীই সেখানে বারাণসীবাসীর দীক্ষাদাত্রী। কিন্তু লক্ষ্য করতে হবে, নাটকে মালিনীর সাতদিনের সময় ভিক্ষা যেমন নেই, তেমনি ব্রাহ্মণদের বৌদ্ধধর্মে দীক্ষিত করার প্রসঙ্গও সম্পূর্ণ পরিত্যক্ত হয়েছে। তাছাড়া কাশ্যপের অনুগ্রহ লাভ করা সত্ত্বেও রবীন্দ্রনাথের মালিনীকে ঠিক বৌদ্ধধর্মে একান্ত বিশ্বাসী মনস্বিনী বলা চলে না। 'জ্ঞানসূর্য-উদয়-উৎসবে' তার 'পুষ্পকারাগার' তখনও উন্মুক্ত হয়নি। তার 'অন্তর চঞ্চল যেন বারিবিন্দুসম করে টলমল পদ্মদলে'।

আসলে 'মহাবস্ত্ববদানের' কাহিনী ও রবীন্দ্রনাথের কাহিনীর মধ্যে রূপগত কিছু কিছু সাদৃশ্য থাকলেও স্বরূপলক্ষণে পার্থক্য ঘটে গেছে। বৌদ্ধ কাহিনী একান্তভাবেই ব্রাহ্মণ-বৌদ্ধের ধর্মীয় সংঘাত, ও পরিশেষে বৌদ্ধধর্মের মহিমাকীর্তনের উদ্দেশ্যেই রচিত। কিন্তু রবীন্দ্রনাথের 'মালিনী' আদৌ ব্রাহ্মণ-বৌদ্ধের দ্বন্দ্বাত্মক নাটক নয়। ব্রাহ্মণ-বৌদ্ধ দ্বন্দ্ব এর প্রথমাংশেই কিছুটা স্থান লাভ করেছে, তার বেশি নয়। এখানে একটি কথা উল্লেখযোগ্য। 'মহাবস্ত্ববদানের' মালিনীর তিন জন্ম। প্রথম জন্মে সে 'প্রত্যেক বুদ্ধের' সেবিকা। সেই সুকৃতির ফলস্বরূপ দ্বিতীয় জন্মে সে দেবকন্যা, আর সেই একই সংস্কারকে স্বীকার করে তৃতীয় জন্মেও সে কাশ্যপশিষ্যা বৌদ্ধধর্মচর্যার নেত্রীস্বরূপিণী। অর্থাৎ জন্ম থেকে জন্মান্তরে অবস্থার পরিবর্তন ঘটলেও তার চরিত্রের ধাতুগত কোনো পরিবর্তন হয়নি। গভীরতর বিচারে রবীন্দ্রনাথের মালিনীর মধ্যেও আত্মিক বিবর্তন আবিষ্কার করা যায়। আপন যথার্থ ধর্মের স্বরূপ অন্বেষণে ক্ষান্তিহীন রবীন্দ্রনাথের মালিনীর একই সত্তায় নব নব রূপ। প্রথমেই সে পেয়েছিল তার পিতৃপিতামহের হিন্দুধর্ম, কাশ্যপের দীক্ষায় এরপর সে লাভ করল বৌদ্ধধর্ম। কিন্তু এর কোনোটিকেই সে "নিজের মধ্যেই উদ্ভূত করে তোলে নি"। অবশেষে সমস্ত আরোপিত শাস্ত্রীয় ধর্মের বন্ধন থেকে মুক্ত হয়ে সুপ্রিয়ের ভালোবাসায় যখন সে মানবধর্মে সমুন্নতি লাভ করল, তার আগেই 'মহাবস্ত্ববদানের' বৌদ্ধ কাহিনীর সমস্ত সাদৃশ্যসূত্র ছিন্ন করে সে হয়ে উঠেছে কবিপ্রজাপতির সম্পূর্ণ নতুন একটি অভিনব সৃষ্টি।৫ একথা সত্য যে সুপ্রিয় চরিত্রটি রবীন্দ্রনাথের স্বকপোলকল্পিত। কিন্তু মনে হয় রাজেন্দ্রলালের অনুবাদেই এর ভাববীজটি কবি খুঁজে পেয়েছিলেন। রাজেন্দ্রলালের ভাষায়, নবদীক্ষিতগণের কাছে মালিনী 'আত্মার ত্রাণকর্ত্রী' ('Saviour of soul') রূপেই প্রতিভাত হয়েছিল। আচারসর্বস্ব হিন্দুধর্ম থেকে বৌদ্ধধর্মে দীক্ষা দিয়েই মালিনী তাদের 'ত্রাণ' করেছিল। সম্পূর্ণ নতুন ব্যঞ্জনায় কথাটি মালিনী-সুপ্রিয় সম্বন্ধেও সত্য। মালিনীর করুণাঘন অন্তরের সুধাস্বাদনেই সমস্ত 'পৌরাণিক ধর্মজটিলতা' ভেদ করে সুপ্রিয়ের অন্তরে সমুজ্জ্বল হয়ে উঠেছে মানবধর্মের পরম সত্য। এই গভীরতর অর্থেই সুপ্রিয়ের কাছে মালিনীঃ 'Saviour of soul'।

৩

অথচ সংকোচের সঙ্গেই বলতে হচ্ছে যে রবীন্দ্রনাট্য-সমালোচকগণ 'মালিনী'র অর্থ ও তাৎপর্য বিশ্লেষণে যথেষ্ট অভিনিবেশের পরিচয় দিতে পারেন নি। অধিকাংশ সমালোচক 'মালিনী'কে নিতান্তই হিন্দু ও বৌদ্ধ-ধর্মের একটি দ্বন্দ্বাত্মক নাটক রূপে বিচার করেছেন। স্বভাবতই তাঁদের স্বকল্পিত 'ধর্মীয় বিরোধের' সঙ্গে তাঁরা নাটকের অন্তিমদৃশ্যের সংগতিবিধান করতে পারেন নি বলেই শেষপর্যন্ত বিভ্রান্তিকর সিদ্ধান্তে উপনীত হয়েছেন। আগেই বলা হয়েছে হিন্দু-বৌদ্ধ দ্বন্দ্ব 'মালিনী'র কেন্দ্রীয় বিষয় নয়।

নাটকের সূত্রপাতেই তীর্থযাত্রী কাশ্যপ শিষ্যা মালিনীকে সম্বোধন করে বলেছেনঃ

> ত্যাগ করো, বৎসে, ত্যাগ করো সুখ-আশা,
> দুঃখভয়; দূর করো বিষয়পিপাসা;
> ছিন্ন করো সংসারবন্ধন; পরিহরো
> প্রমোদপ্রলাপ চঞ্চলতা; চিত্তে ধরো
> ধ্রুবশান্ত সুনির্মল প্রজ্ঞার আলোক
> রাত্রিদিন — মোহশোক পরাভূত হোক্।

ছয়টি পঙ্‌ক্তিতে সমাপ্ত এই একটিমাত্র বাক্য আসলে একটি 'ধ্রুবশান্ত' সংকল্পেরই প্রতীক।৬ এখানে কাশ্যপ 'প্রকৃতির প্রতিশোধের' নির্বাণবাদী সন্ন্যাসীরই দোসর। কাশ্যপের এই জীবনবিরোধী বৈরাগ্যধর্মের ঠিক বিপরীত কোটিতে উপনীত হয়েই নাটকের অন্তিম পর্যায়ে মালিনী তার আপন ধর্মকে খুঁখে পেয়েছে। কাজেই মালিনীর 'কাশ্যপশিষ্যা' পরিচয়টুকুই চূড়ান্ত বলে ধরে নিয়ে যাঁরা মালিনীর চরিত্রে অসংগতির অভিযোগ এনেছেন তাঁদের যুক্তি গ্রাহ্য হবে না। আর তলিয়ে দেখলে মালিনী চরিত্রের মানসবিবর্তনের একটি সূক্ষ্ম স্তরপরম্পরা আবিষ্কার করা কঠিন নয়। তবে সংহত নাট্যপরিসরে বিবর্তনের স্তরগুলি যথেষ্ট স্পষ্ট ও পৃথগ্‌ভূত নয়। বরং ইঙ্গিত-প্রতীক-উল্লেখনের মধ্য দিয়ে অভিব্যঞ্জিত।

নাটকের প্রথম তিনটি দৃশ্যের প্রেক্ষাপটের দিকেই সর্বপ্রথম তাকানো যাক। একই দিনের অপরাহ্ণ ও সায়াহ্ণ অতিক্রম করে রাত্রির তমিস্রা এই তিনটি দৃশ্যে ধীরে ধীরে ঘনীভূত হয়ে উঠেছে। ঐ অন্ধকার শুধু নিসর্গলোকেই সত্য নয়, মালিনীর মনোলোকেও সঞ্চারিত। আসলে এই 'অন্ধকার' মালিনীর ধর্ম-বোধের একটি গভীর সংকটেরই প্রতীক। কাজেই প্রথম তিনটি দৃশ্য একত্রে স্বরূপত মালিনীর জীবনের একটি বিশেষ ভাবাবস্থাকেই ব্যঞ্জিত করে। পরবর্তীকালে এই সত্য বুঝতে পেরেছিলেন বলেই রবীন্দ্রনাথ 'মালিনীর' ইংরেজী অনুবাদ করতে গিয়ে ঐ তিনটি দৃশ্যকে সংযোজিত করে একটিমাত্র দৃশ্যে সংহত করেন।৭ প্রথম দৃশ্যে কাশ্যপকে সম্বোধন করে মালিনী আপন চিত্তলোকের স্বরূপ উদ্‌ঘাটিত করে বলছেঃ

> ভগবন, রুদ্ধ আমি, নাহি হেরি চোখে;
> সন্ধ্যায় মুদ্রিতদল পদ্মের কোরকে
> আবদ্ধ ভ্রমরী — স্বর্ণরেণুরাশি মাঝে
> মৃত জড়প্রায়।

রবীন্দ্রদৃষ্টিতে 'হৃৎপদ্মের জাগরণই ধর্মচেতনার নামান্তর।৮ কিন্তু মালিনীর হৃদয় 'সন্ধ্যায় মুদ্রিতদল পদ্মের কোরক'। একদিকে সে পিতৃ-পিতামহের কুল-ধর্ম পরিত্যাগ করে কাশ্যপের কাছে বৌদ্ধধর্মের দীক্ষা-গ্রহণ করেছে; কিন্তু আপন আত্মার মধ্যেই উদ্ভূত হয়ে ওঠে নি বলে এই নবধর্মও তার কাছে স্পষ্ট নয়। সেই 'সংশয়তিমিরে' কাশ্যপের 'বিদ্যুন্ময়ী বাণী' মালিনীর চিত্তাকাশে শুধু 'ক্ষণিকের তরে ক্ষণপ্রভাবৎ' উজ্জ্বল হয়ে উঠেছে। মালিনী যাকে 'মহাক্ষণ' বলে ভুল করেছে তা শুধু ঐ ক্ষণিকের চকিত আলোকোদ্ভাস। কিন্তু বিদ্যুতের আলোয় পদ্মদল উন্মীলিত হয় না, তার জন্য অপেক্ষা করতে হয় সূর্যোদয়ের। 'বাইরে থেকে পাওয়া' নবধর্ম মালিনীর 'পুষ্পকারাগার' উন্মুক্ত করতে পারে নি। মোহাবিষ্ট অন্তরের সেই অস্থির চাঞ্চল্য মালিনীর স্বগতভাষণেই অনাবৃত হয়েছেঃ

> ...কভু বিদ্যুতের মতো
> চমকিছে আলো, বায়ুর তরঙ্গ যত
> শব্দ করি করিছে আঘাত। ব্যথাসম
> কী যেন বাজিছে আজি অন্তরেতে মম
> বারম্বার। কিছু আমি নারি বুঝিবারে
> জগতে কাহারা আজি ডাকিছে আমারে!

চিত্তের এই লক্ষ্যহীন উদ্‌ভ্রান্তিকেই 'মহাক্ষণের' আবির্ভাব-সংকেত বলে ভুল করে মালিনী মানবিক স্নেহপ্রীতির মধুর বন্ধনকে সহজেই অস্বীকার করতে পেরেছে। স্নেহময়ী জননীকে বলেছেঃ

> আমারে ছাড়িয়া দে মা, বিনা দুঃখশোকে —
> শাখা হতে চ্যুত পত্র-সম। সর্বলোকে
> যাব আমি — রাজদ্বারে মোরে যাচিয়াছে
> বাহির-সংসার।

পিতার প্রচ্ছন্ন বাৎসল্যবেদনাকে উপেক্ষা করে মালিনী বলেছেঃ

বন্ধ কেটে দাও মহারাজ,
ওগো, ছেড়ে দে মা — কন্যা আমি নহি আজ,
নহি রাজসুতা.....

কাশ্যপের 'মমত্ববোধবিরহিত চিত্তবিমুক্তির' ধর্মকেই মালিনী আপন ধর্ম বলে বিশ্বাস করেছে। এই বিশ্বাস সম্বল করেই মালিনী স্বেচ্ছায় নির্বাসনদণ্ড গ্রহণ করে রাজপ্রাসাদ থেকে বহির্বিশ্বে বেরিয়ে এল। 'সমস্ত জগৎ হতে অতিশয় দূরে শতভিত্তি অন্তরালে রাজ অন্তঃপুরে' এতদিন মালিনীর জীবন অতিবাহিত হয়েছে। আজ অন্ধকার পেরিয়ে চন্দ্রালোকিত বিশ্বলোকে এই প্রথম 'অভিনিষ্ক্রমণ' আমাদের স্মরণ করিয়ে দেয় 'প্রকৃতির প্রতিশোধের' অষ্টম দৃশ্য। সন্ন্যাসী বলছেঃ

এ কী অন্ধকার হেথা! এ কী বন্ধ গুহা!
চাঁদের আলোতে গিয়ে বসি একবার।
কোলাহল থেমে গেছে, পথ জনহীন
দীপ জ্বলে উঠিতেছে দু-একটি করে —
সন্ধ্যায় আরতি হয়, শঙ্খ-ঘণ্টা বাজে!
আহা একি সুমধুর! একি শান্তি সুধা!
কি আরামে গাছগুলি রয়েছে দাঁড়ায়ে।
মনে সাধ যায় ওই তরু হয়ে গিয়ে
চন্দ্রালোকে দাঁড়াইয়া স্তব্ধ হয়ে থাকি।

এর সঙ্গে তুলনীয় মালিনীর উক্তিঃ

...দেখো দেখো নীলাম্বরে
মেঘ কেটে গিয়ে চাঁদ পেয়েছে প্রকাশ।...
...ওই রাজপথ,
ওই গৃহশ্রেণী, ওই উদার মন্দির —
স্তব্ধছায়া তরুরাজি — দূরে নদীতীরে,
বাজিছে পূজার ঘণ্টা — আশ্চর্য পুলকে
পূরিছে আমার অঙ্গ, জল আসে চোখে!

দুটি অংশের এই সাদৃশ্য বিস্ময়কর। আসলে গুহা-নিষ্ক্রান্ত সন্ন্যাসীর মতো মালিনীও প্রথম এখানে উপলব্ধি করেছেঃ "শূন্যতার মধ্যে নির্বিশেষের সন্ধান ব্যর্থ, বিশেষের মধ্যেই সেই অসীম প্রতিক্ষণে হয়েছে রূপ নিয়ে সার্থক"।৯ তাই যে মালিনী বাৎসল্যের স্নেহবন্ধনকে উপেক্ষা করে বেরিয়ে এসেছে তারই বিস্মিত দৃষ্টির সম্মুখে জ্যোৎস্নালোকপ্লাবিত আকাশ-পৃথিবী নিমেষের মধ্যে হয়ে উঠল 'মৈত্রীভাবনার' মূর্ত প্রতীকঃ

...কী শান্ত আকাশ
এক জ্যোৎস্না বিস্তারিয়া সমস্ত জগৎ
কে নিল কুড়ায়ে বক্ষে...

এখানে মহাকাশের বক্ষোলগ্ন পৃথিবীর অসামান্য রূপকল্পটির মধ্য দিয়ে 'মাতা যথা নিযং পুত্তং' পর্যায়ের 'মৈত্রীভাবনা'র রসরহস্য অনাবৃত হয়েছে। নিজের ধর্মমতের আলোচনা প্রসঙ্গে রবীন্দ্রনাথ বারবার সুত্তপিটকের এই শ্লোকটি উদ্ধার করেছেন।১০ সম্পূর্ণ শ্লোকটি হলঃ

মাতা যথা নিযং পুত্তং আয়ুসা একপুত্তমনুরক্খে।
এবম্পি সব্বভূতেসু মানসং ভাবয়ে অপরিমাণং॥

'ব্রহ্মবিহার' প্রবন্ধে রবীন্দ্রনাথ স্বয়ং এই শ্লোকটির অনুবাদ করেছিলেনঃ "মা যেমন একটিমাত্র পুত্রকে নিজের আয়ু দিয়ে রক্ষা করেন, সমস্ত প্রাণীতে সেই-প্রকার অপরিমিতমানস রক্ষা করবে।" মৈত্রী ও করুণাঘন বিশ্বভুবনের এই আত্মিক সৌন্দর্যকে মানসপ্রত্যক্ষ করেছে বলেই মালিনীকে ব্রাহ্মণরা বলেছেনঃ 'বিগ্রহিণী দয়া'। কিন্তু কোন্ শক্তিতে মালিনী এই সৌন্দর্যকে লাভ করল? প্রেম। 'Beauty is lover's gift'। 'প্রকৃতির প্রতি-শোধের' সন্ন্যাসী নতুন বোধে সমুত্তীর্ণ হয়েই বলেছিলঃ "ভালোবেসে চাহিব এ জগতের পানে/তবে তো দেখিতে পাব স্বরূপ ইহার"। সৌন্দর্যই মালিনীর অন্তরে প্রেমের আলো জ্বালিয়ে দিয়েছে। "সৌন্দর্য ও প্রেম" শীর্ষক নিবন্ধে তরুণ রবীন্দ্রনাথের মন্তব্য এই প্রসঙ্গে স্মরণীয়ঃ"সৌন্দর্য হৃদয়ে প্রেম জাগ্রত করিয়া দেয়, এবং প্রেমই মানুষকে সুন্দর করিয়া তুলে।"১১ প্রেমের মধ্যে এই পরম পূর্ণতাকে উপলব্ধি করেই মালিনী বলেছেঃ

...আজি মোর মনে হয়
অমৃতের পাত্র যেন আমার হৃদয় —
যেন সে মিটাতে পারে এ বিশ্বের ক্ষুধা,
যেন সে ঢালিতে পারে সান্ত্বনার সুধা
যত দুঃখ যেথা আছে সকলের 'পরে
অনন্ত প্রবাহে।

এই 'অমৃত' স্বরূপলক্ষণে প্রেমেরই অমৃত। কাশ্যপ-শিষ্যার গোত্রান্তর এখানেই সর্বপ্রথম আভাসিত। গৃহের স্নেহবন্ধন ছিন্ন করে মালিনী বহির্বিশ্বে মুক্তি চেয়েছিল। তৃতীয় দৃশ্যে তার অনিবার্য প্রত্যাবর্তন। শাস্ত্রীপ্রদত্ত কাহিনীতে গৃহপ্রত্যাবর্তনে অনিচ্ছুক মালিনীর সঙ্গে রবীন্দ্রনাথের মালিনীর আচরণের এই সম্পূর্ণ বৈপরীত্য-টুকু ইঙ্গিতপূর্ণ। যে ধর্ম তার স্বধর্ম নয় তাকেই ক্ষণিক উন্মাদনাবশে গ্রহণ করে সে শ্রান্ত, অকারণ বেদনায় ভারাক্রান্ত। ঐ শ্রান্তি, ঐ বেদনা উপেক্ষিত হৃদয়ধর্মেরই অনিবার্য প্রতিক্রিয়া। যে 'বিশ্বদেবী' 'লোকলক্ষ্মী মাতা' রূপে বহুজনের হৃদয়ে অবিচলিত প্রতিষ্ঠাভূমি লাভ করেছিল, সে নিমেষের মধ্যে নেমে এল ফেলে-যাওয়া মাতৃক্রোড়েঃ

> মা গো শ্রান্ত এবে আমি। কাঁপিতেছে দেহ।
> কোথা গিয়েছিনু চলে ছাড়ি মার স্নেহ
> প্রকাণ্ড পৃথিবী মাঝে।...

তৃতীয় দৃশ্যের উপসংহারে নিদ্রাভিভূতা মালিনীকে কোলে নিয়ে স্নেহময়ী জননীর করুণাকাতর কণ্ঠে যে অপূর্ব কল্যাণমন্ত্র ধ্বনিত হয়েছে—তারই মধ্যে প্রাণের ধর্ম, প্রেমের ধর্মের অন্তিম জয় আভাসিত হয়েছে।১২

৪

'মালিনী'র রচনাবলী-সংস্করণের 'সূচনা' অংশে রবীন্দ্রনাথ বলেছেনঃ "আমার মনের মধ্যে ধর্মের প্রেরণা তখন গৌরীশঙ্করের উত্তুঙ্গ শিখরে শুভ্র নির্মল তুষারপুঞ্জের মতো নির্মল নির্বিকল্প হয়ে স্তব্ধ ছিল না, সে বিগলিত হয়ে মানবলোকে বিচিত্র মঙ্গলরূপে মৈত্রীরূপে আপনাকে প্রকাশ করতে আরম্ভ করেছে।... সত্য যার স্বভাবে, যে মানুষের অন্তরে অপরিমেয় করুণা, তার অন্তঃকরণ থেকে এই পরিপূর্ণ মানবদেবতার আবির্ভাব অন্য মানুষের চিত্তে প্রতিফলিত হতে থাকে। সকল আনুষ্ঠানিক সকল পৌরাণিক ধর্মজটিলতা ভেদ করে তবেই এর যথার্থ স্বরূপ প্রকাশ হতে পারে।" 'যে মানুষের অন্তরে অপরিমেয় করুণা' তারই দৃষ্টান্ত জীবন্ত হয়ে উঠেছে মালিনীর চরিত্রে। সেই করুণাময়ীর অন্তর থেকে পরিপূর্ণ মানবদেবতার আবির্ভাব সুপ্রিয়ের চিত্তে প্রতিফলিত হল। শাস্ত্রীয় ধর্মের একনিষ্ঠ সমর্থক ক্ষেমংকরকে সুপ্রিয় বলেছেঃ

> ...মিথ্যা তব স্বর্গধাম,
> মিথ্যা দেবদেবী ক্ষেমংকর! ভ্রমিলাম
> বৃথা এ সংসারে এতকাল। পাই নাই
> কোনো তৃপ্তি কোনো শাস্ত্রে, অন্তর সদাই
> কেঁদেছে সংশয়ে।...
> ...এতদিন পরে
> এ মর্তধরণীমাঝে মানবের ঘরে
> পেয়েছি দেবতা মোর।

এই মানবধর্মেরই শেষ পরিণতি প্রেমের ধর্মেঃ

> ...আজ আমি লভিয়াছি
> ধর্ম মোর, হৃদয়ের বড়ো কাছাকাছি।
> সবার দেবতা তব, শাস্ত্রের দেবতা
> আমার দেবতা নহে।

'সবার দেবতা তব, শাস্ত্রের দেবতা আমার দেবতা নহে' —এ যেন সুপ্রিয়ের কণ্ঠে স্বয়ং রবীন্দ্রনাথের বাণী উচ্চারিত। আসলে রবীন্দ্রনাথই সুপ্রিয়। মনে রাখতে হবে 'মালিনী' 'চিত্রা' কাব্যের অব্যবহিত পরবর্তী রচনা। ১৩০২ বঙ্গাব্দের ফাল্গুন মাসে 'চিত্রা' গ্রন্থাকারে প্রকাশিত হয়। 'মালিনী' রচিত হয় ১৩০৩ বঙ্গাব্দের বৈশাখ অথবা জ্যৈষ্ঠ মাসে। অর্থাৎ চূড়ান্ত স্তরে অধিরোহণ করে রবীন্দ্রনাথের প্রেমচেতনা তখন অন্তর্যামী জীবনদেবতা-চেতনায় পরম পরিণতি লাভ করেছে। সুপ্রিয় চরিত্রের ভাবরূপ রবীন্দ্রনাথের ঐ অন্তরঙ্গ প্রেমচেতনায় অধিবাসিত হয়েই আত্মপ্রকাশ করেছে। মালিনীকে লক্ষ্য করে সুপ্রিয় বলেছেঃ

> লভিলাম যেন আমি নবজন্মভূমি
> যেদিন এ শুষ্ক চিত্তে বরষিলে তুমি

বলা বাহুল্য, এই 'সুধা নারীর হৃদয়-সমুদ্র মন্থন করা অমৃত।

এই প্রসঙ্গে সমগ্র নাটকে পুনরাবৃত্ত একটি রূপকাত্মক রূপকল্পের দিকে দৃষ্টি আকর্ষণ করি। তরণী-রূপকল্প। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন যে, এই 'তরীর উপমা' 'বেগের প্রতীক' ছাড়া আর কোনো

সুনির্দিষ্ট বাস্তব পরিচয় বহন করে না।১৩ কিন্তু সম্যক্ বিশ্লেষণে সমালোচকের এই মন্তব্য গৃহীত হবে বলে মনে হয় না। নাটকের প্রথম দৃশ্যে মালিনীর উক্তিতেই ঐ তরণীপ্রতীকটি সর্বপ্রথম আভাসিতঃ

...নৌকাখানি তীরে বাঁধা — কে করিবে পার,
কর্ণধার নাই — গৃহহীন যাত্রী সবে
বসে আছে নিরাশ্বাস—মনে হয় তবে
আমি যেন যেতে পারি, আমি যেন জানি
তীরের সন্ধান—মোর স্পর্শে নৌকাখানি
পাবে যেন প্রাণ, যাবে যেন আপনার
পূর্ণ বলে।

'নৌকা' এখানে বৌদ্ধধর্ম, 'গৃহহীন যাত্রী' ব্রাহ্মণ্যধর্মের বাসা ভেঙে বেরিয়ে আসা 'ব্রাত্য ও মন্ত্রহীন' মানুষের দল। মালিনী সেই নৌকার কর্ণধার। 'তীরের সন্ধান' তার জানা। তৃতীয় অঙ্কে বিমুগ্ধ বিদ্রোহীগণ বলেছে, মালিনীর দিব্যপ্রেরণাবলেই তাদের 'পরাণতরী' 'পথ পাবে পারাবারে' 'ধ্রুবতারা ধরি যাবে মুক্তিপারে'। আশ্চর্যের বিষয় তত্ত্ববোধিনী পত্রিকায় প্রকাশিত শাস্ত্রী-প্রদত্ত মালিনীর জীবনভাষ্যে এই অর্থেই তরণী-রূপকল্পটি উদ্ভাসিত হয়ে উঠেছে। মালিনীকে সংসার ত্যাগের সংকল্প থেকে নিবৃত্ত করার উদ্দেশ্য ধর্মান্তরিত পিতা কৃকি বলেছেনঃ "তুমি এ অবস্থায় আমাদিগকে ত্যাগ করিলে আমরা স্রোতস্বতী নদীতে কর্ণধারহীন নৌকারোহিগণের ন্যায় বিষম সংকটে পড়িব।"

কিন্তু এই ধর্মতরণীর রূপকল্প সুপ্রিয়ের নিজস্ব অন্তরঙ্গ উপলব্ধির জারকরসে অভিষিক্ত হয়ে নবব্যঞ্জনা লাভ করল। ধর্মতরণী হ'ল 'প্রাণের পালে প্রেমের হাওয়া লাগানো' 'জীবন-তরণী'।১৪ সুপ্রিয় বলছেঃ

...আজি তুমি কে আমার
জীবনতরণী 'পরে রাখিলে চরণ —
সমস্ত জড়তা তার করিয়া হরণ —
একি গতি দিলে তারে!

এই বিবর্তনটুকু স্মরণে রাখলে চতুর্থ দৃশ্যে মালিনীর উক্তিকে আর আকস্মিক বলে মনে হবে নাঃ

...বিশ্বে বাহিরিয়া
আজি মোর জাগে ভয়—কেঁপে ওঠে হিয়া,
কী করিব কী বলিব বুঝিতে না পারি —
মহাধর্মতরণীর বালিকা কাণ্ডারী
নাহি জানি কোথা যেতে হবে। মনে হয়
বড়ো একাকিনী আমি...

এই একাকীত্ববোধ আসলে 'যথার্থ দোসরের'১৫ জন্য অভাববোধেরই সূচক। সুপ্রিয়কে মালিনী বলেছেঃ

...অকস্মাৎ
আপনার 'পরে যেন পড়ে দৃষ্টিপাত
সহস্র লোকের মাঝে! সেই দুঃসময়ে
তুমি মোর বন্ধু হবে? মন্ত্রগুরু হয়ে
দিবে নবপ্রাণ?

সুপ্রিয়ের প্রেমের মন্ত্রেই মালিনী সঞ্জীবিত হ'য়ে উঠল। 'বাইরে থেকে পাওয়া' নবধর্মের 'ক্ষণপ্রভা' জীবনের পথকে আলোকিত করতে পারে না। প্রেমই 'পথের আলো'।১৬ মালিনীর উদ্দেশ্যে সুপ্রিয় বলেছেঃ

পথ আছে শতলক্ষ, শুধু আলো নাই
ওগো দেবী জ্যোতির্ময়ী — তাই আমি চাই
একটি আলোকরেখা উজ্জ্বল সুন্দর
তোমার অন্তর হতে।

বিদ্যুৎ ছিল বহিরাকাশে। তার আলো মালিনীর নিজস্ব উপলব্ধিসঞ্জাত নয়। কিন্তু প্রেমের আলোকেই শেষপর্যন্ত মালিনীর চিত্তাকাশে অপরূপ ঊষাসমাগমঃ

কপোল ঊষার
যখনি রাঙিয়া উঠে, বুঝা যায়, তার
তপন উদয় হ'তে দেরী নাই আর।

সুপ্রিয় মালিনীর ঐ 'ঊষারুণ করুণ বয়ানেই' তার ধর্মকে মানসপ্রত্যক্ষ করেছে। এতদিন তার কাছে শাস্ত্র ছিল 'অন্ধ জীবনবিহীন'। মালিনীর 'দুটি নেত্রে জ্বলে-ওঠা 'উজ্জ্বল শিখা'র আলোকেই সুপ্রিয়ের কাছে 'বিশ্বশাস্ত্রে'র মর্মসত্য উদ্ঘাটিত হয়েছেঃ

ওই দুটি নেত্রে জ্বলে যে উজ্জ্বল শিখা
সে আলোকে পড়িয়াছি বিশ্বশাস্ত্রে লিখা —
যেথা দয়া সেথা ধর্ম, যেথা প্রেমস্নেহ,
যেথায় মানব, যেথা মানবের গেহ।১৭

এমনকি ক্ষেমংকরের দৃষ্টিতেও মালিনীর মুখখানি

'অন্তর্জ্যোতির্ময়' রূপেই উদ্ভাসিত হয়েছে। এই সূর্যোদয়ের সংকেতগূঢ় রূপকল্পগুলি প্রথম অঙ্কের সূর্য-পদ্ম রূপকল্পের সঙ্গে মিলিত হয়ে একটি অন্তরঙ্গ ভাব-ঐক্য সৃষ্টি করেছে। প্রথম তিনটি দৃশ্যের প্রেক্ষাপটে ছিল রাত্রির অন্ধকার। চতুর্থ দৃশ্যে স্পষ্টভাবে কাল-নির্দেশ না থাকলেও ঘটনাধারা থেকে অনুমান করা অসংগত হবে না যে তখন দিবাভাগ। কাশ্যপ বলেছিলেন 'জ্ঞানসূর্য উদয়-উৎসবেই' মালিনীর হৃৎপদ্ম উন্মীলিত হবে। সুপ্রিয়ের প্রেমের আলোকেই বিশ্বপ্রেমের ধর্ম মালিনীর অন্তরে উদ্বুদ্ধ হয়ে উঠেছেঃ

সর্বজীবে দয়া জানে সবে —
অতি পুরাতন কথা — তবু এই ভবে
এই কথা বসি আছে লক্ষবর্ষ ধরি
সংসারের পরতীরে। তারে পার করি
তুমি আজি আনিয়াছ সোনার তরীতে
সবার ঘরের দ্বারে।

'আরোপিত জ্ঞান' এইভাবে 'উপলব্ধ জ্ঞানে' রূপান্তরিত হয়ে 'হৃৎপদ্মের জাগরণ'কে অপূর্ব মহিমায় মণ্ডিত করে তুলেছে। কাশ্যপের 'মহাক্ষণ' অর্থান্তরের অভিব্যঞ্জনায় হয়ে খঠেছে মানবধর্মের শুভজাগরণলগ্ন। রবীন্দ্রনাথ বলেছেনঃ "To gain religion within is man's great lifelong adventure. In the extremity of suffering must it be born ; on his life-blood it must live." এই সত্যেরই প্রতীক সুপ্রিয়ের জীবন। প্রবাস থেকে ক্ষেমংকর যখন পত্র লিখে জানালো যে 'শোণিতের স্রোতে' নবধর্মকে ভাসিয়ে দিয়ে মালিনীর প্রাণদণ্ডবিধান করার উদ্দেশ্যে সে সসৈন্যে অগ্রসর হচ্ছে, তখন সুপ্রিয়ের অন্তরতম সত্য-ধর্মের কাছে বন্ধুপ্রীতি হল পরাজিত। রাজসকাশে ক্ষেমংকরের ষড়যন্ত্রের সংবাদ প্রকাশিত হল। ফলে ক্ষেমংকর হল বন্দী। উল্লসিত রাজা যখন সুপ্রিয়কে কন্যাপদে পুরস্কৃত করতে চাইলন, তখন কিন্তু সুপ্রিয় বলেছেঃ 'বন্ধুর বিশ্বাস ভাঙি সপ্ত স্বর্গলোক চাহি না লভিতে'। অর্থাৎ, আত্মসুখের জন্য নয়, মহত্তর ধর্ম-রক্ষার জন্যই এই বিশ্বাসভঙ্গ। ক্ষেমংকরের প্রশ্নের উত্তরে সুপ্রিয় বলেছেঃ

বন্ধু এক আছে
শ্রেষ্ঠতম, সে আমার আত্মার নিশ্বাস
সব ছেড়ে রাখিয়াছি তাহারি বিশ্বাস
প্রাণসখে, ধর্ম সে আমার।

যে-ধর্মকে সে আপন অন্তরে সত্য বলে অনুভব করল, সেই ধর্মের জন্যই তাকে 'হৃৎপিণ্ড করিয়া ছিন্ন রক্তপদ্ম অর্ঘ্য উপহার' দিতে হয়েছে। মৃত্যুর পূর্বমুহূর্তে শেষবারের মতো মালিনীর জয় ঘোষণার মধ্য দিয়ে তার মানবধর্মই জয়লাভ করেছে। সুপ্রিয়কে ভালোবেসেই মালিনী এই মানবধর্মকে লাভ করেছিল। কিন্তু একদিন যে সে তার আপন প্রকৃতির দাবি অস্বীকার করেছিল তারই মর্মান্তিক প্রায়শ্চিত্ত করতে হল প্রিয়তমের বিসর্জিত বক্ষোরক্তে। নাটকের অন্তিমে 'মহারাজ, ক্ষমো ক্ষেমংকরে'—মালিনীর কণ্ঠোচ্চারিত এই অন্তিম ক্ষমার মধ্যেও তার মানবধর্ম, প্রেমের ধর্মই বিজয়ী। লক্ষ্য করতে হবে, এই ক্ষমার বাণী উচ্চারণ করেই মালিনী মূর্চ্ছিত হয়ে পড়েছে; সুপ্রিয়কে মৃত্যুর হাতে সঁপে দিয়ে অনিঃশেষ অশ্রুক্ষরা বেদনার মধ্য দিয়েই 'সৃষ্টির শেষ রহস্য—ভালোবাসার অমৃত' সহৃদয়মানসে পরম-আস্বাদ্যমান হয়ে উঠেছে।

'মালিনী' রবীন্দ্ররসিকসমাজে আজও তার যথার্থ মূল্য পায় নি। অথচ রবীন্দ্রমানসে 'পারিবারিক ধর্ম-সাধনার' প্রভাবকে অতিক্রম করে আপন ধর্মকে খুঁজে পাওয়ার নিগূঢ় আত্মিক ইতিহাসই রূপায়িত হয়েছে 'মালিনী' নাটকে।

উল্লেখপঞ্জী

১। 'ওরা অন্ত্যজ, ওরা মন্ত্রবর্জিত'/পত্রপুট২৫

২। শ্রীমতী পম্পা মজুমদারের গবেষণাগ্রন্থ 'রবীন্দ্র-সংস্কৃতির ভারতীয় রূপ ও উৎসে' তালিকাটি মুদ্রিত হয়েছে।

৩। "The concept of the Pratyeka-Buddhas is found to have developed to a great extent during the period represented by the Mahā-vastu-avadāna. These are self-controlled and self-possessed ascetics who attain enlightenment without proclaiming it to the

world. In Buddhist dogmatics the Pratyeka-Buddhas attain enlightenment for themselves and by themselves without the aid of any teacher and they do not even propose to act as teachers to others."

—'মহাবস্তু-অবদান' [প্রথম খণ্ড] ডঃ রাধাগোবিন্দ বসাকের ভূমিকা।

৪। "She was named 'Malini'—literally one crowned with a chaplet of jewels."

—তদেব।

৫। রবীন্দ্রনাথ 'মালিনীর' পৌরাণিক কাহিনীর খুঁটি-নাটিকে আদৌ গুরুত্ব দেন নি। ১৩০৫ সালে লেখা একটি চিঠিতে বলছেনঃ

"কৃকি বৌদ্ধ পুরাণের একটি কাল্পনিক সৃষ্টিমাত্র—সেই পুরাণে তাহার যে সময় নির্ণয় করে ইতিহাসে তাহা কুলায় না—শাক্যবুদ্ধের পূর্ববর্তী কোনো এক গৌতমবুদ্ধের সময় ঐ গল্পের ঘটনা কাল, কিন্তু সে সময় যখন কোনো কালে ছিল না তখন সে ঘটনাও কোনো কালে ঘটে নাই, একথা সাহস করিয়া বলিতে পারি।" —প্রভাতকুমার-রবীন্দ্রনাথ পত্রাবলী/'দেশ', সাহিত্য সংখ্যা, ১৩৭৫।

৬। তুলনীয় 'নৈবেদ্য' কাব্যের ৭২ সংখ্যক কবিতা। সমগ্র কবিতাটিই একটিমাত্র বাক্যে গ্রথিত হয়ে একটিমাত্র মহৎ সংকল্পকে প্রকাশ করছে।

৭। দ্রষ্টব্যঃ *Collected Poems and Plays of Tagore.*

৮। 'মানুষের ধর্ম' গ্রন্থে রবীন্দ্রনাথ বলেছেন মানুষ 'ত্রিজ'। ব্যক্তিসীমা থেকে বিশ্বসীমায় আপন চৈতন্যকে ধীরে ধীরে সম্প্রসারিত করে 'ত্রিজত্ব' লাভই তার ধর্ম। পদ্মের উন্মীলনলীলার সঙ্গেই তা তুলনীয়।

৯। 'প্রকৃতির প্রতিশোধের' ভূমিকা/রচনাবলী সংস্করণ।

১০। শ্লোকটি রবীন্দ্রনাথ প্রথম ব্যবহার করেন 'ধর্ম' গ্রন্থের 'উৎসবের দিন' প্রবন্ধে। এছাড়া *Sadhana* (১৯২০), *Religion of Man* (১৯৩১), 'মানুষের ধর্ম' (১৯৩৩) প্রভৃতি গ্রন্থে শ্লোকটি রবীন্দ্রনাথ সমগ্রভাবে বা অংশত উদ্ধার করেছেন। এছাড়াও আছে হেমন্তবালা দেবীকে লেখা পত্রাবলীতে।

১১। 'আলোচনা' গ্রন্থ/সৌন্দর্য্য ও প্রেম/সুন্দর সুন্দর করে।

১২। 'সমুদ্রের প্রতি' কবিতার কিছু কিছু রূপকল্পের সঙ্গে নাটকের এই অংশের আশ্চর্য সাদৃশ্য সহজেই চোখে পড়ে। সাম্প্রতিককালে জনৈক গবেষক 'সমুদ্রের প্রতি' কবিতার প্রেরণামূলে বৌদ্ধ মেত্তীভাবনার অস্তিত্বকে প্রমাণিত করেছেন।

১৩। দ্রঃ রবীন্দ্রসৃষ্টিসমীক্ষা (প্রথম খণ্ড)।

১৪। 'আত্মপরিচয়' গ্রন্থে জীবনদেবতার স্বরূপ বিশ্লেষণ প্রসঙ্গে রবীন্দ্রনাথ বলেছেনঃ 'যে আবির্ভাব অতীতের মধ্য হইতে অনাগতের মধ্যে প্রাণের পালের উপর প্রেমের হাওয়া লাগাইয়া আমাকে কাল-মহানদীর নূতন নূতন ঘাটে বহন করিয়া চলিয়াছেন' তিনিই কবির জীবনদেবতা।

১৫। 'যথার্থ দোসর' প্রবন্ধ/ভারতী, জ্যৈষ্ঠ, ১২৮৮ বঙ্গাব্দ।

১৬। 'মানুষ পথিক, প্রেম তার পথের আলো'—বিচিত্র প্রবন্ধঃ 'পথপ্রান্তে'। রবীন্দ্রনাথের বক্তব্যই নাটকে সুপ্রিয়ের কণ্ঠে উচ্চারিত হয়েছে।

১৭। 'বঙ্গভাষার লেখক' গ্রন্থের জন্য আত্মকথা রচনা করতে গিয়ে আপন ধর্মের আলোচনা প্রসঙ্গে রবীন্দ্রনাথ সুপ্রিয়ের এই সংলাপটিকেই উদ্ধার করেছেন। সুপ্রিয়-মানস যে রবীন্দ্র-মানসেরই সহোদর, এ তারই আর একটি প্রমাণ।

টাইপরাইটারে প্রেমপত্র বনাম কমল মাহাতোর গান

তথাগত চক্রবর্তী

॥ প্রাক্-কথন ॥

গোলাপী নখের ডগায় অর্গানের নরম সুরের ইন্টিমেট সন্ধ্যায় যদি ধূলিধূসরিত পায়ে কোন এক সাবলীল লোকসঙ্গীত গায়ক ব্যানা (সারিন্দা জাতীয়)-য় সুর তুলে উচ্চগান্ধারে 'ও বন্ধুরে.....' বলে গান ধরে, তার অনিবার্য ফলাফল যা-যা হতে পারে তা কয়েক রকম। প্রথমত, উপস্থিত শ্রোতৃমণ্ডলীর অভিজাত সম্প্রদায়ের প্রথমে নাসিকাকুঞ্চন এবং পরে ঠোঁটের বাঁদিকে ঝোলা হাসি; দ্বিতীয়ত, কিছু লোকের অন্যান্য বিষয় নিয়ে আলোচনা; তৃতীয়ত, অল্প কয়েকটা ইংরেজি ইস্কুলে পড়া কিংবা না-পড়া ছেলে-মেয়েদের নিগ্রো স্পিরিচুয়াল বা বড়োজোর 'রানার' কিংবা পল রোবসনের গান সম্পর্কে ভাসাভাসা ক্রস রেফারেন্স-টানা প্রগতিশীল দৃষ্টিতে কথাবার্তা বলা; চতুর্থত, কিছু ছা-পোষা মধ্যবিত্তের স্বাভাবিক, অজ্ঞত, সৎ অথচ সাময়িক আগ্রহী মনন-শীলতা। আর তারই মধ্যে কোন কোন বুদ্ধিজীবী যিনি সত্যিই শৈশবকে ফেলে এসেছেন তিস্তা-তোর্ষা-আত্রেয়ী-পদ্মার পারে তাঁদের এটিকেট ভঙ্গ না-করা উদাসীনতা।

লোকসংগীত তথা লোকসংস্কৃতির ঠিক এমনি এক উদাসী তারিফ কিংবা উন্নাসিকতার বেড়া ডিঙিয়ে যদি গোটা ব্যাপারটাকে বোঝবার চেষ্টা করি তাহলে মূল গণ্ডগোল-কে হয়তো বুঝতে পারব।

॥ দম ব্রাজো/তুঙ্ রিম্ মং ওয়া[১] ॥

বৈজ্ঞানিকেরা বলেন, মানুষের জীবনে গান এসেছে নাচের পরে। বলা ভালো, নাচ-গান-ভাষার জন্ম মূলত প্রয়োজনের তাগিদে। নান্দনিক তাগিদের প্রশ্ন এসেছে অনেক পরে। বুশের প্রমুখ আধুনিক পাশ্চাত্য সমাজ বিজ্ঞানীদের মতবাদ অনুসারেঃ হাতিয়ার ব্যবহারের সময় পেশীগুলিতে জোর পড়ে, তারই প্রতি-বর্তী ক্রিয়া হিসাবে স্বরযন্ত্রের প্রতিক্রিয়াটি থেকেই মানুষের গলায় ভাষা ফুটে উঠেছিল। তারপর হাতের কাজের যতো উন্নতি হয়েছে, ততোই উন্নত হয়েছে স্বরযন্ত্র এবং এই ক্রিয়াটিই সচেতনভাবে ভাবের আদানপ্রদানের কাজে নিযুক্ত হয়েছে। আর এইভাবেই আদিম সভ্যতার কম্যুনিকেশনের জন্যে বিচিত্র এবং জটিল অঙ্গভঙ্গীর ব্যবহার কমে ক্রমশ একটি সহজতর ভাষাভঙ্গিমার উদ্ভব। এবং যেহেতু সেই সময়ের যে কোন কাজই শ্রমসাধ্য ছিল, এবং ছিল সমবেত প্রচেষ্টার ফল, অতএব যে কোন কাজই শুরু করবার আগে সে-সম্পর্কে সমবেত চিন্তা প্রযুক্ত হয়েছে। অর্থাৎ সেই শিকার করতে যাবার আগে তারা ভালুক-নাচ নাচত বা ফসল ফলাতে যাবার আগে তারা বৃষ্টির জন্যে চিন্তা করত। এই সমবেত চিন্তা থেকেই তারা সাহস সঞ্চয় করতে চাইল। সাহস সঞ্চয় করবার জন্যে এল গোটা ব্যাপারটার একটা মহড়া। এই মহড়া থেকে জন্ম নিল যাদুবিশ্বাস যা পরবর্তী আদিম জীবনে হয়ে দাঁড়াল সংস্কার। গোষ্ঠীসংস্কার বা 'টোটেম' এল সেই মানব জীবনে। অর্থাৎ গোটা ব্যাপারটা দাঁড়াল এইরকমঃ সাহস সঞ্চয় করবার জন্যে যে ছবিটা দেখতে চেয়েছিল সেই মানুষ শুধু কল্পনায়, যাদুবিশ্বাসের হাত ধরে সে পৌঁছল সংস্কারে। আর সেই সংস্কারের আর্ট ফর্ম-কে আমরা দেখলাম নাচ বা

১। লেপচা ফসল তোলবার গান।

গান হিসেবে। আরও লক্ষ্য করা গেল, যে কাজের তাগিদে নাচ-গান-ভাষার জন্ম, সমাজের বিবর্তনে সেই নাচের থেকে গান হোল আলাদা আর সেই গান থেকে সুর আলাদা হয়ে জন্ম দিল কবিতার। এইভাবেই, কাজের তাল থেকে ছন্দ এল, নাচ এল, গান এল; এমন কি কবিতাও এল।

বেঁচে থাকার এমনি এক তাগিদেই আর্টের জন্ম। প্রয়োজনবাহিত হয়েই জীবনধারার সঙ্গে একীভূত হয়ে বহমান হয়েছে এই সংস্কার। পাথরের চাঁই কেটে অতি-প্রাকৃত দেবতার জন্ম দিয়েছি এই সংস্কারক আমরা। এবং একালীন দেবীমুখকে হেমামালিনী করে গড়ে তোলবার পিছনে চিন্তানৈপুণ্য আমাদেরই। অর্থাৎ আর্টফর্ম যা হোল কিনা আমাদের চিন্তার প্রয়োগনৈপুণ্য, তার নিয়মিত পরিবর্তন ঘটেছে অবস্থাবদলের সঙ্গে সঙ্গে। মানুষের বুদ্ধি বেড়েছে। সেই সঙ্গে বেড়েছে সূক্ষ্মতা। নন্দনতত্ত্ব আর অস্তিত্ববাদের প্যাঁচ কষাকষিতে ধ্রুপদী আর লোকায়ত একটা দোতলা সংস্কৃতি তৈরী হয়েছে। আর শিক্ষিত সম্প্রদায়ের উন্নাসিকতার এ্যাসিডে লোকসংস্কৃতির এই তরল অস্তিত্বটি একেবারে ছানা কেটেছে। আর সাংস্কৃতিক সেই অজীর্ণ অসুখে শিক্ষিত সমাজ ক্ল্যাসিসজম নামক একমাত্র মহৌষধ যা দেহ ও মনকে সুস্থ রাখে, তা পান করেছেন। শিক্ষিত সমাজের দাপটে লোকায়ত দর্শন এবং শিল্প হয়ে পড়েছে অন্ত্যজ। সেই সংগে শিক্ষিত সমাজের ধর্ম যেহেতু নিষ্পেষণ এবং স্বচিন্তার সর্বশক্তি নিয়োজিত প্রযুক্তি, অতএব শিক্ষিত সমাজের ছাপহীন মূদু-উচ্চারিত এই শিল্পমাধ্যমটি যে কবে সামাজিক করুণার পাত্র হয়ে পড়েছে, নৃতত্ত্ববিদের পাঁজিতে তা লেখা হয় নি। তবু আশ্চর্যের কথা। লোকসংস্কৃতি কিন্তু শত্তুরের মুখে ছাই দিয়ে বেঁচে থেকেছে। অস্বীকার করে লাভ নেই, এই টিঁকে থাকাটা সামগ্রিকভাবে টিঁকে থাকা, ব্যক্তিগতভাবে বেঁচে থাকা নয়, এবং শহরের জন্ম যেহেতু অনেক পরে, লোকসংস্কৃতির সাদামাটা গপ্পোটা বেঁচেই থেকেছে। অস্তিত্বের এই অলিখিত প্রতিযোগিতায় শিল্পমাধ্যমগুলির মধ্যে যারা আবার রাজপ্রসাদপুষ্ট হয়েছে, সেইগুলোই বেঁচে গেছে। আর যারা পরেনি তারা সমাজের নিম্নস্তরের শূন্যস্থান পূর্ণ করেছে। মোদ্দা কথা, বিক্রমাদিত্যের সভায় যারা আসে, তারাই পুষ্ট হয়। আর যারা রাজপ্রসাদ পায়নি শিল্পনৈপুণ্যের অক্ষমতায়, তারা রাজপ্রাসাদের বাইরে মূদু অস্তিত্ব নিয়ে বেঁচে থেকেছে। আমাদের ইতিহাস এদের নিয়ে নয়। তাই দায়টা পড়েছে নৃতত্ত্ববিদের 'পরে। শিক্ষিত সমাজের উন্নাসিকতা এবং উদাসীনতার এই হোল আদিপর্ব।

লোকসংস্কৃতি এমনি এক অবস্থাতেই বর্ণসমাজে (caste-society) অন্ত্যজ হয়ে টিঁকে থেকেছে। এবং যেহেতু বর্ণসমাজ মূলত সমবায়-ভিত্তিক, শোষণপুষ্ট শিক্ষিত সমাজে সেই horizontal কাঠামো, vertical কাঠামোয় রূপান্তরিত হয়েছে। আর তারই সঙ্গে অধ্যাত্মবাদ (শিক্ষিত সমাজ কর্তৃক বিকশিত) এবং যাদুবিশ্বাস (লোকসমাজ কর্তৃক বন্দিত) এই দুই ধারণা প্রাকৃতিক রহস্যবিচারের অক্ষমতার পরিপ্রেক্ষিতে গোটা ব্যাপারটা একটা আধপোড়া খিচুড়িতে উপস্থাপিত করেছে জনসাধারণের কাছে। বেঁচে থাকবার সঠিক সংস্কার যা পাল্টাবার কথা ছিল সময়ের সঙ্গে সঙ্গে, বিশাল স্থাণু কৃষিভিত্তিক সমাজব্যবস্থায় তা স্বভাবত পাল্টায় নি। লোকসংস্কৃতির বড়ো কোন পরিবর্তন আসে নি। পরবর্তীকালে ভারতবর্ষের তথা বাংলার সেই খেয়োখেয়ির যুগে সাহেব শাসন বা ঔপনিবেশিক সংস্কৃতি ধাক্কা না মারলে কী হতো বলা যায় না, তবু সাহেব শাসন আসায় চেহারাটা প্রথম পাল্টাতে শুরু করল। ভাবলে বেশ মজার! শহরগুলো—বিশেষত কলকাতা-বোম্বাই-মাদ্রাজ তখন বেশ পশ্চিমী বা westernized হতে শুরু করেছে। অথচ তখন এদেশে কোন কলকারখানা বসে নি—industrialization শুরু হয় নি। পশ্চিমী শহুরে সভ্যতা যে প্রাচ্যশহরে ঘাঁটি গেড়ে বসতে শুরু করল, তার ফলাফল হলো এই যে সংস্কৃতির ক্ষেত্রে দিগ্‌দর্শন ঘটল মূলত পশ্চিমের জানলাটা খোলায়।,গাঁয়ে-গঞ্জের লোকের কাছে কিন্তু ব্যাপারটা থেকে গেল বিস্ময়ের—ভয়ের নয়। গাঁয়ের মানুষ কলকাতা শহরের ইলেকট্রিরির আলো আর আসল 'ইভ্‌নিঙ ইন প্যারিসের' প্রতি একই রকম আচরণ

করল। গাঁয়ের মানুষের সেই অবাক-হওয়া শ্রদ্ধা-ভক্তি কিন্তু ঢুকে পড়তে লাগল তার বিলাসবিমুগ্ধ জীবনে। হাইল্যা-পানঠা মানুষ দেহে মনে আতর জলে চান করবার কথা ভাবল। যে শোষণটা চলবার, সেটা চলল। যে উন্নাসিকতা এতটাকাল বাহিত হয়ে আসছিল তার দ্বিতীয় পর্বের উন্মেষ ঘটল এই এখনই।

উন্নাসিকতার তৃতীয় পর্বে আসছি আমি। এবং আপনি।

২

॥ আমি ঘুমাইছিলাম ভালই ছিলাম
জাগিয়া দেখি বেলা নাই
আমি কোনবা পথে নিতাইগঞ্জে যাই॥১

যে অবস্থার পরিপ্রেক্ষিতে সামাজিক প্রয়োজন নিয়ে জন্ম হয়েছিল ভাষার এবং সুরের, সেই সামাজিক অবস্থার পরিবর্তন ঘটবার সঙ্গে-সঙ্গেই শিক্ষিত লোকজন অর্থাৎ আমি-আপনি নিজেদের কাজ গুছিয়ে নিতে শুরু করেছি মধ্যবিত্ত বাকপটুতায়। আমরা লোকসংস্কৃতিকে পাত্তা দেব কেন। আমার ঘরে রেকর্ড প্লেয়ারের ওপরে অনেক সময় বাঁকুড়ার ঘোড়া রাখা থাকে। কোন লোকসাংস্কৃতিক চৈতন্য বা সামাজিক ঐতিহ্যের স্বীকৃতি হিসেবে তা থাকে না। ওখানে ঘোড়ার বদলে একটা নীলরঙের ফুলদানিও থাকতে পারত। আমার এই মানসিকতার মূল কারণ কিন্তু পূর্বোক্ত উন্নাসিকতার জের টেনেই এসেছে। এবং যেহেতু মাটির যোগাযোগটা অনেক কম সুতরাং এই তৃতীয় পর্যায়ের উন্নাসিকতা কিন্তু আমাদের মূল সমাজধারা থেকে আরেকবার দূরে নিয়ে যাবে। অন্যদিকে আজকের স্বাভাবিক গ্রামীণ সমাজের সমস্তরকম অর্থনৈতিক-সামাজিক-রাজনৈতিক কাঠামো বদলের অনেক আগে শিক্ষিত সমাজ কর্তৃক নিয়ন্ত্রিত রেডিও পৌঁছে গেছে গ্রামে। অর্থাৎ গ্রামীণ মানুষ মানসিকভাবে industrialization-কে আমন্ত্রিত করবার অনেক আগে urabanization-এর একটি মারাত্মক উপহার পেয়ে গেছে—রেডিওকে। গ্রামীণ লোকেরা ক্ষার কাচতে বসে সানলাইটের বিজ্ঞাপন শুনেছে। শহুরে সভ্যতা বা urban culture অবাঞ্ছিত অবস্থার সৃষ্টি করেছে যার ফলে গ্রামীণ লোকেরা হয়েছে আধা-শহুরে। আর শহুরে লোকেরা একটা অদ্ভুত আধাগ্রামীণ লোকজনের দিকে তাকিয়ে অনুকম্পা-মিশ্রিত বৈরাগী মানসিকতাকে লালন করেছি। ব্যাপারটাকে আরও একটু তলিয়ে দেখা যাক্।

কম্যুনিকেশন বাড়বার সঙ্গে সঙ্গে মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক যায় বেড়ে। আর মানুষের মধ্যে এই সম্পর্ক যতো বাড়ে, স্বাভাবিকভাবেই সাংস্কৃতিক আদান-প্রদান-প্রভাব যায় বেড়ে। যার ফলে আমরা যাদের মাটির সংগে যোগাযোগ কম, তাদের পক্ষে এই বাইরের প্রভাব কতোটা তা বুঝতে পারি না। যার জন্যে এমন ঘটনাও ঘটে যে অপুর সংসার দেখতে বসে বাঁশিতে 'যদি তারে নাই চিনিলে'-র সুর শুনে দর্শকদের মধ্যে কেউ-কেউ চিৎকার করে ওঠে 'তেরে মেরে.....', যেহেতু উভয় গানেরই সুর এক। ঠিক এই সমস্যাটাই আমরা দেখতে পাই লোকসংগীতের ক্ষেত্রে। উত্তরবঙ্গের ভাওয়াইয়া বা গাড়িয়াল বন্ধুর গানে 'বন্ধুরে.....' বলে যখন একালের পল্লীসংগীতের গায়ক ভাটিয়ালির টান দেন, তখন আমরা এই ভুলটাকে কিন্তু কিছুতেই বুঝতে পারি না। আর এই ঘটনাটা ঘটে যাওয়া অস্বাভাবিক নয়। যেহেতু একালের সেই গায়ক রেডিও-তে ভাটিয়ালি শুনেছে—শুনেছে নিদেনপক্ষে অমর পালের রেকর্ডের গান। আমরা শিক্ষিত এবং লোকসংস্কৃতি সম্পর্কে অশিক্ষিত দর্শক সেটা শুনি। গান জমে গেলেই হলো। এরই ফলশ্রুতি হিসেবে আমরা ভুলতে শুরু করি ভাওয়াইয়া এবং ভাটিয়ালি বলতে ঠিক কী বোঝায় এবং কী কী বোঝায় না। যেহেতু লোকসংগীত মানুষের মাটির গান, তার একান্ত নিজস্ব ভ্রান্তিভরা প্রাণের গান, অশিক্ষিত মানুষের গান, তার কথা এবং সুরে যেহেতু সেই আঞ্চলিক ভূগোল, ইতিহাস, বিশ্বাস, সমাজধারণা এবং কিংবদন্তী প্রভাব ফেলে, সেইহেতু কথা, সুর আঞ্চলিক শব্দব্যবহার বা ডারলেক্ট বলদাতে শুরু করলে শেষপর্যন্ত সেই অঞ্চল এবং তৎকেন্দ্রিক সমস্যা-

১। উত্তরবঙ্গের সাধুয়ালী গান।

গুলো হারাতে শুরু করে। এবং অধিকাংশ ক্ষেত্রেই এর কাব্যগুণ প্রবল নয় বলে শিক্ষিত সমাজের কাছে তার পরিচিতি (identity) হারিয়ে যায়। লোকসঙ্গীত এইভাবেই হারিয়ে যায় লোক থেকে। এবং যে শ্রেণী-চেতনা অথবা গণমানসিকতা মূল লোকসংগীতের ভাববিশ্লেষ করে, তার সংগে জলসায় গাওয়া গানের কোন মিলই থাকে না। প্রাজ্ঞ ব্যক্তিরা নাক সিঁটকিয়ে বলেন এগুলো লোকসংগীত নয়। অজ্ঞ ব্যক্তিরা তাৎক্ষণিক উচ্ছ্বাসে বলেন—দারুণ এবং বেরিয়ে এসে হারিয়ে ফেলেন সেই লোকমানসিকতাকে। উভয় চিন্তাই যথার্থ!

যে কথা আগেও বলেছি, গ্রামের এই শহরমুখিনতা যার জন্যে শিক্ষিত সমাজের অনন্ত চাকচিক্য দায়ী, সেই আগ্রাসী জোয়ারে যদি এইসব সম্পদ মরে যায়, শিক্ষিতসমাজের কোন গন্ধমাদনেই এর বিশল্যকরণী খুঁজে পাওয়া যাবে না। কিন্তু বাঁচিয়ে রাখতে গেলে লাগে টাকা। লাগে ক্যামেরা। টেপরেকর্ডার, জনবল ইত্যাদি। তবু সবার আগে যা লাগে তা হলো ইচ্ছে। যাঁরা বলেন, এ পোড়া দেশে কিস্যু হয় না তাঁদেরও একটু সচেতন হয়ে উঠতে অনুরোধ করি। এটুকু শুধু বলি যে লোকসংগীতকে সংস্কৃতির প্রথম ধাপ হিসেবে মনে করুন। চকমিলানো মার্বেল পাথরে তাকে ঢাকবেন না। যেমন আজকাল কোন কোন দল করেন। দৃষ্টিনন্দন করে তোলবার জন্যে আজকাল কোন কোন দল কোলকাতা শহরের বুকে বসে রিহার্সাল দিয়ে গাঁয়ে-গঞ্জে লোকসংগীত গণসংগীতের অনুষ্ঠান করতে যান। তাঁরা গাইবার সময় তাঁদের গায়েপিঠে লাল-নীল আলো পড়ে; পিয়ানো এ্যাকর্ডিয়ানের জি শার্পে মিউ-জিক বাজে। কলকাতা শহরে হলে তো আমরা সেগুলো টিকিট কেটে দেখতে যাই। শহুরে আদেখলেপনা আর রোবসনের ক্রস্-রেফারেন্স টানা ভাবালু পাঁয়তাড়ায় সমাজ বদলের সংকল্প ঘোষণার মধ্যে দিয়ে এইসব লোকসংস্কৃতির মিডলম্যান প্রতিম সংস্থাগুলো ('দালাল' কথাটা বড্ডো খারাপ, তাই...) বেঁচে থাকে। রেকর্ড কোম্পানীরা লোকসংগীতের রেকর্ড করান এমন কাউকে দিয়ে যাঁর গলায় লোকজীবনের কোন ছাপ নেই। সাধের লাউ-এ বানানো ডুগডুগির আওয়াজ এ্যাকর্ডি-য়ানেই বাজুক।

স্টেনোগ্রাফি জানা এক বান্ধবীর কাছ থেকে আমার এক বন্ধু টাইপরাইটারে ছাপানো প্রেমপত্র পড়তে পড়তে তার বান্ধবীর হাতের লেখা ভুলে গিয়েছিল। আমার বন্ধুটির অবস্থা আমাদের সবার থেকে বোধহয় খুব খারাপ নয়।

৩

॥ কিও বন্ধু কাজল ভ্রমরা রে —
কোনদিন আসিবেন বন্ধু কয়া যাও রে॥১

এ-কথা অবশ্যস্বীকার্য যে লোকসংগীত বা লোক-সংস্কৃতি রক্ষা করার দায়িত্বটা বড়ো সহজ নয়। এবং এর প্রচার সম্পর্কীয় সবচেয়ে বড়ো যে মাধ্যম রেডিও, সেখানে আমরা সত্যিকারের লোকশিল্পীর কজনকে পাই সন্দেহ আছে। অর্ধেক গানের উচ্চারণ ঠিক হয় না। উচ্চারণ ঠিক হয় কথা ঠিক থাকে না। কথা ঠিক থাকলে সুর ঠিক থাকে না। তাঁরা যেহেতু শিল্পী এবং ছাপ-মারা, অতএব কিছু বলা যায় না। শ্রুতিনন্দন করে তুলবার জন্যে তাঁরা যে কোন মারণাস্ত্র প্রয়োগ করেন, যে কোন পর্দা লাগান। খামকাই যে কোন জায়গায় গলা ভেঙে দিয়ে, কথার মধ্যে অতিরিক্ত অক্ষর (বন্ধু > বহন্‌ধুউ) লাগিয়ে ভাবেন মহৎ কর্ম সম্পাদন করলেন। একই গায়কীতে ভক্তিগীতি, লোকগীতি, রজনীকান্ত মায় আধুনিক গান করেন। সেখানে ঢং, মর্যাদা, লজিক কোন কিছুর বালাই নেই। খোঁজ করলে সেইরকম গানের মাষ্টার পাওয়া যাবে যিনি সকালে করেন নজরুল-গীতির আর বিকেলে লোকগীতির ক্লাস। ব্যাপারটা আমাদের পাড়ার গগনের পিসেমশাই-এর মতো। তিনি সর্দিজ্বর হলে সকালে খেতেন হোমিওপ্যাথী, দুপুরে এ্যালোপাথী, বিকেলবেলা কবিরাজী আর রাত্তিরে টোটকা!

উন্নাসিকতা, উদাসীনতা এবং ভুল মানসিকতা নিয়ে যাঁরা এতোকাল চলে এসেছেন তাঁদের, এই আমরা অর্থাৎ এই মধ্যবিত্ত লোকজন, উপেক্ষা করে যদি একটু সচেতন-

---

১। মইষাল গান (উত্তরবঙ্গ)।

ভাবে গোটা ব্যাপারটাকে বোঝবার চেষ্টা করি তাহলে এর সংরক্ষণ বা যথাযথ প্রচলন এমনকি লোকজীবনের স্পিরিটটা অন্তত বুঝতে পারব। তবে সমস্যাও আছে। প্রথমত আঞ্চলিক অভিধান নেই। দ্বিতীয়ত উচ্চারণ শুদ্ধতা সম্পর্কে রিসার্চ নেই। তৃতীয়ত প্রাচীন গায়ক-গায়িকারা সচেতন নন। চতুর্থত তাঁদের যোগ্য বংশধরেরা আপাতত অন্য কাজে ব্যস্ত। তবুও কিছু করা যায়।

আধুনিক গানে, চিন্তায় এইসব গানের মধ্যে পুরো-পুরি আঞ্চলিক বা গোষ্ঠীজাত ইমেজারীর প্রয়োগ ঘটানোর চেষ্টা করা যেতে পারে। এই কাজটা সলিল চৌধুরী, ভূপেন হাজারিকা করবার চেষ্টা শুরু করে-ছিলেন। লোকসংগীতের সুরের লজিককে বুঝে নিয়ে যেভাবে সলিল চৌধুরী ধানকাটার গান বা পাল্‌কীর গানে আরোপ করেছিলেন, তা অবশ্যই গ্রহণযোগ্য। কিন্তু অনুসৃষ্টির (Transcreation) এই সময়ে একটা গণ্ডগোল থেকেই যায়। যেমন পাল্কীর গানে যে 'হুঁঃহুঁঙা' ধ্বনির প্রয়োগ করা হয় তার উদ্দেশ্য আমরা জানি—পাল্কীর চলমানতা আনবার জন্যে এবং বেহারার কান্তিটাকে ধরার জন্যে। তাদের পায়ের ছন্দ, ঝাঁকুনি, নিঃশ্বাসের টান ইত্যাদি মিলিয়ে এই ধ্বনিটার প্রয়োগ অথচ গান গাইবার সময় শব্দটা পরবর্তীকালে দেখেছি 'হুন্‌হুঁনা' হয়ে দাঁড়ায়। ট্রান্সক্রিয়েশনের এই শহুরে অসুবিধা কিন্তু কাটানো খুব কঠিন। এই ধ্বনির প্রয়োগ না করলে অজ্ঞতাজনিত দোষ আর প্রয়োগ করলে অক্ষমতাজনিত দোষ হবে। অতএব, লোকসংগীতের ধারাটাকে এগিয়ে নিয়ে যেতে গেলে আমরা দুইরকম দোষ দেখতে পাই। এক, সময়ের সূত্র ধরে অগ্রগতি-কালীন অনিবার্য বিবর্তন এবং দুই, অনুসৃষ্টির অক্ষমতা।

আর এর বাইরে আরও একটা সমস্যা আছে। তা হলো শহুরে হয়ে ওঠবার চেষ্টায় নিজস্বতা হারিয়ে ফেলা। সাঁওতালডিহির শ্রমিকের ছেলের হাতে মাদলের বোল ওঠে না। শোলের রেকর্ড যে বালক শুনছে, তার বিস্ময়টা গ্রামোফোনের চাকতিটা ঘিরেই।

আর অন্যদিকে আমরা শিক্ষিত ব্যক্তিরা মধুবনী ছবি কিনি বারো টাকায়, বিক্রী করি পঁচিশ টাকায়। সেটা যখন তারা টের পেয়ে যায়, ছবির দাম তারা নিজেরাই বাড়ায়। আর ছবির যতো দাম বাড়ে, কোয়ালিটি ততো কমে। আর আমরা অর্থাৎ শিক্ষিত মধ্যবিত্ত যারা ট্রেন করে দিল্লী যেতে ধানের শিস্ হাওয়ায় দুলতে দেখে মনের ভেতরে একটা উদাসীন কবিতা তৈরী করি, গোটা ব্যাপারটাকে ভুল করে লালন করে চলি। সন্তান বড়ো হলে যখন বাপ দেখে তার মুখের সঙ্গে মিল নেই ছেলের মুখের, তখন কিছু করবার থাকে না—ছেলে কবে ধাই-মার হাতে পাল্টে গেছে, বাপ জানেও না। ভুল ছেলেকে মানুষ করে।

যতোদিন না পর্যন্ত আমরা অর্থাৎ এই মধ্যবিত্ত মুখের ঘোর কাটে, ততোদিন রবীন্দ্রসদনের ঠাণ্ডা ঘরে সুখী-সুখী জীবনের ভুল গপ্পোগুলোকে তুড়ি মেরে অবজ্ঞা করে খোলা হাওয়ায় এসে দাঁড়ান। নিজেদের পাড়ায়, কলেজ ইউনিয়ানগুলো বিশেষত মফঃস্বল কলেজের ইউনিয়ানগুলোতে NSS, NCC-র মতো লোকসংস্কৃতির শাখা গড়ে তুলুন। জানি, একদিন হয়তো কেরী সাহেবের মতো আরেক কোন বিলিতি লোক এখানে লোকসংস্কৃতির যাদুঘর বানাবে। তার আগে যতোটা পারা যায় পুরনো লোকজন, মা-ঠাকুরমার কাছে, গান, ব্রতকথা, পাঁচালিগুলোকে সংগ্রহ করুন। কলেজ ইউনিয়ানের ঘরটাকে সাজিয়ে ফেলুন ছো-এর মুখোশে, সারিন্দা-দোতারা উঠুক বেজে। টেবিলের ওপরে থাকুক বেনেপুতুলের পেপারওয়েট। দরজার পাশে পাহারা দিক টেরাকোটার ঘোড়া। যারা স্বরলিপি করতে পারেন, তারা স্বরলিপি করে রাখুন। দশটা-পাঁচটার ক্লান্ত মানুষের প্রাণের গান, শ্রমের গান নতুন করে তৈরী হতে সময় নেবে। যতোদিন না সেই 'শহুরে লোকসংস্কৃতি' গড়ে উঠছে, ততোদিন আপনার টেপরেকর্ডারে বাজুক কমল মাহাতোর গাওয়া উদাত্ত গান, 'রনজান মুনহরার' প্রেমের গান।

নচেৎ গোলাপী আঙুলে শুধু—অর্গানই বাজবে। ঠিক সংস্কৃতিকে আমরা কোনদিনই ছুঁতে পারব না। 'কোন দিন আসবেন বন্ধু কয়া যাও কয়া যাও রে'!

প্রকাশনা-সচিবের কথা

প্রেসিডেন্সি কলেজ প্রত্রিকার প্রকাশনা-সচিব হিসেবে কিছু লিখতে হবে। শুরুতেই যেটা সবচেয়ে দরকার, তা হলো—যে ছাত্র-ছাত্রীরা আমাকে আমাদের ছাত্র-সংসদে নির্বাচিত করে আজকের এই কথা বলার সুযোগ করে দিয়েছেন, তাঁদের ধন্যবাদ ও অভিনন্দন জানানো, যদিও তা জানাচ্ছি প্রায় এই ছাত্র-সংসদের কার্যকারিতার শেষ সীমায় এসে।

দ্বিতীয় কথাটি মোটামুটি চিরাচরিত।—সেই "পত্রিকা প্রকাশে দেরী হওয়ার জন্য ক্ষমাপ্রার্থনা"। কারণ সম্পর্কে বিশদ ব্যাখ্যায় না গিয়েই বলছিঃ প্রেস-স্ট্রাইক ইত্যাদি কিছু টেক্‌নিক্যাল কারণ থাকলেও মূল কারণ গাফিলতি। সমস্যাটি চিরকালীন। সমাধান একটিই —আপনাদের আরো বেশী সক্রিয় সহযোগিতা ও গঠন-মূলক সমালোচনা।

"প্রেসিডেন্সি কলেজ পত্রিকা"-র একটি ঐতিহ্য আছে। বহু পুরনো দিন থেকে প্রকাশিত এই পত্রিকার সম্পাদক, প্রকাশনা-সচিব, লেখক-লেখিকা হিসেবে নাম পাওয়া যায় বহু নামী-দামী লোকজনের। আজকে সেই পত্রিকায় কাজ করার সুযোগ আমাকে এবং আমার অন্যান্য সহকর্মীদের নিঃসন্দেহে গর্বিত বোধ করায়। তবে, বস্তুকে যত কাছ থেকে দেখা যায় ততই তো তার সম্পর্কে উপলব্ধি গভীরতর হয়! তাই আজ প্রত্যক্ষ ভাবে কাজ করতে গিয়ে দেখতে পাচ্ছি যে কাজ করার "গ্ল্যামার" ভোগ করার সঙ্গে ঝক্কিও কিছু কম পোয়াতে হয় না! বিশেষত, অপর্যাপ্ত টাকার ভেতর খরচ কুলানো দুঃসাধ্য ব্যাপার। পত্রিকাতে কথাটা এইজন্যই বলা, যাতে কলেজ কর্তৃপক্ষ ও ছাত্র-ছাত্রীদের দৃষ্টি একই সংগে এ-দিকে পড়ে, আর পত্রিকা-খাতে টাকার অংকটা কিছুটা বাড়ানো হয়। এটা অবশ্য নিতান্তই উত্তরসূরীদের দিকে তাকিয়ে "নিষ্কাম কর্ম"। এই পত্রিকার জন্য ভারপ্রাপ্ত আমাদের সেই "নুন আনতে পান্তা ফুরোয়"-এর মতন "প্রেসে টাকা দিতে কাগজ ফুরোয়"-এর মধ্য দিয়েই কেটে গেল।

অসুবিধার আরো একটি বিশেষ দিক আছে। ছাত্র-সংসদ কলেজের নির্বাচিত প্রতিনিধি, এবং সেই হিসেবে কলেজের মুখপত্রকে পরিচালনা করার প্রধান দায়িত্ব সংসদেরই থাকা উচিত। অথচ প্রতি পদে কর্তৃপক্ষের "Discretionary Powers" বড় কণ্টকর। ছোট্ট উদাহরণ দিতে গেলে, প্রথমেই মনে পড়ে—পত্রিকা-সম্পাদককে মনোনীত করার ক্ষমতা অধ্যক্ষের। এবারে সেজন্য আমাদের কোন অসুবিধা হলো কিনা প্রশ্ন সেটা নয়; ব্যাপার এটাই যে এটা অসুবিধার সৃষ্টি করতেই পারে! আর, এ শুধু কলেজ ম্যাগাজিনের ক্ষেত্রেই নয়; সমগ্র ছাত্র-সংসদের সভাপতি হিসেবে অধ্যক্ষের "ভেটো-ক্ষমতা" সত্যি সত্যি সংসদের ছাত্র-স্বার্থে কাজ করার কতটুকু অবকাশ রাখে চিন্তার বিষয়। এটা নিঃসন্দেহে বর্তমান সংসদের দুর্বলতা যে, সে কলেজ সংবিধানের এই অন্যায় দিকগুলির বিরুদ্ধে কোন আন্দোলন সংগঠিত করতে পারলো না। তবে শেষ মুহূর্তে এই মুখপত্রের মাধ্যমে এই আহ্বান সংসদ রাখছেঃ আপনারা সোচ্চার হোন্ এই অন্যায় কলেজ সংবিধানের বিরুদ্ধে এবং আগামী সংসদকে বাধ্য করুন এ-বিষয়ে পদক্ষেপ রাখতে।

কিন্তু নেতিবাচক দিক দেখানোটাই যথেষ্ট নয়। কাজ করার মধ্যে যে আনন্দ আছে, গর্ব আছে তা তো আগেই বলেছি। সংগে সংগে এ-কথাটাও বলা দরকার যে, সহকর্মী দুই যুগ্ম-সম্পাদকের পরিশ্রম ও ভারপ্রাপ্ত অধ্যাপক শ্রীহীরেন চক্রবর্তীর অবিরাম সহযোগিতা

নিঃসন্দেহে অত্যন্ত প্রেরণাদায়ক। আর যেটা ভীষণ ভাল লাগে তা হলো পত্রিকা সম্পর্কে কলেজের প্রতিটি ছাত্র-ছাত্রীর উৎসাহ—সে লেখা দেওয়াতেই হোক, অথবা নিয়মিত "কবে বেরুচ্ছে" খোঁজ নেওয়াতেই হোক্।

"সব কথা বলা হয়ে গেলেও শেষ কথাটা বাকীই থেকে যায়।" আর প্রেসিডেন্সি কলেজ পত্রিকার জন্য লিখছি ভাবলে কলম থামতেই চায় না। তাও শেষ একটা কথা বলে থামতে চেষ্টা করছি।—যে কোন পত্রিকারই একটা উদ্দেশ্য থাকেঃ একটা নির্দিষ্ট চিন্তাধারায়, একটা বিশেষ মূল্যবোধে মানুষকে অনুপ্রাণিত করা। আমাদের ক্ষেত্রে, আমরা সেই চিন্তাধারা বা সেই মূল্য-বোধকেই তুলে ধরতে চেয়েছি, যা মানুষকে আত্ম-কেন্দ্রিকতা থেকে মুক্ত করে, চারপাশটাকে বিশ্লেষণ করতে শেখায় ও সেই অনুসারে তার ভূমিকাকে নির্দিষ্ট করে। উদ্দেশ্য সাধনে পত্রিকা কতটা সফল সে বিচারের ভার পাঠক-পাঠিকাদের ওপর রইল। তবে ব্যর্থতার সমালোচনা যেন নিশ্চয়ই আসে, যাতে ভবিষ্যতের কর্ম-পদ্ধতি উন্নততর হয়।

ধন্যবাদ

পারমিতা বন্দ্যোপাধ্যায়॥ মার্চ ১৯৭৯

সম্পাদকীয়

পারিপার্শ্বিকের সঙ্গে অন্তরঙ্গভাবে জড়িয়ে পড়ার অভ্যাসটা আমার জন্মগত। তাই, দীর্ঘ চার বছর প্রেসিডেন্সি কলেজে কাটাবার পর বিদায়ের সময় যখন আসন্ন, তখন এই সম্পাদকীয় যদি ব্যক্তিকেন্দ্রিক স্মৃতি-রোমন্থন হয়ে পড়ে, পাঠক ক্ষমা করবেন।

বয়োজ্যেষ্ঠরা বলেন, কলেজে যাবে লেখাপড়া করতে। বয়োজ্যেষ্ঠদের কথা অক্ষরে অক্ষরে যে শুনেছে, আমার বিশ্বাস, সে পস্তেছে। সুবোধদার ঘণ্টাকে নিয়তির নির্দেশ মেনে বহু ছাত্রই, জানি, শেষ কৈশোর থেকে মধ্যযৌবন পর্যন্ত সময়টা, সুখী বার্ধক্যের পথ সুগম করেছে। আমরা, যারা সংখ্যায় খুব কম নই, কিন্তু সেই সময়ের ফাঁকে ফাঁকে সাবেকী বাড়ির কোণগুলিতে ছড়িয়েছি। হে সর্বতোভাবে লেকচারোন্মুখ বন্ধুগণ, তোমরা জান না, তোমরা কী হারাইতেছ! সমকালীনরা সাক্ষী দেবেন, বর্তমান সম্পাদক খেলাধুলা থেকে ছাত্র-রাজনীতি পর্যন্ত কিছুই বাদ রাখে নি।

আমরা এ-পাড়ায় এসেছিলাম ১৯৭৪ সালে—তখন বড় অন্ধকার সময়। কিশোরসুলভ হৈ-হট্টগোলের ফাঁক দিয়েও ভাসা-ভাসা এসে পৌঁছত অন্যায় বাক্যরোধ, বিকৃত অত্যাচারের খবর। 'গণতন্ত্র' শব্দটা তখনও খুব কুয়াশাচ্ছন্ন—'মহত্ত্ব' সম্বন্ধে ধারণা বইয়ের পাতায় সীমাবদ্ধ।

ক্রমে টেবিল-বাজানো দলবলের বাইরে অন্যলোকের পরিচয় পাই। তারা 'রাজনীতি করে'। দাদারা বোঝান (দাদারাও রাজনীতিবিদ) যে ওরা খারাপ, ওরা সমাজ-বিরোধী, আমরা তাই ওদের কলেজে ঢুকতে দিই না। অতঃপর দাদারা টেবিল বাজান।

এভাবেই কাছে আসে, প্রতিকূলতার মধ্যে, আরো লোকজন, যাদের সংস্পর্শে জানা যায় যে কলেজ মানে শুধু ক্লাসরুম নয়, শুধু আনন্দ-উৎসবও নয়—কলেজ মানে, আর পাঁচটা সামাজিক প্রতিষ্ঠানের মত, অনেক দ্বন্দ্ব, অনেক অন্যায়, এবং তার প্রতিবাদ প্রতিরোধ। কলেজ মানে প্রতিবাদের পক্ষে দাঁড়িয়ে সংগ্রাম, অথবা অন্যায়ের সঙ্গে লীন হয়ে নিম্নমুখী পদক্ষেপ, অথবা নিরপেক্ষ দর্শক হয়ে ক্লীবতাকে মেনে নেওয়া। সংবাদ-পত্রে চিঠি লিখে যে মূল্যবোধগুলির প্রবল জয়ধ্বনি করি, কলেজ মানে, সেই মূল্যবোধের কষ্টিপাথরে সততাকে যাচাই করে নেওয়া—এবং কিছু সৌভাগ্যবানের ক্ষেত্রে, মহত্ত্বের সঙ্গে সাক্ষাৎ পরিচয়।

সেই অন্ধকার দিনগুলিতে, যখন সন্ধ্যার পর কলেজে মদের আড্ডা, প্রহার-নির্যাতনে 'গণতন্ত্র' নামক ঘটনাটির নাভিশ্বাস উঠছে, তখন আমাদের সাহস ও উৎসাহের মূল উৎস যে ছেলেটি, তার নাম তপন চক্রবর্তী। মারের ভয়ে প্রতিবাদের কণ্ঠ যখন প্রায় রুদ্ধ, তখন তপন ও আরো কয়েকজনকে আমরা দেখেছি, পোর্টি-কোতে মাথা উঁচু করে দাঁড়াতে। এবং নিজেদের অক্ষমতার জন্য লজ্জা পেয়েছি। ১৯৭৭ অবাধ প্রবল অন্যায়ের যুগেও যে এ চত্বরে সুস্থ-সৎ রাজনীতির ধারা বিলুপ্ত হয় নি, তার কারণ এ ধরনের কিছু সৎ মানুষের ভীড়। আর, সে ধারা বিলুপ্ত হয় নি বলেই তো আজ, ১৯৭৯ সালে, প্রেসিডেন্সি কলেজের মাঠে, পোর্টিকোতে, ক্লাসরুমে এমন নির্ভয়ে, নিঃসঙ্কোচে কথা বলা যায়, সেমিনার করা চলে, সুস্থ সাংস্কৃতিক অনুষ্ঠান ও নাটক সম্ভব হয়।

শেষ বেলায়, বিদায়ের সময় চোখের পাতা ভারী হয়। কিন্তু তার সঙ্গে আনন্দ থাকে, কৃতজ্ঞতা থাকে। এবং ভবিষ্যতে বিশ্বাস থাকে, কারণ সৎ, মহৎ মানুষ তো আজও সম্ভব।

গৌতম বসু॥ মার্চ ১৯৭৯

The Story of a Street

TAPATI GUHA THAKURTA

The casual spectator is mesmerised by the mere din of an incongruous variety of traffic, by the sheer weight of humanity flooding the narrow pavements and cobbled tram-tracks. Often, the eye even fails to escape the distracting barrier of pavement-stalls to the decrepit structures towering beyond. The Medical College with its row of sombre buildings and constant buzz of activity cannot but arrest the eye. But behind the seemingly impenetrable maze of roof-tops also loom in quiet anonymity the much-slandered walls of Calcutta University, the time-weary ones of Hindu School, Hare School and Presidency College. Life from the streets flow in and out of these premises. Yet above the hammering beat of the present, time seems to stand as inert as the ancient clock high up in the college wall, langouring still in the yellowed folds of tradition. And within the whirlwind of noise and activity, an indefatigable spirit effervesces with a character all its own.

This is College Street, apparently indistinguishable from the numerous others spreading around the dingy, emaciated countenance of North Calcutta. Given the chance, each of these would have a fascinating story up its sleeve. But in College Street the story inevitably transcends its surroundings into the wider firmament of a heritage that survives all the squalor with amazing tenacity. It is a heritage most intimately of Bengal—of a dying people struggling under the self-imposed burden of respectability, trying to beat the sordid stench of existence by the brittle fragrance of culture. So even from the dark depths of humble homes there pulsates the rhythm of the *tabla*, the rippling notes of the *sitar*. In a congested room a group of aspiring artists diligently attend evening classes, oblivious of the nerve-racking din without. And amidst the usual modest rows of clothes stalls, stationery and food stores, persists the subtle luxury of book shops—the most distinctive trade-mark of College Street.

